

শিকাগোসহ ৩ সিটিতে ন্যাশনাল গার্ড মোতায়েনের স্থগিত

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: শিকাগো, লস অ্যাঞ্জেলেস ও ওরেগনের পোর্টল্যান্ডে ন্যাশনাল গার্ড মোতায়েনের উদ্যোগ আপাতত স্থগিত করছেন প্রেসিডেন্ট ১০-এর পৃষ্ঠায় দেখুন

তীব্র প্রতিক্রিয়া নিউইয়র্কের জনপ্রতিনিধিদের

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে আটক ও নিউইয়র্কে বিচার করার ঘোষণার পর স্থানীয় রাজনীতি ও আইনপ্রণেতাদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। নিউইয়র্কের আদালতে তাঁদের বিরুদ্ধে নার্কো-সন্ত্রাসী ষড়যন্ত্র, মাদক পাচার এবং অস্ত্র-সংক্রান্ত গুরুতর অভিযোগ আনা হয়েছে। মাদুরোকে আগামী সপ্তাহে আদালতে হাজির করার পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছে সিবিএস।

নিউইয়র্কের গভর্নর ক্যাথি হকুল জানিয়েছেন, স্টেট পুলিশ ও অন্যান্য আইনশৃঙ্খলা সংস্থাগুলো পরিস্থিতি মনিটর ১২-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 15 / January 05, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ১৫ ‖ সোমবার, জানুয়ারি ০৫, ২০২৬, পৌষ ২১, ১৪৩২ ‖ রজব ১৫, ১৪৪৭

ভেনেজুয়েলায় যুক্তরাষ্ট্রের 'অপারেশন অ্যাবসোলিউট রিজলভ'

স্ত্রীসহ মাদুরোকে আটক: বিচার নিউইয়র্কে

- আপাতত ভেনেজুয়েলার শাসনভার পরিচালনা করবে যুক্তরাষ্ট্র: ঘোষণা ট্রাম্পের
- কয়েক ঘণ্টার সামরিক অভিযানে দেড় শতাধিক বিমান ব্যবহার
- নিকোলাস মাদুরোকে রাখা হয়েছে ব্রুকলিনের কুখ্যাত কারাগারে

বাংলা পত্রিকা রিপোর্ট: মাসের পর মাস সামরিক চাপ, গোয়েন্দা তৎপরতা এবং সীমান্তবর্তী নৌ অভিযান পরিচালনার পর অবশেষে যুক্তরাষ্ট্র ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে আটক করেছে। মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই যুক্তরাষ্ট্রের সামরিক অভিযানের মাধ্যমে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে ক্ষমতাচ্যুত করে স্ত্রীসহ আটক করা হয়েছে। শনিবার সন্ধ্যায় বিমানে নিউইয়র্কে আনা হয়েছে মাদুরো ও তাঁর স্ত্রী সিলিয়া ফ্লোরেস। তাঁদের বিরুদ্ধে নার্কো-সন্ত্রাসী ষড়যন্ত্র, মাদক পাচার এবং অস্ত্র-সংক্রান্ত গুরুতর অভিযোগ আনা হয়েছে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা করেছেন, আপাতত ভেনেজুয়েলার শাসনভার পরিচালনা করবে যুক্তরাষ্ট্র। ডোনাল্ড ট্রাম্পের নির্দেশে গভীর রাতে কারাকাসে প্রবেশ করে যুক্তরাষ্ট্রের বিশেষ বাহিনী মাদুরোকে আটক করে যুক্তরাষ্ট্রে নিয়ে আসে, যেখানে তাঁকে বিচার করার প্রস্তুতি নেওয়া হয়েছে।

এদিকে যুক্তরাষ্ট্র সামরিক বাহিনীর হাতে আটক ভেনিজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো ও তাঁর স্ত্রী সিলিয়া ফ্লোরেসকে নিউইয়র্কে আনা হয়েছে। শনিবার সন্ধ্যায় নিকোলাস মাদুরো ও তাঁর স্ত্রী সিলিয়া ফ্লোরেসকে বহনকারী একটি বিমানটি নিউইয়র্ক সিটি থেকে প্রায় ৭০ কিলোমিটার ৬-এর পৃষ্ঠায় দেখুন

অশ্রুজলের শ্রদ্ধায় শেষ বিদায় খালেদা জিয়ার



আপসহীন রাজনীতির এক বর্ণাঢ্য জীবনের অবসান

বিশেষ প্রতিবেদন: খালেদা জিয়া, রাজনীতিতে তিনি ছিলেন দৃপ্ত, আপসহীন ও নির্ভীক, সেই রাজনীতিকের বিদায়ে বাংলাদেশ আজ স্তব্ধ। রাজপথের গর্জন, সংসদের তীক্ষ্ণ রাজনৈতিক ভাষা আর ক্ষমতা বা রাজনৈতিক দীর্ঘ সংগ্রামের এক পথিকৃৎ ছিলেন তিনি। একটি দীর্ঘ রাজনৈতিক অধ্যায়ের ইতি টেনে চিরনিদ্রায় শায়িত হলেন সাবেক প্রধানমন্ত্রী, বিএনপি চেয়ারপারসন ও বিরোধী রাজনীতির প্রতীক বেগম খালেদা জিয়া। অশ্রুসিক্ত চোখ, ভারী হৃদয় আর রাষ্ট্রীয় ৫-এর পৃষ্ঠায় দেখুন



যুক্তরাষ্ট্রে 'পর্যুদস্ত' অভিবাসীরা

নিউইয়র্ক টাইমস: ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদের এক বছর পূর্তির আগেই যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতিতে কঠোর নীতি ও অনথি ভুক্তদে ব্যাপক ধরপাকড় অনেকটাই 'পর্যুদস্ত' অভিবাসীরা। টেক্সাস ও নিউ মেক্সিকোর সীমান্ত মরুভূমি থেকে শুরু করে শিকাগো, লস অ্যাঞ্জেলেস ও নিউইয়র্কের ব্যস্ত এলাকা সর্বত্রই বদলে গেছে পরিচিত আমেরিকার চেহারা। দ্য নিউইয়র্ক টাইমসের এক বছরের অনুসন্ধানী প্রতিবেদনে উঠে এসেছে সেই রূপান্তরের দৃশ্য, যেখানে কড়া অভিযান, ব্যাপক আটক ও নির্বাসনের মধ্য দিয়ে গড়ে উঠছে এক ভিন্ন বাস্তবতা।

মাত্র ১১ মাসে প্রায় পাঁচ লাখ মানুষকে যুক্তরাষ্ট্র থেকে বের করে দেওয়া হয়েছে। অনেকের দৃষ্টিতে বহুদিনের বকেয়া আইনপ্রয়োগ, আর সমালোচকদের ভাষায় নির্মম ও অমানবিক। এই নির্বাসন অভিযানে ভেঙে পড়েছে অনেক পরিবার, স্তব্ধ হয়ে গেছে বহু অভিবাসী পাড়া। ব্রুকলিনের এক রাস্তায় ভুল পরিচয়ে এক গুয়াতেমালান অভিবাসীকে তুলে ১০-এর পৃষ্ঠায় দেখুন

অ্যাসইলাম আবেদন সাময়িক স্থগিত

বাংলা পত্রিকা ডেস্ক: জাতীয় নিরাপত্তা কারণ দেখিয়ে যুক্তরাষ্ট্রে আশ্রয় ও অভিবাসন আবেদন প্রক্রিয়ায় বড় ধরনের স্থবিরতা জারি করল ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস)। নতুন এক নীতিগত স্মারকে সংস্থাটি জানিয়েছে, অবিলম্বে সব মুলতবি আশ্রয় আবেদন স্থগিত রাখা হবে এবং 'উচ্চঝুঁকিপূর্ণ' হিসেবে চিহ্নিত দেশগুলোর নাগরিকদের দাখিল করা সব ধরনের অভিবাসন ১০-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE

Shamsher Ali
President & CEO

29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

ভেনেজুয়েলার পর কি গ্রিনল্যান্ড ও কিউবা?

ট্রাম্প প্রশাসনের মন্তব্যে উদ্বেগ

বাংলা পত্রিকা ডেস্ক: ভেনেজুয়েলায় নিকোলাস মাদুরোকে ক্ষমতাচ্যুত ও আটক করে নিউইয়র্কে নিয়ে আসা হয় যুক্তরাষ্ট্রের সামরিক অভিযানে। এর এক দিন পর, রোববার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আবারও গ্রিনল্যান্ডকে যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণে আনার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, নিরাপত্তার স্বার্থে যুক্তরাষ্ট্রকে এই গুরুত্বপূর্ণ আর্কটিক দ্বীপটি নিজের হাতে রাখা জরুরি। একই সময়ে, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও কিউবার সরকারকে "গুরুতর সমস্যায়" থাকা দেশ হিসেবে উল্লেখ ১০-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট

- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮

Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন



- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

নিউইয়র্ক সিটি বাস-সাবওয়েতে ভাড়া বৃদ্ধি

বাংলা পত্রিকা রিপোর্ট: নতুন বছরের শুরুতেই নিউইয়র্ক সিটির বাস ও সাবওয়েতে ভাড়া বৃদ্ধি করেছে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির (এমটিএ)। এছাড়ার বেশ কিছু নতুন কাঠামো যুক্ত ও পুনসংস্কার করা হয়েছে রোববার থেকে সাবওয়ে, স্থানীয় ও এক্সপ্রেস বাস, লং আইল্যান্ড রেল রোড (খওজজ) এবং মেট্রো-নর্থ সব ক্ষেত্রেই বাড়ছে ভাড়া। পাশাপাশি সেতু ও টানেলের টোলও বৃদ্ধি পাচ্ছে।

এমটিএ বোর্ড গত সেপ্টেম্বর ২০২৫ সালে ১১-০ ভোটে এই ভাড়া বৃদ্ধির পরিকল্পনা অনুমোদন করে, যদিও অধিকাংশ পরিবর্তন নতুন বছরের সঙ্গে সামঞ্জস্য রেখে জানুয়ারি থেকেই কার্যকর করা হচ্ছে। এর মূল কারণ হিসেবে তুলে ধরা হয়েছে 'ট্যাপ-অ্যান্ড-রাইড' বা ওমনি প্রযুক্তির পূর্ণাঙ্গ বাস্তবায়ন।

নতুন ভাড়া অনুযায়ী, সাবওয়ে, স্থানীয় বাস ও অ্যাকসেস-এ-রাইডে এক যাত্রার ভাড়া ১০ সেন্ট বেড়ে ২ ডলার ৯০ সেন্ট থেকে ৩ ডলারে উন্নীত হচ্ছে। রিডিউসড ফেয়ার বাড়ছে ১ ডলার ৪৫ সেন্ট থেকে ১ ডলার ৫০ সেন্টে। এক্সপ্রেস বাসের ভাড়া ৭ ডলার থেকে বেড়ে হচ্ছে ৭ ডলার ২৫ সেন্ট।

একই সঙ্গে নীতিগত বেশ কিছু বড় পরিবর্তনও আসছে। সাত দিনের ফেয়ার-ক্যাপিং ব্যবস্থা স্থায়ী করা হচ্ছে, ফলে সাবওয়ে ও স্থানীয় বাসে এক সপ্তাহে সর্বোচ্চ ৩৫ ডলারের বেশি খরচ হবে না। রিডিউসড ফেয়ারের ক্ষেত্রে এই সীমা ১৭ ডলার ৫০ সেন্ট। এর ফলে প্রিপেইড মেট্রোকার্ডের ৭ দিনের, ৩০ দিনের ও আনলিমিটেড পাস ধীরে ধীরে বাতিল হয়ে যাচ্ছে।

এক্সপ্রেস বাসেও চালু হচ্ছে সাপ্তাহিক ফেয়ার-ক্যাপিং। এই ব্যবস্থায় এক সপ্তাহে এক্সপ্রেস বাস, স্থানীয় বাস ও সাবওয়ে মিলিয়ে সর্বোচ্চ খরচ হবে ৬৭ ডলার।

মেট্রোকার্ডের যুগ শেষ। ৩১ ডিসেম্বরের পর আর নতুন মেট্রোকার্ড কেনা বা রিফিল করা যাচ্ছে না। সাবওয়ে ও বাসে ভাড়া পরিশোধের একমাত্র উপায় এখন ট্যাপ-অ্যান্ড-রাইড। ২০২৬ সালের মধ্যে বাসে কয়েন ব্যবস্থাও তুলে নেওয়া হবে।

এদিকে কমিউটার রেলের ক্ষেত্রেও বাড়ছে ভাড়া। এলআইআরআর ও মেট্রো-নর্থে মাসিক, সাপ্তাহিক ও পিক আওয়ারের টিকিটে গড়ে সর্বোচ্চ ৪.৫ শতাংশ পর্যন্ত ভাড়া বৃদ্ধি কার্যকর হচ্ছে। তবে মেট্রো-নর্থের পোর্ট জার্ভিস ও পাচ্যাক ভ্যালি লাইনে ভাড়া বাড়ছে না। মাসিক টিকিটের সর্বোচ্চ মূল্য ৫০০ ডলারের মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছে।

রেল যাত্রীদের জন্য কিছু স্বস্তির খবরও রয়েছে। সিনিয়র, প্রতিবন্ধী ও মেডিকেয়ারভুক্ত যাত্রীদের জন্য রিডিউসড ফেয়ার টিকিট এখন ২৪ ঘন্টাই বৈধ থাকবে, এমনকি সকালের পিক আওয়ারেও। পরিবার নিয়ে ভ্রমণের ক্ষেত্রে 'ফ্যামিলি ফেয়ার'-এ বয়সসীমা বাড়িয়ে ১৭ করা হয়েছে। ৫ থেকে ১৭ বছর বয়সী শিশুরা একজন পূর্ণ ভাড়ার যাত্রীর সঙ্গে মাত্র ১ ডলারে ভ্রমণ করতে পারবে।

এছাড়া, একমুখী টিকিট কেনার পর পরদিন ভোর ৪টা পর্যন্ত বৈধ থাকবে এবং নতুন 'ডে পাস' চালু হচ্ছে, যা সারা দিনের জন্য আনলিমিটেড যাত্রার সুযোগ দেবে।

নির্বাচনে ১০৭ নারী, সম্পদ ও আয়ে শীর্ষে বিএনপির রিতা

বিএনপির নারী প্রার্থী ১০ জন, এনসিপির ৩, জামায়াত ০

বাংলা পত্রিকা ডেস্ক: জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়া দুই হাজার ৫৬৯ প্রার্থীর মধ্যে নারী ১০৭ জন। মোট প্রার্থীর মাত্র ৪ দশমিক ২৬ শতাংশ নারী। ১০৭ জনের মধ্যে দলীয় প্রার্থী ৬৭ জন। অন্যরা স্বতন্ত্র। বিএনপি সর্বোচ্চ ১১ নারীকে মনোনয়ন দিয়েছিল। দলটির চেয়ারপারসন খালেদা জিয়ার মৃত্যুতে এই সংখ্যা কমে হয়েছে ১০। জামায়াতে ইসলামী, ইসলামী আন্দোলনসহ ধর্মভিত্তিক দলগুলো একজনও নারী প্রার্থী দেয়নি। এই দলগুলোর নির্বাচনী সঙ্গী এনসিপির ৪৪ প্রার্থীর তিনজন নারী।



নারী প্রার্থীদের মধ্যে সবচেয়ে সম্পদশালী মানিকগঞ্জ-৩ আসনে বিএনপির মনোনীত আফরোজা খানম রিতা। তাঁর বার্ষিক আয় এক কোটি ৬০ লাখ ৯৮ হাজার ৬৩৮ টাকা। অস্থাবর সম্পদের বাজারমূল্য ৮৫ কোটি ৭২ লাখ ১৪ হাজার ৫৯৮ টাকা। স্বর্ণ আছে ১৬৪ ভরি। স্থাবর সম্পদ রয়েছে ১১ কোটি ৩৮ লাখ ৩১ হাজার টাকার।

আয়ে তাঁর পরই রয়েছেন বিএনপির সাবেক এমপি রুমিন ফারহানা। দলীয় মনোনয়ন না পেয়ে তিনি ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে স্বতন্ত্র প্রার্থী হওয়ায় বিএনপি থেকে বহিষ্কার হয়েছেন। তাঁর বার্ষিক আয় ৯৮ লাখ টাকার বেশি।

ঢাকা-৯ আসনে স্বতন্ত্র প্রার্থী হয়েছেন জামায়াতের সঙ্গে জোটের কারণে এনসিপি থেকে পদত্যাগ করা ডা. তাসনিম জারা। তাঁর প্রায় ২০ লাখ টাকার সম্পদ রয়েছে। বার্ষিক আয় সাত লাখ টাকার বেশি।

কথা রাখেনি দলগুলো

রাজনৈতিক দলগুলোর স্বাক্ষর করা জুলাই সনদে প্রস্তাবে বলা হয়েছে, এবারের সংসদ নির্বাচনে অন্তত ৫ শতাংশ আসনে নারীদের মনোনয়ন দেওয়া হবে। সংবিধান সংস্কার না হওয়ায়, এবারের জন্য বিধানটি থাকবে 'জেন্টলম্যান এগ্রিমেন্ট' হিসেবে। সব দল তা মেনে চলার প্রতিশ্রুতি দিয়েছিল। পরের সংসদে নির্বাচনে ১০ শতাংশ আসনে নারী প্রার্থী দেবে দলগুলো। সংসদে ৩৩ শতাংশ প্রতিনিধিত্ব নিশ্চিত না হওয়া পর্যন্ত প্রতি নির্বাচনে নারীদের মনোনয়ন ৫ শতাংশ করে বৃদ্ধি করা হবে। তবে কোনো দলই 'জেন্টলম্যান এগ্রিমেন্ট' রক্ষা করেনি।

বিএনপির দলীয় ২৯২ প্রার্থীর মধ্যে ১০ জন নারী, তা ৩ দশমিক ৪২ শতাংশ। ধানের শীষের নারী প্রার্থীরা হলেন– নাটোর-১ ফারজানা শারমিন, যশোর-২ মোছা. সাবিরা সুলতানা, ঝালকাঠি-২ ইসরাত সুলতানা ইলেন ভুট্টু, শেরপুর-১ সানসিলা জেবরিন, মানিকগঞ্জ-৩ আফরোজা খান রিতা, ঢাকা-১৪ সানজিদা ইসলাম তুলি, ফরিদপুর-২ শামা ওবায়েদ, সিলেট-২ মোছা. তাহসিনা রুশদীর, ফরিদপুর-৩ নায়াব ইউসুফ কামাল এবং মাদারীপুর-১ আসনে নাদিরা মিঠু।

ঐকমত্য কমিশনের সংলাপে এনসিপির প্রস্তাব ছিল অন্তত ১০ শতাংশ নারী প্রার্থী দিতে হবে। তবে দলটির ৩-এর পৃষ্ঠায় দেখুন

শীর্ষ নেতাদের মাসিক আয় এক লাখ টাকার নিচে

বাংলা পত্রিকা ডেস্ক: নির্বাচনে অংশ নেওয়া উল্লেখযোগ্য পাঁচটি রাজনৈতিক দলের ১০ শীর্ষ নেতার মধ্যে সাতজনেরই মাসে আয় লাখ টাকার কম। সবচেয়ে কম আয় জামায়াত আমির ডা. শফিকুর রহমানের। তাঁর বার্ষিক আয় ৩ লাখ ৬০ হাজার টাকা। এরপরেই রয়েছেন জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান জি এম কাদের, যাঁর আয় বছরে ৪ লাখ টাকা। তাদের চেয়ে আয়ে কিছুটা এগিয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তাঁর বার্ষিক আয় ৬ লাখ ৭৬ হাজার টাকা; যা মাসে ৫৬ হাজার টাকার সামান্য বেশি।

পাঁচটি দলের নেতাদের মধ্যে সবচেয়ে বেশি বার্ষিক আয় জাতীয় পার্টির (জাপা) মহাসচিব ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারির। তিনি বছরে ৩৩ লাখ টাকা আয় করেন। সম্পদে তিনি শীর্ষ নেতাদের মধ্যে ধনী। ৪ কোটি ৮৫ লাখ টাকা সম্পদের মালিক তিনি। ৪ কোটি ৫ লাখ টাকার সম্পদ নিয়ে এরপরেই রয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তবে তাঁর মাসিক আয় লাখ টাকার মতো। জাপা চেয়ারম্যান জি এম কাদেরের আয় বছরে ৪ লাখ টাকা।

এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম আয়ে দ্বিতীয়। পেশায় পরামর্শক এই নেতা বছরে ১৬ লাখ টাকা আয় করেন। ১৯০ ভরি স্বর্ণের মালিক ইসলামী আন্দোলনের জ্যেষ্ঠ নায়েবে আমির মুফতি সৈয়দ মুহাম্মদ ফয়জুল করীমের বার্ষিক আয় ১৪ লাখ ২৮ হাজার টাকা। জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারের মাসে আয় ৩৯ হাজার টাকা। এনসিপির সদস্য সচিব শিক্ষানবিশ আইনজীবী আখতার হোসেনের আয়ও তাঁর চেয়ে বেশি, বছরে ৫ লাখ ৫ হাজার টাকা।

পাঁচটি দলের শীর্ষ ১০ নেতার আটজন দামি গাড়ি এবং ঢাকায় বাড়ির মালিক হলেও, অর্জনকালীন মূল্য অনুযায়ী তাদের সবাই উচ্চমধ্যবিত্তের কাতারে পড়েন। তাদের পাঁচজনের পেশা ব্যবসা, দুইজন আইনজীবী, একজন করে রাজনীতিক, চিকিৎসক ও পরামর্শক। দুইজন বাদে সবাই উচ্চশিক্ষিত, ন্যূনতম স্নাতক। নির্বাচন কমিশনে দেওয়া হলফনামায় তারা নিজেরাই এসব তথ্য দিয়েছেন।



তারেক রহমান

ঢাকা-১৭ ও বগুড়া-৬ আসনের প্রার্থী তারেক রহমান এইচএসসি পাস। তাঁর বছরে পৌনে সাত লাখ টাকা আয় হয় শেয়ার, সঞ্চয়পত্র ও ব্যাংক আমানত থেকে। শেয়ার রয়েছে ৬৮ লাখ ৫০ হাজার টাকার। ব্যাংকে আমানত আছে এক লাখ ২০ হাজার টাকার। এফডিআর আছে ৯ লাখ ২৪ হাজার ৩০৭ টাকার। স্বর্ণালংকার (অর্জনকালীন সময়ে) আছে দুই হাজার ৯৫০ টাকার। হাতে নগদ টাকা আছে ৩১ লাখ ৫৪ হাজার ৪২৮ টাকা।

তারেক রহমানের স্থাবর সম্পত্তির মধ্যে রয়েছে অকৃষি জমি, ৩০৫ শতক। অর্জনকালীন দাম দেখানো হয়েছে ৩ লাখ ৪৫ হাজার টাকা। তাঁর স্ত্রী জোবাইদা রহমানের নামে আছে ১১১ দশমিক ২৫ শতক অকৃষি জমি এবং যৌথ মালিকানায় ৮০০ বর্গফুটের দোতলা ভবন। তারেক রহমান ২ দশমিক ৯ শতাংশ জমি উপহার হিসেবে পেয়েছেন। জোবাইদা রহমানের নগদ টাকা আছে ৬৬ লাখ ৫৪ হাজার ৭৪৭ টাকা। ব্যাংকে সঞ্চয় আছে ১৫ হাজার ২৬০ টাকা এবং এফডিআর আছে ৩৫ লাখ টাকার। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের নামে ৭৭টি মামলার মধ্যে ৫৪টিতে খালাস পেয়েছেন।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর

ঠাকুরগাঁও-১ আসনের প্রার্থী বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর হলফনামায় জানিয়েছেন, চার কোটি ছয় লাখ ৫৪ হাজার ৭১৫ টাকার সম্পদ রয়েছে তাঁর। পেশা ব্যবসা উল্লেখ করা এই নেতার বার্ষিক আয় ১১ লাখ ৮৩ হাজার ১৩৩ টাকা।

মির্জা ফখরুলের পাঁচ একর কৃষিজমি রয়েছে। যার অর্জনকালীন মূল্য ৬০ হাজার টাকা। তাঁর স্ত্রীর নামে রয়েছে ২৮৪ শতক জমি। দাম ৫১ লাখ ৪৮ হাজার টাকা। ঠাকুরগাঁওয়ে স্বামী-স্ত্রীর নামে রয়েছে ৩৯ লাখ ৭২ হাজার টাকার ১২ শতাংশ অকৃষি জমি। ঢাকার পূর্বাচলে ফখরুল ইসলামের পাঁচ কাঠা জমি রয়েছে, আনুমানিক দাম ৮৫ লাখ চার হাজার টাকা। ঢাকায় অবস্থিত এক হাজার ৯৫০ বর্গফুটের ফ্ল্যাটের মালিক তিনি। অর্জনকালীন দাম ২০ লাখ ৫০ হাজার টাকা।

মির্জা ফখরুলের নামে বিভিন্ন ব্যাংকে তিন লাখ ৮২ হাজার টাকা রয়েছে। তবে হাতে নগদ টাকা আছে সোয়া এক কোটি টাকা।

বিএনপি মহাসচিবের বিরুদ্ধে বিভিন্ন সময়ে মোট ৫০টি মামলা দায়ের হয়েছিল। তবে এর বেশির ভাগই আদালতের আদেশে স্থগিত, প্রত্যাহার বা চূড়ান্ত প্রতিবেদন (এফআরটি) দাখিলের মাধ্যমে নিষ্পত্তি হয়েছে।

ডা. শফিকুর রহমান

ঢাকা-১৫ আসনের প্রার্থী জামায়াতের শফিকুর রহমানের শিক্ষাগত যোগ্যতা এমবিবিএস। পেশায় চিকিৎসক। ৩৪ মামলায় দুটি বাদে সবগুলোতে খালাস পেয়েছেন। তিনি দেড় কোটি টাকার সম্পদ দেখিয়েছেন। আয়কর দিয়েছেন ৩০ হাজার টাকা। স্থাবর সম্পদের মধ্যে কৃষিজমি আছে ২১৭ শতক, যার মূল্য ১৭ লাখ ৭১ হাজার টাকা। ১১ দশমিক ৭৭ শতক জমিতে ডুপ্লেক্স আবাসিক ভবন রয়েছে।

জামায়াত আমিরের হাতে নগদ আছে ৬০ লাখ ৭৬ হাজার ৪৯৭ টাকা। ব্যাংকে আছে চার লাখ ৯০ হাজার ২৬৩ টাকা। ৫০ ভরি অলংকার আছে এক লাখ টাকার। স্ত্রী আমেনা বেগম গৃহিণী, তাঁর কোনো অর্থ-সম্পদ নেই। তিন সন্তানের সবার আয় রয়েছে।

মিয়া গোলাম পরওয়ার

খুলনা-৫ আসনের প্রার্থী গোলাম পরওয়ার হিসাববিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রিধারী। তিনি নিজের পেশা দিয়েছেন ব্যবসা ও সাবেক শিক্ষক। ৪৮ মামলার অধিকাংশে তিনি খালাস বা অব্যাহতি পেয়েছেন।

হলফনামায় মিয়া গোলাম ১২-এর পৃষ্ঠায় দেখুন

ত্রয়োদশ সংসদ নির্বাচন

পাঁচ শতাধিক মনোনয়নপত্র বাতিল

- বাছাইয়ের দ্বিতীয় দিনে বাতিল হয়েছে ৪৩৩টি
- প্রথম দিন শুক্রবার বাতিল করা হয় শতাধিক প্রার্থিতা
- আনিসুল ইসলাম মাহমুদ, তাসনিম জারার প্রার্থিতা বাতিল
- ৩০ জনের স্থগিত, বাছাই শেষ রোববার

বাংলা পত্রিকা ডেস্ক: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থিতা বাতিল হয়েছে আরও ৪৩৩ জনের। মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের দ্বিতীয় দিনে শনিবার তাঁদের মনোনয়নপত্র বাতিল করা হয়। তাঁদের বেশির ভাগ স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। বাকিরা বিভিন্ন দলীয় ও দলের বিদ্রোহী প্রার্থী।

শনিবার মনোনয়নপত্র বাতিল হওয়া উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে এনডিএফ জোটের সভাপতি ও জাতীয় পার্টির একাংশের চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদ, ঢাকা-৯ আসনের স্বতন্ত্র প্রার্থী তাসনিম জারাও রয়েছেন। এ ছাড়া ৩০ জনের মনোনয়নপত্র স্থগিত করেছেন সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তা। মনোনয়নপত্র বাছাইয়ের প্রথম দিনে গত শুক্রবার শতাধিক প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করা হয়। এ নিয়ে দুই দিনে পাঁচ শতাধিক প্রার্থীর মনোনয়নপত্র বাতিল হলো। আজ রোববার মনোনয়নপত্র বাছাই শেষ হবে।

ত্রয়োদশ সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ৩০০ আসনে ২ হাজার ৫৬৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। তাঁদের মধ্যে স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দেন ৪৭৮ জন। মনোনয়নপত্র বাছাইয়ে যাঁরা বাদ পড়বেন, তাঁরা রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে ৫ থেকে ৯ জানুয়ারি পর্যন্ত নির্বাচন কমিশনে (ইসি) আপিল করতে পারবেন।

শনিবার চট্টগ্রাম-৫ আসনে জাতীয় গণতান্ত্রিক ফ্রন্টের (এনডিএফ) সভাপতি ও জাতীয় পার্টির একাংশের চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদসহ ৩ জনের মনোনয়নপত্র বাতিল করেন রিটার্নিং কর্মকর্তা। আনিসুলের হলফনামার সঙ্গে জমা দেওয়া দলীয় মনোনয়নপত্রের স্বাক্ষরের সঙ্গে ইসি থেকে পাঠানো দলীয় মনোনয়নপত্রের স্বাক্ষরের মিল না থাকায় তাঁর মনোনয়নপত্র বাতিল করা হয়। চট্টগ্রাম-৪ আসনে একজনের প্রার্থিতা বাতিল করা হয়।

ঢাকার ২০টি আসনে ৬৯ জনের মনোনয়নপত্র বাতিল করা হয়েছে। তাঁদের মধ্যে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকে সম্প্রতি পদত্যাগ করে ঢাকা-৯ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দেওয়া তাসনিম জারার প্রার্থিতা বাতিল করা হয়েছে। স্বতন্ত্র প্রার্থী হতে হলে ওই আসনের মোট ভোটারের ১ শতাংশের সম্মতি নিয়ে তাঁদের স্বাক্ষরসহ মনোনয়ন ফরমের সঙ্গে জমা দিতে হয়। তবে প্রস্তাবক ও সমর্থক হিসেবে তাসনিম জারা যাঁদের নাম দিয়েছেন, সেই ১০ জনের মধ্যে ৮ জন ঢাকা-৯ আসনের ভোটার। বাকি ২ জন ওই আসনের ভোটার না হওয়ায় নির্বাচনবিধি অনুযায়ী তাঁর মনোনয়নপত্র বাতিল করা হয়।

ময়মনসিংহে শনিবার আরও ১১ জনের মনোনয়নপত্র বাতিল হয়। তাঁদের মধ্যে মামলার তথ্য গোপন করায় ময়মনসিংহ-৭ আসনে বিএনপির প্রার্থী ডা. মো. মাহাবুবুর রহমান লিটনের মনোনয়নপত্র বাতিল করা হয়। মেহেরপুর-১ আসনে দলীয় মনোনয়ন না থাকায় বিএনপির তিনজন অ্যাডভোকেট কামরুল হাসান, আমিরুল ইসলাম ও রোমানা আহমেদের এবং আয়করের তথ্যে গরমিল থাকায় এনসিপির প্রার্থী ইঞ্জিনিয়ার সোহেল রানার মনোনয়নপত্র বাতিল হয়েছে।

মাগুরা-২ আসনে সাবেক যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার সাবেক এপিএস স্বতন্ত্র প্রার্থী মোয়াজ্জেম হোসেনসহ দুজনের প্রার্থিতা বাতিল হয়েছে। ১ শতাংশ ভোটারের স্বাক্ষর যাচাইয়ে একজন মৃতের স্বাক্ষর পাওয়ায় মোয়াজ্জেমের মনোনয়নপত্র এবং একই আসনে জাতীয় পার্টির প্রার্থী মশিয়ার রহমানের মনোনয়নপত্র বাতিল হয়েছে হলফনামা অসম্পূর্ণ থাকায়। মাগুরা-১ আসনেও দুজনের মনোনয়নপত্র বাতিল হয়েছে।

রাজশাহীর ছয়টি সংসদীয় আসনে ১৯ প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করা হয়েছে। তাঁদের মধ্যে নয়জন স্বতন্ত্র প্রার্থীর মধ্যে আটজনের মনোনয়নপত্র বাতিল হয়েছে ১ শতাংশ ভোটারের তালিকায় গরমিল থাকায়। ঋণখেলাপি হওয়ায় অপর এক স্বতন্ত্র প্রার্থীর মনোনয়নপত্র বাতিল হয়েছে।

লালমনিরহাটের তিনটি আসনে পাঁচজনের মনোনয়নপত্র বাতিল এবং দুজনের মনোনয়নপত্র ১২-এর পৃষ্ঠায় দেখুন

অনথিভুক্ত অভিবাসীদের মেডিকেইড ব্যক্তিগত তথ্য পাবে আইস

ফেডারেল বিচারকের রায়

বাংলা পত্রিকা রিপোর্ট: ট্রাম্প প্রশাসন অনথিভুক্ত অভিবাসীদের মেডিকেইড-সংক্রান্ত মৌলিক ব্যক্তিগত তথ্য ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস)-কে শেয়ার করতে পারবে। সোমবার ফেডারেল বিচারক ভিন্স চ্যাব্রিয়া এ রায় দেন। বিচারক ভিন্স জানান, প্রশাসন আগামী ৬ জানুয়ারি থেকে আইস-এর কাছে অনথিভুক্ত অভিবাসীদের মেডিকেইড ব্যক্তিগত তথ্য আদান প্রদান করতে পারবে।

এর আগে ট্রাম্প প্রশাসন বিশেষ করে ডেমোক্রেট অধ্যুষিত ব্লু স্টেট এর অনথিভুক্ত অভিবাসীদের মেডিকেইড-সংক্রান্ত ব্যক্তিগত তথ্য ইমিগ্রেশন কর্মকর্তাদের সাথে আদান প্রদান করার উদ্যোগ নেয়। কিন্তু ইমিগ্রেশন কর্তৃপক্ষের সাথে মেডিকেইড তথ্য শেয়ার প্রক্রিয়া ঠেকাতে ক্যালিফোর্নিয়ার অ্যাটর্নি জেনারেল রব বন্টা ও তার নেতৃত্বে ২১টি ব্লু স্টেট আদালতে মামলা করেন। তখন বিচারক ভিন্স ট্রাম্প প্রশাসনের সেই উদ্যোগের ওপর সাময়িক স্থগিতাদেশ দেন।

এই রায় ট্রাম্প প্রশাসনের গণ-নির্বাসন নীতির জন্য বড় ধরনের সাফল্য হিসেবে দেখা হচ্ছে। কারণ, গত কয়েক মাস ধরে 'নীল অঙ্গরাজ্যগুলো'র আইনি চ্যালেঞ্জের কারণে আইস এই তথ্য ব্যবহার করতে পারছিল না। সাত পৃষ্ঠার আদেশে বিচারক চ্যাব্রিয়া লিখেছেন, "এ ধরনের তথ্য ভাগাভাগির বিষয়টি আইন দ্বারা স্পষ্টভাবে অনুমোদিত এবং সংশ্লিষ্ট সংস্থাগুলো তাদের সিদ্ধান্তের যথাযথ ব্যাখ্যা দিয়েছে।

ফেডারেল মেডিকেইড কর্মসূচিতে অবৈধ অভিবাসীরা সরাসরি যোগ্য না হলেও ক্যালিফোর্নিয়া, ইলিনয়, কলোরাডো, নিউইয়র্ক, ওয়াশিংটন, ওরেগন, মিনেসোটা এবং ওয়াশিংটন ডিসিসহ একাধিক অঙ্গরাজ্য নিজস্ব অর্থায়নে অভিবাসন অবস্থান নির্বিশেষে কিছু স্বাস্থ্য সুবিধা দিয়ে থাকে। সেই প্রেক্ষাপটে বিচারকের আদেশে স্পষ্ট করা হয়েছে, কেবল ছয় ধরনের 'মৌলিক' তথ্য নাগরিকত্ব, অভিবাসন অবস্থা, ঠিকানা, ফোন নম্বর, জন্মতারিখ ও মেডিকেইড আইডি শেয়ার করা যাবে।

তবে এই অনুমতি সীমিত। আইস কেবল যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বসবাসকারীদের তথ্যই পাবে; অন্য অভিবাসীদের তথ্য এতে অন্তর্ভুক্ত নয়। পাশাপাশি ব্যক্তিগত চিকিৎসা নথি বা সংবেদনশীল স্বাস্থ্য তথ্য আদান-প্রদান এখনো নিষিদ্ধ থাকছে। প্রাথমিক নিষেধাজ্ঞা বহাল রেখে বিচারক বলেন, এমন তথ্য শেয়ারের পক্ষে প্রশাসন কোনো শক্ত যুক্তি দেখাতে পারেনি এবং তা স্বাস্থ্য গোপনীয়তা আইনের লঙ্ঘন হতে পারে।

আগস্টে বিচারক চ্যাব্রিয়া সাময়িকভাবে এই তথ্য শেয়ার বন্ধ করেছিলেন, তবে পরে নীতিমালা স্পষ্ট হলে তা পুনর্বিবেচনার সুযোগ রেখেছিলেন। নভেম্বর মাসে আইস ও এইচএইচএস নতুন করে নোটিস প্রকাশ করে জানায়, তারা কীভাবে মেডিকেইড তথ্য অভিবাসন মামলায় ব্যবহার করবে। তার পরই নিষেধাজ্ঞা আংশিক শিথিল করা হলো।

'দেশের চাবি আপনার হাতে' স্লোগানে গণভোটের প্রচারে সরকার



বাংলা পত্রিকা ডেস্ক: 'দেশের চাবি আপনার হাতে' স্লোগানে গণভোট নিয়ে জনসচেতনতামূলক কার্যক্রম শুরু করেছে অন্তর্বর্তী সরকার। গণভোটে 'হ্যাঁ' ভোট দিলে কী পাবেন আর 'না' ভোট দিলে কী পাবেন না– শিরোনামে একটি লিফলেট শুক্রবার পোস্ট করা হয়েছে প্রধান উপদেষ্টার কার্যালয়ের অফিশিয়াল ফেসবুক পেজে।

লিফলেটে 'আপনি কি এমন বাংলাদেশ চান যেখানে...'– এই জিজ্ঞাসার বিপরীতে রাখা হয়েছে ১১টি সংস্কারের কথা বলা হয়েছে। এগুলো হচ্ছে– তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন ও সরকারি কর্মকমিশন (পিএসসি) গঠনে সরকারি দল ও বিরোধী দল একত্রে কাজ করবে; সরকারি দল ইচ্ছেমতো সংবিধান সংশোধন করতে পারবে না; সংবিধানের গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে গণভোটের বিধান চালু হবে; বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার এবং গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিসমূহের সভাপতি নির্বাচিত হবে; যত মেয়াদই হোক, কেউ সর্বোচ্চ ১০ বছরের বেশি প্রধানমন্ত্রী থাকতে পারবেন না; সংসদে নারীর প্রতিনিধিত্ব বাড়বে; ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠার জন্য পার্লামেন্টে একটি উচ্চকক্ষ গঠিত হবে; দেশের বিচারব্যবস্থা স্বাধীনভাবে কাজ করবে; আপনার মৌলিক অধিকারের সংখ্যা (যেমন– অবাধে ইন্টারনেট সেবা প্রাপ্তির অধিকার) বাড়বে; দণ্ডপ্রাপ্ত অপরাধীকে রাষ্ট্রপতি ইচ্ছেমতো ক্ষমা করতে পারবেন না; রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার ভারসাম্য থাকবে। যেখানে বলা হয়েছে, 'হ্যাঁ' ভোট দিলে ওপরের সবকিছু পাবেন। 'না' ভোট দিলে কিছুই পাবেন না। মনে রাখবেন, পরিবর্তনের চাবি এবার আপনারই হাতে।

গণভোটের বিষয়ে প্রচারের জন্য প্রধান উপদেষ্টার কার্যালয়ের উদ্যোগে 'গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম' সেল খোলা হয়েছে। প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়কের দায়িত্ব দেওয়া হয়েছে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) অধ্যাপক আলী রীয়াজকে।

সেলের উদ্যোগে গণভোটের বিষয়বস্তু সম্পর্কে জনগণকে স্পষ্ট ধারণা দিতে নগর ও শহরাঞ্চলের জনবহুল জায়গাগুলোতে ডিজিটাল ও ম্যানুয়াল বিলবোর্ড স্থাপনের পরামর্শ দেওয়া হয়েছে গতকাল বৃহস্পতিবার। প্রধান উপদেষ্টার কার্যালয়ে দেশের সব সিটি করপোরেশন, পৌরসভার মেয়র, প্যানেল মেয়র ও প্রশাসকদের নিয়ে একটি পরামর্শ সভা অনুষ্ঠিত হয়। এতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এবং গাজীপুর ও নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের প্রশাসকেরা সশরীরে অংশ নেন এবং বাকিরা অংশ নেন অনলাইনে। মোট ১২টি সিটি করপোরেশন এবং ৩৩০টি পৌরসভার প্রশাসকেরা সভায় অংশগ্রহণ করেন।

সভায় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার বলেন, ঢাকা, চট্টগ্রামসহ বিভিন্ন মহানগরী ও গুরুত্বপূর্ণ পৌর শহরগুলোর প্রবেশপথসহ জনবহুল স্থানে ডিজিটাল ও স্থির বিলবোর্ডের মাধ্যমে গণভোটের বিষয়বস্তু প্রচার করতে হবে। স্থানীয় সরকারের বিস্তৃত নেটওয়ার্ক ব্যবহার করে ভোটারদের দোরগোড়ায় পৌঁছাতে হবে। এ ছাড়া মসজিদের ইমাম ও অন্য ধর্মের নেতৃবৃন্দের মাধ্যমে ভোটারদের কাছে গণভোটের বিষয়বস্তু স্পষ্ট করতে হবে।



The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

মাদুরোকে আটক ঘিরে বিশ্বজুড়ে উদ্বেগ: নতুন বছরের শুরুতেই যুদ্ধের আশঙ্কা

নতুন বছরের সূচনালগ্নে বিশ্ব যখন শান্তি ও স্থিতিশীলতার প্রত্যাশায়, তখন ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে আটক করা হয়েছে–এমন খবর ও জল্পনা আন্তর্জাতিক রাজনীতিতে নতুন করে উত্তেজনার সঞ্চার করেছে। লাতিন আমেরিকা থেকে শুরু করে ওয়াশিংটন, ব্রাসেলস ও মস্কো–সবখানেই কূটনৈতিক মহলে বাড়ছে উৎকণ্ঠা।

ভেনেজুয়েলা দীর্ঘদিন ধরেই রাজনৈতিক অস্থিরতা, অর্থনৈতিক সংকট ও আন্তর্জাতিক নিষেধাজ্ঞার ভার বহন করছে। এই প্রেক্ষাপটে মাদুরোকে আটক সংক্রান্ত খবর সত্য হলে তা কেবল একটি দেশের অভ্যন্তরীণ ঘটনা নয়; বরং তা গোটা অঞ্চলের ভূরাজনীতিতে বড় ধরনের প্রভাব ফেলতে পারে। বিশেষ করে যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের সঙ্গে রাশিয়া ও চীনের টানাপোড়েনের মধ্যে এমন ঘটনা নতুন সংঘাতের ইন্ধন জোগাতে পারে।

ইতিমধ্যেই কয়েকটি দেশ ভেনেজুয়েলার পরিস্থিতি নিয়ে জরুরি বৈঠকের আহ্বান জানিয়েছে। জাতিসংঘের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠছে। অতীত অভিজ্ঞতা বলছে, লাতিন আমেরিকায় রাজনৈতিক ক্ষমতার রদবদল প্রায়শই পরোক্ষ সামরিক হস্তক্ষেপ কিংবা অর্থনৈতিক চাপের মাধ্যমে ঘনীভূত হয়েছে। ফলে "আটক" সংক্রান্ত এই খবরে যুদ্ধের আশঙ্কা উড়িয়ে দেওয়া যাচ্ছে না।

তথ্যমতে, এই মুহূর্তে সবচেয়ে জরুরি হলো সংযম ও কূটনৈতিক স্বচ্ছতা। যাচাই না হওয়া তথ্য ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত প্রচারণা পরিস্থিতিকে আরও জটিল করে তুলতে পারে। আন্তর্জাতিক সম্প্রদায়ের দায়িত্ব হবে উত্তেজনা প্রশমনে কার্যকর ভূমিকা নেওয়া, কোনো পক্ষকে উসকে না দিয়ে সংলাপের পথ খোলা রাখা।

নতুন বছর যেন আরেকটি যুদ্ধের অধ্যায় দিয়ে শুরু না হয়, এটাই আজ বিশ্ববাসীর প্রত্যাশা। ভেনেজুয়েলার ভবিষ্যৎ নির্ধারিত হওয়া উচিত দেশটির জনগণের মাধ্যমে, বন্দুকের নল বা বৈদেশিক চাপে নয়।



আব্রাহাম লিংকন ও মার্টিন লুথার কিং-এর দেশে এক মাস





শেষ পৃষ্ঠায় পর

চুপচাপ। এমনকি বেটি মুরও। হয়তো এই ভাবনা কারো কারো মধ্যে সওয়ার হতে পারে যে, আমরা না এলে আমাদের জন্যে তৈরি করা খাবারগুলো নষ্ট হয়ে যেত। আমরা হয়তো একটা ভুল বার্তা দিয়ে যেতাম – এই ভদ্রলোককে এবং সর্বোপরি বেটি মুরকে। তিনি নিশ্চয়ই তাঁর অভ্যন্তরীণ নিজস্ব প্রতিবেদনে আজকের ঘটনার উপর আলোকপাত করবেন।

একদিন পরেই আমরা যাত্রা শুরু করলাম সাউথ ক্যারোলাইনে। আকাশপথে প্রায় একঘন্টার পথ। রাজধানী শহর কলাম্বিয়া আমাদের গন্তব্যস্থল। এক লাখের কিছু বেশি জনঅধ্যুষিত রাজধানী শহরে আমরা একটা কম ব্যস্ত এবং মাঝারি আকারের হোটেল বেছে নিলাম। এই রাজ্যে আমাদের সফরের মূল উদ্দেশ্য বস্ত্রশিল্প সম্পর্কে অবহিত হওয়া। কারণ বাংলাদেশের প্রধান রপ্তানিপণ্য এখন এই বস্ত্রশিল্পকেন্দ্রিক। দক্ষিণ ক্যারোলাইনা এক সময় বস্ত্রশিল্পের প্রধান পাদভূমি ছিল, কিন্তু কি করে তার বিনাশ বা পতন হল – জানার কৌতূহলও ছিল তীব্র।

সপ্তদশ বা অষ্টাদশ দশকের শুরুর দিকের কথা। দক্ষিণ ক্যারোলাইনা তখন সূতা আর বস্ত্র বুনন শিল্পের পদভূমি। এর প্রধান কারণ, এই রাজ্যে এন্তার কৃষিকাজের সুযোগ বিদ্যমান। তার সঙ্গে এই রাজ্যে সস্তায় এবং বলতে গেলে একরকম বিনামূল্যে শ্রমিকদের সহজ লভ্যতা। বিস্তীর্ণ মাঠ, ফসলি জমি। তুলার মতো ফসল ফলানো ছিল বেশ লাভজনক। তথাপি বেশকিছু বিষয় বস্ত্রশিল্পের উত্থানের পথে অন্তরায় হয়ে দাঁড়ায়। সে কারণে যুক্তরাষ্ট্রের দক্ষিণে এই শিল্পের বিকাশ ছিল দীর্ঘসময়ের ব্যাপার।

যুগ যুগ ধরে দৃষ্টান্ত হিসেবে বলা যায় ইংল্যান্ড এই শিল্পের স্বত্বাধিকারী ছিল। সে কারণে উত্তর আমেরিকার উপনিবেশসমূহ তাদের ফসল ইংল্যান্ডে পাঠাতে বাধ্য হতো। আর এই তুলা দিয়ে তখন সেখানে কাপড় তৈরি হতো। অবশেষে একদিন বস্ত্রশিল্পের প্রযুক্তি জ্ঞান যুক্তরাষ্ট্রের মূল ভূখণ্ডের বাসিন্দাদের করায়ত্ত হয়। তবে যুক্তরাষ্ট্রের এই নিউ ইংল্যান্ড উপনিবেশসমূহ তাদের প্রযুক্তিজ্ঞান দক্ষিণের বাসিন্দাদের কাছে গোপন করেই রাখে।

ইতিহাস সম্পর্কে জানেন এমন এক ব্যক্তিত্বের সাথে আমাদের সাক্ষাৎকারের ব্যবস্থা ছিল সফরের দ্বিতীয় দিনে সকাল ১০টায়। আমরাও বেশ আগ্রহ নিয়ে তাঁর কর্মস্থলে গিয়ে হাজির হলাম নির্দিষ্ট সময়ে। চারতলা ভবনের দ্বিতলায় বসার ঘর। শহরের প্রাণকেন্দ্রেই তাঁর অফিস। তাঁর সঙ্গে আলাপ করে বুঝলাম তিনি একরকম প্রস্তুতি নিয়েছিলেন আমাদের সঙ্গে বৈঠকের আগে। বাংলাদেশ, বাংলাদেশের বস্ত্রশিল্প তথা তৈরি পোশাক শিল্প নিয়ে বেশ পড়াশুনা করেছেন। যুক্তরাষ্ট্রই যে এখন একক দেশ হিসেবে আমাদের পোশাক পণ্যের প্রধান আমদানিকারক দেশ তা তিনি অবগত। বললেন, তাঁদের এই শিল্পের শুরুর দিকের কথা। দক্ষিণের শ্বেতাঙ্গরা বস্ত্রশিল্পকে বেছে নিলেন অর্থ উপার্জনের অন্যতম প্রধান অবলম্বন হিসেবে। আর এই দক্ষিণে তখনও দাসপ্রথা বিদ্যমান ছিল। তাদের সহজেই হাতের নাগালে পাওয়া যেত এবং কাজেও লাগানো যেত। ভদ্রলোক বললেন, তবে তখন খুব একটা বেশি মানুষ পাওয়া যেত না। কারণ নিজেরাই নিজেদের ছোট ছোট কারখানা পরিচালনা করতে পারতেন। এ রকম শিল্পোদ্যোক্তার সংখ্যা ছিল নগণ্য।

১৮০০ শতাব্দীর শুরুর দিকে অথবা সপ্তদশ শতাব্দীর শেষের দিকে ক্ষুদ্র মালিকরা ব্যক্তি মালিকানায় দক্ষিণ ক্যারোলাইনায় মিল-কারখানা প্রতিষ্ঠায় মনোযোগী হন। খ্যাতিমান শিল্পপতি উইলিয়াম গ্রেগ অবশ্য মানচিত্রে এই রাজ্যকে এবং সামগ্রিকভাবে গোটা দক্ষিণাঞ্চলকে বস্ত্রশিল্পের প্রস্তুতকারক হিসেবে তুলে ধরতে সক্ষম হন। তাঁকে দক্ষিণের তুলা চাষের জনক বলে স্বীকৃতিও দেয়া হয়। তিনি ছিলেন মূলত এই শিল্প বিকাশের কেন্দ্রবিন্দু।

গ্রেগ ১৮৪৪ সালে নিউ ইংল্যান্ডে যান। উদ্দেশ্য ছিল বস্ত্র কারখানার উপর গবেষণা করে তথ্য অনুসন্ধান করা এবং সেভাবে নিজেকে সমৃদ্ধ করা। এরপর তিনি দক্ষিণে ফিরে এসে ১৮৪৫ সালে গ্রানিটভিলে (এৎধহরঃবারষষব) কোম্পানি গঠন করেন। এই কারখানা যুক্তরাষ্ট্রের গৃহযুদ্ধ, প্রথম বিশ্বযুদ্ধ এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ও সচল ছিল। এই সময় যুক্তরাষ্ট্রে ভয়ানক অর্থনৈতিক মন্দার সৃষ্টি হয়। ১৯৮০-র দশকে এই কোম্পানির মালিকানা হাতবদল হয়ে এভনডেইল (আড়হফধষব) মিলের কাছে চলে যায়। এবং তারা ১৯৯০ দশক অবধি এটি পরিচালনা করেন।

এছাড়া অন্যান্য বৃহদাকারের বস্ত্র কারখানা গোটা দক্ষিণে বিশেষ করে দক্ষিণ ক্যারোলাইনার উপকূলীয় অঞ্চলে পরিচালিত হতো। ১৯৪৮ সালের দিকে সারাদেশে প্রায় ১৩ লাখ লোক এই শিল্পে কর্মরত ছিল।

পৃথিবীর বিভিন্ন দেশে সস্তায় শ্রমিকদের প্রাপ্যতা, প্রযুক্তি, স্বয়ংক্রিয় যন্ত্রপাতি, বিভিন্ন আন্তর্জাতিক বাণিজ্য চুক্তি এবং অন্যান্য কারণে দক্ষিণ ক্যারোলাইনে বস্ত্রশিল্পের পতন অবশ্যম্ভাবী হয়ে ওঠে। এর সঙ্গে যোগ হয় এই শিল্পের আধুনিকায়ন, শ্রমিকদের বেতন ও মজুরি ইস্যু, শিক্ষা বা অর্থনীতির বহুমুখীকরণ। ১৯৭০ থেকে ২০০০ সাল পর্যন্ত এই পতন অব্যাহত থাকে।

তিনদিনের সংক্ষিপ্ত সফর আমাদের শেষ হয়ে যায়। প্রাকৃতিক শোভামণ্ডিত দক্ষিণ ক্যারোলাইন ছেড়ে আসার সময় কেন যেন মনের গভীর থেকে একটা বেদনা উত্থিত হয়ে ওঠে এবং প্রবল থেকে প্রবলতর হতে থাকে। চারদিকটা কত সবুজ। ঘন। জনবসতির চাপ কম। বিশাল বিশাল সড়ক কোথায় যেন সুদূরে মিলিয়ে গেছে। হতে পারে আমাকে এই ভাবনা উদ্বেলিত করে যে, আমার এই সংক্ষিপ্ত এবং পূর্বনির্ধারিত জীবনে দ্বিতীয়বার এখানে আর আসা হবে না।

এরপর আমাদের যাত্রা নেবরাসকা রাজ্যে। আবার সেই বিমানপথের যাত্রী। বিমানবন্দরের ঝক্কিতে আমরা সবাই বিরক্ত। ভ্রমণের আনন্দ আর আনন্দ থাকে না। বাদামি রঙের মানুষ বলে খুঁটিয়ে খুঁটিয়ে দেখা। রাষ্ট্রীয় অতিথি আমরা – কিন্তু জাতীয় নিরাপত্তার নিরিখে এর কোন গুরুত্ব নেই।

যুক্তরাষ্ট্রের দক্ষিণ-পূর্ব অংশে অবস্থিত নেবরাসকা রাজ্য। আমাদের গন্তব্য এই রাজ্যের রাজধানী লিংকন। আব্রাহাম লিংকনের নামানুসারে রাজধানীর নাম। বিভিন্ন আদিবাসী এবং উপজাতির বাস এই রাজ্যে। রাজ্যের সবচেয়ে বড় শহর ওমাহা। লিংকন রাজধানী হলেও আয়তন এবং জনবসতির নিরিখে এটি দ্বিতীয় বৃহত্তম শহর। প্রদেশটির আয়তন ৭৭ হাজার ২২০ বর্গমাইল। নেবরাসকা যুক্তরাষ্ট্রে গৃহযুদ্ধের দুই বছর পর ১৮৬৭ সালে যুক্তরাষ্ট্রের সঙ্গে যুক্ত হয়। রাজ্যে রয়েছে পাহাড়-পর্বত আর সমতল ভূমির অপূর্ব সমাহার।

নেবরাসকা বহুলাংশে কৃষি অর্থনীতির উপর নির্ভরশীল। এই রাজ্য যুক্তরাষ্ট্রের মধ্যে কৃষি অর্থনীতির ক্ষেত্রে চতুর্থ স্থানে অবস্থিত। কৃষিজ পণ্য উৎপাদনের ক্ষেত্রে নেবরাসকার অবস্থান চতুর্থ। অপর তিনটি প্রধান রাজ্য হচ্ছে ক্যালিফোর্নিয়া, টেক্সাস এবং আইওয়া। কৃষি অর্থনীতিনির্ভর নেবরাসকা রাজস্ব আয়ের বিবেচনায় একটি গুরুত্বপূর্ণ অংশজুড়ে রয়েছে মার্কিন অর্থনীতিতে। রাজ্যের প্রধান কৃষিপণ্য হচ্ছে গবাদিপশু, নানা রকম শস্যদানা, সয়াবিন এবং গম। ভূ-প্রকৃতির বৈশিষ্ট্যের জন্য এই রাজ্যে কৃষিপণ্য উৎপাদনের ক্ষেত্রে এগিয়ে রয়েছে। গোটা যুক্তরাষ্ট্রের মধ্যে সয়াবিন, গম এবং ভোজ্য তেলের বীজ উৎপাদনে অগ্রগণ্য। গবাদিপশু এবং হাঁস-মুরগির খামারও এই রাজ্যে উল্লেখ করার মতো। তাই গোটা যুক্তরাষ্ট্রে মাংস এবং ডিম সরবরাহের ক্ষেত্রে দেশটির অন্যান্য অংশ এই রাজ্যের উপর নির্ভরশীল।

নেবরাসকায় প্রাকৃতিক কারণে পর্যাপ্ত পানির সরবরাহ রয়েছে। ভূমিতলের এই পানি সুপেয় এবং সেচের জন্যে ব্যবহার করা হয়। তবে স্থানীয় বাসিন্দারা পানি ব্যবহারের ক্ষেত্রে যথেষ্ট হিসেবী এবং মিতব্যয়ী। এর প্রমাণ পেলাম আমরা যে হোটেলে উঠেছিলাম সেখানকার লোকদের আচরণে। মাত্র একবার ব্যবহার করা যায় এ রকম বাসন-কোসন ব্যবহার করা হয় এই হোটেলে – যাতে পানির কোন অপচয় না হয়। আহারের পর এসব বাসন-কোসন পুনর্ব্যবহারযোগ্য বর্জ্যের পাত্রে রাখা হত। সেখান থেকে প্রতিদিন নির্দিষ্ট লোকজন সেগুলো তুলে নিয়ে সংশ্লিষ্ট কারখানায় পুনঃপ্রস্তুত করার পর বাজারজাত করা হত। পুরো প্রক্রিয়াটাই ছিল বিজ্ঞানসম্মত এবং অর্থনীতি ও স্বাস্থ্যনীতির বিবেচনায় একটি আদর্শ পন্থা। পৌরসভা থেকে পানির সতর্ক ব্যবহারের জন্যে নির্দেশ আসতো। অর্থাৎ পানির কতোটা ব্যবহার করা যাবে তা বলা হতো এই নির্দেশমালায়। আমি অবাক হলাম পানির এই সতর্ক ব্যবহারে। হোটেলের ব্যবস্থাপক বললেন, ভূতলে পানির মজুত তো অফুরন্ত নয়। তাই আমরা প্রকৃতির দেয়া এই বিরল কিন্তু নিত্যপ্রয়োজনীয় পণ্য খুব যত্নসহকারে ব্যবহার করি। তাঁরা পানিকে নিত্যপ্রয়োজনীয় এবং জীবন ধারণের অন্যতম অনিবার্য পণ্য হিসেবে চিহ্নিত করছেন। আমি আমাদের নিজেদের দিকে তাকালাম। কি অমিতব্যয়ী আমরা পানি ব্যবহারের ক্ষেত্রে। আর সে কারণে রাজধানী ঢাকায় পানির স্তর ক্রমাগত নিচে নেমে যেতে যেতে বিপদের পর্যায়ে চলে গেছে।

নেবরাসকায় আমাদের জন্য একজন কৃষকের বাড়িতে গমন এবং সংশ্লিষ্ট কৃষকের সঙ্গে কথোপকথনের কর্মসূচি রয়েছে। দ্বিতীয় দিনে আমাদের সেই কৃষকের বাড়ি যাওয়ার দিন-ক্ষণ স্থির হল। সকাল সকাল যাত্রা। কিছুটা দূরের পথ। মাইক্রোবাসে সবাই উঠলাম। শহর ছাড়িয়ে গ্রামের পথ। রাস্তার দু'পাশে বিস্তীর্ণ শস্যক্ষেত্র। দুই প্রান্তে শুধু ফসলের মনোরম শোভা। দু'দিকের এই মাঠ চিরে প্রশস্ত পিচঢালা রাস্তা। মসৃণ। সোজা চলে গেছে। বাংলাদেশের সঙ্গে মিল পেলাম না। জনবহুল বাংলাদেশে এ রকম বিস্তীর্ণ মাঠ পাওয়ার জো নেই। আমাদের গ্রামগুলোর রাস্তা কখনো গ্রামের মধ্য দিয়ে কখনো খাল-বিল পেরিয়ে বিস্তীর্ণ হয়েছে লক্ষছুলে। এখানে দু'দিকের আকাশটাও বেশ বড়, নির্মল।

অশ্রুজলের শ্রদ্ধায় শেষ বিদায় খালেদা জিয়ার









প্রথম পৃষ্ঠার পর মর্যাদার আবহে কোটি জনতার শ্রদ্ধা আর ভালোবাসায় চিরনিদ্রায় শায়িত হলেন সাবেক প্রধানমন্ত্রী, বিএনপি চেয়ারপারসন ও বেগম খালেদা জিয়া। তাঁর বিদায়ে শুধু একজন রাজনীতিকের নয়, বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের একটি দীর্ঘ ও প্রভাবশালী অধ্যায়ের সমাপ্তি ঘটল। রাজপথের উত্তাল আন্দোলন থেকে নীরব শোকের এই মুহূর্ত সব মিলিয়ে যেন বাংলাদেশের ইতিহাসের এক শক্তিশালী অধ্যায়ের বিদায় ইতিহাস ও স্মৃতিতে পরিণত হলো।

প্রায় এক মাসেরও বেশি সময় ধরে হাসপাতালে জীবন-মৃত্যুর সাথে লড়াই করে অবশেষে মঙ্গলবার ভোরে বিদায় নেন খালেদা জিয়া। বুধবার (৩১ ডিসেম্বর) আপসহীন নেত্রী ও সাবেক প্রধানমন্ত্রী, বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার জানাজা সম্পন্ন হয়েছে। বুধবার বিকেলে তাঁর জানাজা পড়ান জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের খতিব মুফতি আবদুল মালেক।

রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউ সংলগ্ন সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত এই জানাজায় অংশ নিতে সকাল থেকেই সারা দেশ থেকে আসেন লাখ লাখ মানুষ। আশপাশের পুরো এলাকা পরিণত হয় জনসমুদ্রে।

জানাজায় খালেদা জিয়ার পুত্র বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ পরিবারের সদস্য, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস, তিন বাহিনী প্রধানসহ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ, বিভিন্ন রাষ্ট্র ও সরকারপ্রধানের প্রতিনিধি, বিদেশি অতিথি, বিভিন্ন রাজনৈতিক নেতা-কর্মী, আলেম-ওলামাসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। জাতীয় সংসদ ভবনের ভেতরের মাঠ, বাইরের অংশ, মানিক মিয়া অ্যাভিনিউ ছাড়িয়ে বিজয় সরণি, কারওয়ান বাজার, আগারগাঁও পর্যন্ত এলাকায় লাখ লাখ মানুষ এ জানাজায় অংশ নেন।

জানাজার নামাজ শেষে তাকে জিয়া উদ্যানে তার স্বামী শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধিস্থলের পাশে তাঁকে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়। এসময় শোক বিহ্বল হয়ে পরে পুরো জাতি।

প্রবাসেও বসবাসরত বাংলাদেশিরা শোকে স্তব্দ হয়ে পড়েন।

গৃহিণী থেকে প্রধানমন্ত্রী, সংসার থেকে রাষ্ট্রক্ষমতার শীর্ষে, ক্ষমতা থেকে কারাগার খালেদা জিয়ার জীবন ছিল সংগ্রাম, বেদনা ও দৃঢ়তার দীর্ঘ পথচলা। তাঁর বিদায়ে শেষ হলো বাংলাদেশের রাজনীতির এক প্রভাবশালী অধ্যায়, কিন্তু ইতিহাসে তিনি থেকে যাবেন একজন আপসহীন নেত্রী, গণতন্ত্রের আন্দোলনের মুখ এবং সময়ের এক অবিস্মরণীয় চরিত্র হিসেবে।

বেগম খালেদা জিয়ার জন্ম ১৯৪৫ সালের ১৫ আগস্ট, দিনাজপুর জেলার এক সম্ভ্রান্ত পরিবারে। শৈশব কেটেছে নীরব ও সুশৃঙ্খল পরিবেশে। পড়াশোনায় মনোযোগী হলেও রাজনীতির সঙ্গে তখন তাঁর কোনো সংশ্লিষ্টতা ছিল না। সেনা কর্মকর্তা জিয়াউর রহমানের সঙ্গে বিবাহের পর সংসার, সন্তান ও পারিবারিক দায়িত্বই হয়ে ওঠে তাঁর জীবনের প্রধান পরিচয়। স্বামীর কর্মজীবনের সূত্রে বিভিন্ন ক্যান্টনমেন্টে বসবাস করলেও তিনি ছিলেন মূলত একজন গৃহিণী রাজনীতির মঞ্চ থেকে বহু দূরে।

১৯৮১ সালে রাষ্ট্রপতি জিয়াউর রহমানের হত্যাকাণ্ড তাঁর জীবনকে আমূল পাল্টে দেয়। এই ঘটনা শুধু ব্যক্তিগত শোক নয়, তাঁকে দাঁড় করায় রাষ্ট্র ও রাজনীতির কঠিন বাস্তবতার মুখোমুখি। স্বামীর মৃত্যুর পর বিএনপির নেতৃত্ব গ্রহণ করে তিনি ধীরে ধীরে রাজনীতির কণ্টকাকীর্ণ পথে এগিয়ে যান। রাজনৈতিক অভিজ্ঞতা না থাকলেও অল্প সময়ের মধ্যেই তিনি নিজেকে একজন দৃঢ় নেত্রী হিসেবে প্রতিষ্ঠিত করেন।

সামরিক শাসক এরশাদের বিরুদ্ধে আন্দোলনে তাঁর নেতৃত্ব তাঁকে গণতন্ত্রকামী মানুষের কণ্ঠে পরিণত করে। ১৯৯০ সালের গণঅভ্যুত্থানের পর ১৯৯১ সালে অনুষ্ঠিত নির্বাচনে বিজয়ী হয়ে তিনি বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন। তাঁর প্রথম মেয়াদেই সংবিধানের দ্বাদশ সংশোধনীর মাধ্যমে সংসদীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হয়, যা রাষ্ট্র পরিচালনায় একটি ঐতিহাসিক মোড় ঘুরিয়ে দেয়। একই সঙ্গে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার প্রবর্তনের মধ্য দিয়ে নির্বাচন ব্যবস্থায় আস্থার ভিত্তি গড়ে ওঠে।

পরবর্তী মেয়াদগুলোতে তাঁর সরকারের সময়ে গ্রামীণ বিদ্যুতায়ন, শিক্ষা খাতে বিশেষ করে নারী ও কন্যাশিশুদের উপবৃত্তি কর্মসূচি, অবকাঠামো ও যোগাযোগ উন্নয়ন, বেসরকারি খাত ও পোশাকশিল্প বিকাশ এবং প্রবাসী শ্রমশক্তি ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়। নারী নেতৃত্বের প্রতীক হিসেবে তিনি দেশের রাজনীতিতে একটি আলাদা অবস্থান তৈরি করেন।

ক্ষমতার বাইরে থেকেও খালেদা জিয়া ছিলেন রাজনীতির কেন্দ্রবিন্দু। আওয়ামী লীগের সঙ্গে দীর্ঘদিনের রাজনৈতিক দ্বন্দ্ব, আন্দোলন ও রাজপথের সংঘর্ষ তাঁর রাজনৈতিক জীবনের অবিচ্ছেদ্য অংশ হয়ে ওঠে। সমর্থকদের কাছে তিনি ছিলেন আপসহীন সংগ্রামের প্রতীক, আর বিরোধীদের কাছে কঠোর ও বিতর্কিত– তবে তাঁর প্রভাব অস্বীকার করার সুযোগ ছিল না।

২০০৭ সালের ১/১১ এর সময় জরুরি অবস্থার মধ্যেও তাঁকে বিদেশে পাঠানোর প্রস্তাব দেওয়া হয়েছিল, কিন্তু তিনি দেশত্যাগে অস্বীকৃতি জানান। দেশের মাটিতে থেকেই মামলা মোকাবিলা ও রাজনৈতিক লড়াই চালিয়ে যাওয়ার এই দৃঢ় সিদ্ধান্ত তাঁকে আবারও আপসহীন নেত্রী হিসেবে তুলে ধরে।

এরপর ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর তাঁর রাজনৈতিক জীবন আরও কঠিন অধ্যায়ে প্রবেশ করে। একের পর এক দুর্নীতি ও রাজনৈতিক মামলায় তাঁকে জড়িয়ে ফেলা হয়। এসব মামলার বেশিরভাগই বিএনপি অভিযোগ করে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। ২০১৮ সালে দণ্ডপ্রাপ্ত হয়ে তাঁকে কারাগারে পাঠানো হয়। বয়স ও গুরুতর অসুস্থতা সত্ত্বেও দীর্ঘ সময় তাঁকে কারাবন্দি অবস্থায় থাকতে হয়।

কারাগারে থাকাকালীন সময়ে খালেদা জিয়া গুরুতর স্বাস্থ্যঝুঁকিতে ভুগছিলেন বলে পরিবার ও দল বারবার অভিযোগ তোলে। উন্নত চিকিৎসার জন্য বিদেশে নেওয়ার আবেদন বারবার করা হলেও তা দীর্ঘদিন অনুমোদন পায়নি। সুচিকিৎসার অভাবে তাঁর শারীরিক অবস্থার আরও অবনতি ঘটে বলে বিএনপি ও তাঁর স্বজনরা অভিযোগ করেন। পরবর্তীতে বিশেষ ব্যবস্থায় গৃহবন্দি অবস্থায় চিকিৎসার সুযোগ মিললেও সেই সময়টিকে তাঁর জীবনের সবচেয়ে কষ্টকর অধ্যায়গুলোর একটি হিসেবে দেখা হয়।

ব্যক্তিগত জীবনে খালেদা জিয়া ছিলেন একের পর এক ট্র্যাজেডির শিকার। স্বামী জিয়াউর রহমানের হত্যার পর দুই পুত্রের অকাল মৃত্যু তাঁকে গভীরভাবে আঘাত করলেও তিনি রাজনীতি থেকে সরে যাননি। ব্যক্তিগত শোক আর রাজনৈতিক চাপ এই দুইয়ের মধ্য দিয়েই গড়ে ওঠে তাঁর দৃঢ় ও অবিচল সত্তা।

খালেদা জিয়ার মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গনে নেমে এসেছে শোকের ছায়া। রাজনৈতিক মতভেদ ভুলে বিভিন্ন দল ও বিশিষ্টজন তাঁর অবদান স্মরণ করেছেন। আন্তর্জাতিক অঙ্গন থেকেও এসেছে শোকবার্তা।

স্ত্রীসহ মাদুরোকে আটক: বিচার নিউইয়র্কে

প্রথম পৃষ্ঠার পর

দূরে অবস্থিত ওরেঞ্জ কাউন্টির স্টুয়ার্ট বিমান ঘাঁটিতে অবতরণ করে। এমনটি জানিয়েছে বার্তা সংস্থা এপি ও রয়টার্স।

সিবিএস নিউজ তাদের প্রতিবেদনে জানিয়েছে, নিকোলাস মাদুরো ও তাঁর স্ত্রী সিলিয়া ফ্লোরেসকে বহনকারী বিমানটির পাশে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা এফবিআই'র ইউনিফর্ম পরিহিত কর্মকর্তাদের দেখা গেছে। পরে কর্মকর্তারা বিমান থেকে মাদুরো ও তার স্ত্রীকে বিমান থেকে নামিয়ে আনেন। এর আগে মাদুরো ও তার স্ত্রীকে আটক করে প্রথমে হেলিকপ্টারে করে নিয়ে যুদ্ধ জাহাজের মাধ্যমে যুক্তরাষ্ট্রে আনা হয়। পরবর্তীতে বিমানযোগে নিউইয়র্কে আনা হয়।

সেখান থেকে মাদুরো ও তার স্ত্রীকে হেলিকপ্টারে করে ম্যানহাটনের ওয়েস্টসাইড হেলিপোর্টে নেওয়া হয়। সেখান থেকে তাঁকে ইউএস মাদক নিয়ন্ত্রণ সংস্থার (ডিইএ) সদর দপ্তরে নিয়ে প্রাথমিক আইনি প্রক্রিয়া শেষে নেয়া হয় ব্রুকলিনের মেট্রোপলিটন ডিটেনশন সেন্টারে।

সংবাদমাধ্যমগুলোর প্রতিবেদন অনুযায়ী, সেখান থেকেই তাঁকে মাদক ও অস্ত্র চোরাচালানের অভিযোগে করা মামলায় ম্যানহাটনের ফেডারেল আদালতে হাজির করা হবে।

নিউইয়র্কের এই কুখ্যাত কারাগারটি গুরুত্বপূর্ণ বন্দীদের রাখার জন্য পরিচিত। এর আগে পপ তারকা আর কেলি, যৌন নিপীড়ক জেফরি এপস্টেইনের সহযোগী গিলেন ম্যাক্সওয়েল এবং সম্প্রতি র‍্যাপার শন 'ডিডি' কম্বসকে এই কারাগারেই রাখা হয়েছিল।

শনিবার সংবাদ সম্মেলনে ট্রাম্প জানান, মাদুরো রাজধানী কারাকাসের কেন্দ্রে অবস্থিত একটি অত্যন্ত সুরক্ষিত প্রেসিডেনশিয়াল প্রাসাদে অবস্থান করছিলেন, যা কার্যত একটি সামরিক দুর্গের মতো ছিল। সেখানে চারদিকে স্টিলের দেয়াল এবং একটি বিশেষ নিরাপদ কক্ষ বা 'সেফটি স্পেস' ছিল। মাদুরো সেই কক্ষে প্রবেশের চেষ্টা করলেও দরজা বন্ধ করার আগেই যুক্তরাষ্ট্রের বাহিনী দ্রুত অভিযান চালিয়ে তাঁকে আটক করে। প্রয়োজনে স্টিলের দেয়াল ভাঙতে ভারী ব্লোটর্চ ব্যবহারের প্রস্তুতিও ছিল বলে ট্রাম্প জানান।

যুক্তরাষ্ট্রের জয়েন্ট চিফস অব স্টাফের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইন জানিয়েছেন, অভিযানের জন্য কয়েক মাস ধরে বিস্তারিত পরিকল্পনা ও মহড়া নেওয়া হয়েছে। মাদুরোর দৈনন্দিন অভ্যাস, অবস্থান, খাদ্যাভ্যাস, পোষা প্রাণী ও পোশাকের তথ্য পর্যন্ত সংগ্রহ করা হয়েছিল। ডিসেম্বরে গিয়েই বাহিনী পুরোপুরি প্রস্তুত ছিল। অভিযানের আগে মাদুরোর বাসভবনের আদলে একটি অবিকল ভবন তৈরি করে মহড়া চালানো হয়েছিল।

অভিযানের সময় কারাকাস শহরের বড় অংশে বিদ্যুৎ বিচ্ছিন্ন করা হয়। ট্রাম্প বলেন, বিশেষ প্রযুক্তি ব্যবহার করে পুরো এলাকা অন্ধকারে ডুবিয়ে দেওয়া হয়েছিল। তাঁর ভাষায়, "অন্ধকার ছিল, আর তা ছিল প্রাণঘাতী।" অন্তত সাতটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ অভিযানকে 'নির্ভুলভাবে পরিচালিত বৃহৎ যৌথ সামরিক ও আইনশৃঙ্খলা অভিযান' বলে অভিহিত করেন।

ভেনেজুয়েলার ভাইস প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেজ জানিয়েছেন, অভিযানে দেশটির বেসামরিক নাগরিক ও সামরিক বাহিনীর সদস্য নিহত হয়েছেন। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, বিস্ফোরণের কারণে ভোরের দিকে পুরো এলাকায় ধোঁয়া ও অশান্তি সৃষ্টি হয়েছিল।

ট্রাম্প জানিয়েছেন, অভিযানে অংশ নেওয়া কয়েকজন যুক্তরাষ্ট্রের সেনা আহত হলেও কেউ নিহত হয়নি। জেনারেল কেইন বলেন, একটি হেলিকপ্টার গুলিবিদ্ধ হলেও নিরাপদে ফিরে আসে। আবহাওয়ার কারণে চার দিন অভিযান স্থগিত ছিল; অবশেষে শুক্রবার রাতে আবহাওয়া অনুকূলে এলে অভিযান চালানো হয়।

'অপারেশন অ্যাবসোলিউট রিজলভ' নামে পরিচিত এই অভিযানে পশ্চিম গোলার্ধ জুড়ে ছড়িয়ে থাকা ১৫০টির বেশি বিমান অংশ নেয়। এর মধ্যে ছিল এফ-১৮, এফ-২২, এফ-৩৫ যুদ্ধবিমান, বি-১ বোমারু বিমান এবং ড্রোন। শুক্রবার রাত ১০টা ৪৬ মিনিটে ট্রাম্প অভিযান অনুমোদন দেন। বাহিনী রাত ১টা ১ মিনিটে মাদুরোর অবস্থানে পৌঁছে ভোর ৩টা ২৯ মিনিটে ভেনেজুয়েলার আকাশসীমা ত্যাগ করে।

মাদুরো ও তাঁর স্ত্রী সিলিয়া ফ্লোরেসকে হেলিকপ্টারে যুক্তরাষ্ট্রের যুদ্ধজাহাজে নেওয়া হয়। ট্রাম্প সামাজিক যোগাযোগমাধ্যমে ছবি প্রকাশ করেন, যেখানে মাদুরোকে চোখ বাঁধা ও সুরক্ষা হেডফোন পরা অবস্থায় দেখা যায়। পরে তাঁকে নিউইয়র্কে নিয়ে আনা হয়। নিউইয়র্কেই নার্কো-সন্ত্রাস, কোকেন আমদানি ও ভারী অস্ত্র রাখাসহ একাধিক অভিযোগে আদালতে বিচার চলবে।

ট্রাম্প ঘোষণা করেছেন, যুক্তরাষ্ট্র ভেনেজুয়েলার শাসনভার পরিচালনা করবে যতক্ষণ না নতুন নেতৃত্ব শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে দায়িত্ব নেন। প্রয়োজনে যুক্তরাষ্ট্রে সেনাদের উপস্থিতি নিশ্চিত করা হবে। তিনি বলেন, "আমরা নিশ্চিত করব, ভেনেজুয়েলা সঠিকভাবে পরিচালিত হচ্ছে। এটি কোনো অর্থহীন পদক্ষেপ নয়।"

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ভেনেজুয়েলার ভাইস প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেজ যুক্তরাষ্ট্রের চাওয়া অনুযায়ী কাজ করলে দেশটিতে সেনা মোতায়েন করবে না যুক্তরাষ্ট্র। নিউইয়র্ক পোস্টের এক সাংবাদিকের প্রশ্নের জবাবে এমন মন্তব্য করেন তিনি।

ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলা মাদুরোকে আটকের পর দেশটি বর্তমানে কার নিয়ন্ত্রণে থাকবে, তা নিয়ে বিশ্বজুড়ে আলোচনার সৃষ্টি হয়েছে। এমন পরিস্থিতিতে ট্রাম্প বলেন, ডেলসি রদ্রিগেজ যদি যুক্তরাষ্ট্রের চাওয়া অনুযায়ী কাজ করেন, তবে সেখানে সরাসরি ইউএস সেনা মোতায়েনের প্রয়োজন পড়বে না।

প্রেসিডেন্ট ট্রাম্প সংবাদমাধ্যমকে বলেন, 'আমরা তাঁর (রদ্রিগেজ) সঙ্গে বহুবার কথা বলেছি এবং তিনি বুঝতে পারছেন।' এর আগে ট্রাম্প এক সংবাদ সম্মেলনে জানিয়েছিলেন, ডেলসি রদ্রিগেজ এরই মধ্যে ভেনেজুয়েলার অন্তর্বর্তী প্রেসিডেন্ট হিসেবে শপথ নিয়েছেন এবং পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর সঙ্গে কাজ করতে রাজি হয়েছেন।

তবে ট্রাম্পের এই দাবির বিপরীতে অবস্থান নিয়েছেন ডেলসি রদ্রিগেজ। মাদুরোর কট্টর অনুসারী হিসেবে পরিচিত এই নেত্রী ভেনেজুয়েলার রাষ্ট্রীয় টেলিভিশনে দেওয়া ভাষণে মাদুরোকে 'একমাত্র বৈধ প্রেসিডেন্ট' হিসেবে উল্লেখ করেছেন। তিনি মাদুরোকে 'অপহরণ' করা হয়েছে বলে অভিযোগ করে তাঁর ও তাঁর স্ত্রীর অবিলম্বে মুক্তি দাবি করেছেন।

যুক্তরাষ্ট্রের আইনপ্রণেতা ও সিনেট মেজরিটি লিডার জন থুন এই অভিযানকে প্রশংসা করেছেন এবং বলেন, এটি মাদুরোর বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে দায়ের করা বৈধ বিচারিক অভিযোগ কার্যকর করার গুরুত্বপূর্ণ পদক্ষেপ। তবে কংগ্রেসের অনুমোদন ছাড়া বিদেশি রাষ্ট্রপ্রধানকে আটক করার বৈধতা নিয়ে আইনপ্রণেতাদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে।

নিউইয়র্কের গভর্নর ক্যাথি হকুল ও সিটি মেয়র জোহরান মামদানি উভয়েই নিরাপত্তা বিষয়ে সতর্কতা জারি করেছেন। হকুল বলেন, "নিউইয়র্কে কোনো বৈধ হুমকি নেই। তবে আমরা আইনশৃঙ্খলা সংস্থার সঙ্গে সমন্বয় রেখে পরিস্থিতি পর্যবেক্ষণ করছি।" মামদানি বলেন, "একটি সার্বভৌম রাষ্ট্রে একপক্ষীয় সামরিক অভিযান যুদ্ধের সমতুল্য এবং এটি নিউইয়র্কবাসীর ওপরও প্রভাব ফেলবে।"

এদিকে ডেমোক্র্যাট আইনপ্রণেতারা ট্রাম্প প্রশাসনকে কংগ্রেসে ব্রিফিং দেওয়ার আহ্বান জানিয়েছেন। কংগ্রেসও আন্তর্জাতিক আইন, সংবিধান ও শক্তির ভারসাম্য রক্ষায় উদ্বেগ প্রকাশ করেছে।

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা, ইন্‌ক

JALALABAD ASSOCIATION OF AMERICA, INC

সাধারণ সভা

তারিখ : ১২ জানুয়ারী, ২০২৬ সোমবার ♦ সময় : বিকাল ৫টা

স্থান : Nabanno Restaurant

37-22 73rd St, Jackson Heights, NY 11372

সম্মানিত জালালাবাদবাসী,

১২ জানুয়ারী, ২০২৬ সোমবার, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাধারণ সভার আয়োজন করা হয়েছে। উক্ত সাধারণ সভায় জালালাবাদবাসীর উপস্থিতি একান্তভাবে কাম্য।

আমন্ত্রণক্রমে

বদরুল খান
সভাপতি
৬৪৬-৮২৪-৪৮১৪

রোকন হাকিম
ভারপ্রাপ্ত-সাধারণ সম্পাদক
৯১৭-৩৬২-২৪৪২

মোঃ লোকমান হোসেন (লুকু), *সহ-সভাপতি (সিলেট জেলা)* • শামীম আহমেদ, *সহ-সভাপতি (সুনামগঞ্জ জেলা)* • মোঃ শফি উদ্দিন তালুকদার, *সহ-সভাপতি (হবিগঞ্জ)* • মোঃ জাবেদ উদ্দীন, *সহ-সভাপতি (মৌলভীবাজার)* • মোহাম্মদ আলিম, *কোষাধ্যক্ষ* • মোঃ জিল্লুর রহমান খান, *সাংগঠনিক সম্পাদক* • ফয়ছল আলম, *প্রচার ও দপ্তর সম্পাদক* • হোসেন আহমদ, *সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক* • মান্না মুনতাসির, *ক্রীড়া সম্পাদক* • বুরহান উদ্দিন, *আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক* • জাহিদ আহমেদ খান, *সমাজ কল্যাণ সম্পাদক* • সারা উদ্দিন, *মহিলা বিষয়ক সম্পাদক* • আব্দুল আজিজ, *কার্যকরী সদস্য (সিলেট জেলা)* • হুমায়ুন কবির সোহেল, *কার্যকরী সদস্য (সুনামগঞ্জ জেলা)* • দেলোয়ার হোসেন মানিক, *কার্যকরী সদস্য (হবিগঞ্জ জেলা)* • মোঃ ফজল খাঁন, *কার্যকরী সদস্য (মৌলভীবাজার জেলা)*

বোর্ড অব ট্রাষ্টি: কাওছারুজ্জামান কয়েছ • বদরুন নাহার খান মিতা • ছয়দুন নূর • সৈয়দ নাজমুল হাসান কুবাদ

প্রচারে: ফয়ছল আলম, *প্রচার ও দপ্তর সম্পাদক*



মালদ্বীপে ফুটবল টুর্নামেন্টে হামজাদের আমন্ত্রণ

ক্রীড়া ডেস্ক : বিশ্বকাপ ফুটবলের উন্মাদনা শুরুর ঠিক আগমুহূর্তে মালদ্বীপ থেকে বড় এক আমন্ত্রণ পেয়েছে বাংলাদেশ জাতীয় ফুটবল দল। আগামী ১১ জুন বিশ্বকাপ মাঠে গড়ানোর আগে ১ থেকে ৯ জুনের ফিফা উইন্ডোতে একটি চার জাতি টুর্নামেন্ট আয়োজন করতে যাচ্ছে ফুটবল অ্যাসোসিয়েশন অব মালদ্বীপ। দেশটির ফুটবলের ৭৫ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষেই এই বিশেষ টুর্নামেন্টের পরিকল্পনা করা হয়েছে।

প্রতিবেশী শ্রীলঙ্কা এরই মধ্যে টুর্নামেন্টে অংশ নেওয়ার ব্যাপারে সম্মতি জানিয়েছে। আমন্ত্রণ জানানো হয়েছে নেপালকেও। বাংলাদেশও আজ আনুষ্ঠানিক আমন্ত্রণ পেয়েছে। এ বিষয়ে বাফুফের সাধারণ সম্পাদক ইমরান হোসেন জানান, মালদ্বীপের আমন্ত্রণের ব্যাপারে শিগগিরই আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত হবে। জুনের টুর্নামেন্টটি ফিফা উইন্ডোতে হওয়ায় হামজা চৌধুরী ও শমিত সোমদের পাওয়ার সম্ভাবনা আছে। কারণ, ফিফা উইন্ডোতে ক্লাব খেলোয়াড় ছাড়তে বাধ্য। উল্লেখ্য, ২০০০ সালে ফুটবল অ্যাসোসিয়েশন অব মালদ্বীপের ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত টুর্নামেন্টেও বাংলাদেশ অংশগ্রহণ করেছিল।

আগামী ৩১ মার্চ সিঙ্গাপুরের বিপক্ষে সিঙ্গাপুরে এশিয়ান কাপ বাছাইয়ের শেষ ম্যাচ খেলবে বাংলাদেশ। সেই ম্যাচের প্রস্তুতি হিসেবে মালয়েশিয়া বা থাইল্যান্ডের বিপক্ষে একটি প্রীতি ম্যাচ খেলার জোর চেষ্টা চালাচ্ছে বাফুফে।

বাংলাদেশের টি-টোয়েন্টি বিশ্বকাপের দল ঘোষণা, নেই শান্ত



ক্রীড়া ডেস্ক : ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) কাছে টি-টোয়েন্টি বিশ্বকাপের দল পাঠানোর শেষ দিনে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) দল ঘোষণা করেছে। লিটন কুমার দাসকে অধিনায়ক ও সাইফ হাসানকে সহ-অধিনায়ক করে ১৫ সদস্যের স্কোয়াড ঘোষণা করেছে বিসিবি। রোববার (০৪ জানুয়ারি, ২০২৬) দুপুরে সংবাদ বিজ্ঞপ্তি দিয়ে বিশ্বকাপের দল দিয়েছে বিসিবি।

স্কোয়াডে নেই কোনো চমক। নেই নতুন কোনো মুখ কিংবা নিয়মিত স্কোয়াডের বাইরের কেউ। অধিনায়ক লিটন আগের থেকেই জানিয়েছিলেন, শেষ ১ বছরে টি-টোয়েন্টি যারা নিয়মিত ভালো করছিলেন, স্কোয়াডে ছিলেন তাদেরকে নিয়েই হবে বিশ্বকাপের দল। কথা দিয়ে কথা রেখেছেন অধিনায়ক।

প্রধান নির্বাচক গাজী আশরাফ হোসেন লিপু, আরেক নির্বাচক হাসিবুল হোসেন শান্ত ও লিটন গত সপ্তাহে সিলেটে বিশ্বকাপের দল নির্বাচন নিয়ে আলোচনায় বসেছিলেন।

বাংলাদেশের বিশ্বকাপ স্কোয়াড

লিটন কুমার দাস (অধিনায়ক), মোহাম্মদ সাইফ হাসান (সহ-অধিনায়ক), তানজিদ হাসান, পারভেজ হোসেন ইমন, তাওহীদ হৃদয়, শামীম হোসেন পাটোয়ারী, কাজী নুরুল হাসান সোহান, শেখ মাহেদী হাসান, রিশাদ হোসেন, নাসুম আহমেদ, মোস্তাফিজুর রহমান, তানজিম হাসান সাকিব, তাসকিন আহমেদ, মোহাম্মদ সাইফ উদ্দিন ও শরিফুল ইসলাম।

তাদের আলোচনার প্রেক্ষিতে সেরা দলটাকেই বেছে নেওয়া হয়েছে।

স্কোয়াডে রাখা হয়নি জাকের আলী অনিককে। মাস তিনেক আগেও জাকের ছিলেন দলের অন্যতম ভরসার নাম। কিন্তু চরম অফফর্মে থাকা জাকেরকে রাখা হয়নি দলে। এছাড়া বিপিএলে রান প্রবাহে থাকা নাজমুল হোসেন শান্তকে নিয়ে দলের বাইরে আলোচনা হচ্ছিল। গণমাধ্যমের শিরোনামে ছিলেন। কিন্তু বাংলাদেশের টেস্ট অধিনায়ককে নিয়ে লিটন এবং নির্বাচক প্যানেল তেমন আলোচনা করেননি।

১৫ জনের স্কোয়াডে পাঁচজন পেসার রেখেছে বাংলাদেশ। বিশেষজ্ঞ স্পিনার আছেন তিনজন।

আগামী ৭ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ পর্যন্ত ২০ দল নিয়ে ভারত ও শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হবে টি-টোয়েন্টি বিশ্বকাপের দশম আসর।



৪৫ বছর বয়সেও থামছেন না ভেনাস উইলিয়ামস

ক্রীড়া ডেস্ক : বয়স যে কেবল একটি সংখ্যা মাত্র, তা আবারও প্রমাণ করতে চলেছেন টেনিস কিংবদন্তি ভেনাস উইলিয়ামস। ক্যারিয়ারের পড়ন্ত বিকালে এসেও থামার কোনো লক্ষণ নেই সাতবারের গ্র্যান্ড স্ল্যাম একক শিরোপাজয়ী এই তারকার। আগামী ১৮ জানুয়ারি মেলবোর্ন পার্কে শুরু হতে যাওয়া বছরের প্রথম গ্র্যান্ড স্ল্যাম টুর্নামেন্ট অস্ট্রেলিয়ান ওপেন-এ ওয়াইল্ডকার্ড এন্ট্রি পেয়েছেন ৪৫ বছর বয়সী ভেনাস উইলিয়ামস। এর মাধ্যমেই ওপেন যুগে সবচেয়ে বয়স্ক নারী খেলোয়াড় হিসেবে মূল ড্রয়ে খেলার এক অনন্য বিশ্ব রেকর্ড গড়তে যাচ্ছেন তিনি।

ভেনাস উইলিয়ামসের এই অংশগ্রহণের মাধ্যমে ভাঙতে যাচ্ছে জাপানের কিমিকো দাতের রেকর্ড। দাতে ২০১৫ সালে ৪৪ বছর বয়সে অস্ট্রেলিয়ান ওপেনের মূল ড্রয়ে খেলেছিলেন। দীর্ঘ বিরতির পর প্রিয় আঙিনায় ফেরার সুযোগ পেয়ে উচ্ছ্বসিত ভেনাস বলেন, 'আমার ক্যারিয়ারের জন্য এতটা গুরুত্বপূর্ণ একটি জায়গায় আবার ফিরে আসার সুযোগ পেয়ে আমি কৃতজ্ঞ। এখানে আমার অসংখ্য দারুণ স্মৃতি রয়েছে।'

মেলবোর্ন পার্কের সঙ্গে ভেনাসের সম্পর্ক ১৯৯৮ সাল থেকে। সেই আসরেই গ্র্যান্ড স্ল্যাম অভিষেকে দ্বিতীয় রাউন্ডে তিনি নিজের ছোট বোন সেরেনা উইলিয়ামসকে হারিয়ে চমক দেখিয়েছিলেন। যদিও পরবর্তী সময়ে কোয়ার্টার ফাইনালে আরেক আমেরিকান লিন্ডসে ড্যাভেনপোর্টের কাছে হেরে বিদায় নিতে হয় তাকে।

মোস্তাফিজকে নিয়ে এখন পর্যন্ত যা যা হলো

ক্রীড়া ডেস্ক : ১৬ ডিসেম্বর, ২০২৫

আবুধাবিতে আইপিএল নিলামে মোস্তাফিজুর রহমানকে কেনে কলকাতা নাইট রাইডার্স (কেকেআর)। চেন্নাই সুপার কিংস, দিল্লি ক্যাপিটালসও তাঁকে কিনতে আগ্রহী হওয়ায় কাড়াকাড়ির শেষ পর্যায়ে মোস্তাফিজের দাম ওঠে ৯ কোটি ২০ লাখ রুপি।

১৮ ডিসেম্বর, ২০২৫

বিসিসিআইর অনুরোধে মোস্তাফিজকে আইপিএলে খেলার অনাপত্তিপত্র দেওয়ার কথা জানায় বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। বোর্ডের ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান নাজমুল আবেদীন জানান, এপ্রিলের মাঝামাঝিতে ৮ দিন বাদে আইপিএলের পুরো সময়ের জন্য ছাড়পত্র দেওয়া হয়েছে।

২৭ ডিসেম্বর, ২০২৫

মোস্তাফিজুর রহমানকে আইপিএল থেকে বাদ দেওয়ার দাবি করেন মধ্যপ্রদেশের উজ্জয়িনীর রিনমুক্তেশ্বর মহাদেব মন্দিরের প্রধান উপাসক মহাবীর নাথ। বাংলাদেশের খেলোয়াড়কে খেলালে পিচ নষ্ট করে দেওয়ার হুমকি দেন তিনি।

৩০ ডিসেম্বর, ২০২৫

নিলাম থেকে মোস্তাফিজকে দলে নেওয়ায় শাহরুখ খানকে 'গাদ্দার' বা দেশদ্রোহী আখ্যা দেন উত্তর প্রদেশের শাসক দল বিজেপির নেতা সঙ্গীত সোম। তিনি বলেন, 'মোস্তাফিজের মতো খেলোয়াড় যদি ভারতে খেলতে আসেন, তাহলে বিমানবন্দরের বাইরে পা রাখতে পারবেন না। আমি প্রতিজ্ঞা করে বলছি। এই কথাটা শাহরুখ খানের মতো গাদ্দারদের বুঝে নেওয়া উচিত। উনি দেশদ্রোহিতা করছেন।'

সঙ্গীত সোমের সুরে কথা বলেন আধ্যাত্মিক গুরু দেবকীনন্দন ঠাকুরও। এক অনুষ্ঠানে তিনি শাহরুখ খান ও কেকেআর ম্যানেজমেন্টের উদ্দেশে বলেন, মোস্তাফিজুর রহমানকে যেন না খেলানো হয়। তবে তাঁর এই মন্তব্যের সমালোচনা করেন উত্তর প্রদেশ বিধানসভার বিরোধী নেতা মাতা প্রসাদ পান্ডে ও কংগ্রেস নেতা সুরেন্দ্র রাজপুত। তাঁরা বলেছেন, শাহরুখ খানকে গাদ্দার বা দেশদ্রোহী বলা হচ্ছে মুসলিম বলে। বিজেপি দলটাই দেশদ্রোহী। বিজেপির শরিক দল সুহেলদেব ভারতীয় সমাজ পার্টির নেতা ওম প্রকাশ রাজভরও সঙ্গীত সোমের সমালোচনা করেন।

২ জানুয়ারি, ২০২৫

সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী, কংগ্রেস নেতা ও লোকসভার সদস্য শশী থারুর বলেন, 'আমি সত্যিই মনে করি না যে ক্রিকেটকে বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর হামলার ভার বহন করতে দেওয়া উচিত। আমার দৃষ্টিভঙ্গি স্পষ্ট–আমাদের উচিত কিছু ক্ষেত্রকে অন্য ক্ষেত্র থেকে আলাদা রাখার চেষ্টা করা। মোস্তাফিজুর রহমান একজন ক্রিকেটার, যার এসব ঘটনার সঙ্গে তাঁর কোনো সম্পর্কই নেই। তিনি ব্যক্তিগতভাবে ঘৃণাসূচক কথা, হামলা বা এমন কর্মকাণ্ডকে সমর্থন কিংবা ন্যায্যতা দেওয়ার জন্য কখনো অভিযুক্ত হননি। তিনি একজন ক্রীড়াবিদ আর এ দুটি বিষয়কে মিশিয়ে ফেলাটা অনুচিত।'

৩ জানুয়ারি, ২০২৬

ভারতীয় উগ্রবাদী গোষ্ঠীর হুমকির মুখে মোস্তাফিজুর রহমানকে স্কোয়াড থেকে ছেড়ে দেওয়ার জন্য কলকাতা নাইট রাইডার্সকে নির্দেশ দেয় ভারতের ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। গুয়াহাটিতে বিসিসিআইয়ের সচিব দেবজিৎ সাইকিয়া ভারতের বার্তা সংস্থা এএনআইকে বলেন, 'সাম্প্রতিক ঘটনার কারণে বিসিসিআই কেকেআর ফ্র্যাঞ্চাইজিকে তাদের দলে থাকা বাংলাদেশের খেলোয়াড় মোস্তাফিজুর রহমানকে ছেড়ে দেওয়ার নির্দেশ দিয়েছে। তারা যদি খেলোয়াড় বদলাতে চায়, বিসিসিআই সেই অনুমতিও দেবে।'

সাইকিয়ার ঘোষণার ঘন্টা দুয়েক পরই কলকাতা নাইট রাইডার্সের কাছ থেকে আনুষ্ঠানিক ঘোষণা আসে। এক বিবৃতিতে ফ্র্যাঞ্চাইজিটি বাংলাদেশের পেসার মোস্তাফিজকে দল থেকে ছেড়ে দেওয়ার ঘোষণা দেয়। কারণ হিসেবে বিসিসিআইয়ের



নির্দেশনার কথা উল্লেখ করে কেকেআর। বিবৃতিতে দলটি লিখেছে, 'কলকাতা নাইট রাইডার্স নিশ্চিত করেছে যে আইপিএলের নিয়ন্ত্রক সংস্থা হিসেবে বিসিসিআই/আইপিএল আসন্ন ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) মৌসুমের আগে দল থেকে মোস্তাফিজুর রহমানকে ছেড়ে দেওয়ার নির্দেশ দিয়েছে। যথাযথ প্রক্রিয়া ও পরামর্শ অনুসরণ করে, ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের (বিসিসিআই) নির্দেশে ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত কার্যকর করা হয়েছে।'

ভারতে প্রতিক্রিয়া

মোস্তাফিজকে আইপিএল থেকে বাদ দেওয়ার সিদ্ধান্তকে স্বাগত জানান ভারতের কয়েকজন রাজনীতিবিদ ও ধর্মীয় নেতা। বিজেপি নেতা সংগীত সোম বার্তা সংস্থা এএনআইকে বলেন, '১০০ কোটি সনাতনী ভারতীয়দের প্রতি লক্ষ রেখে বিসিসিআইয়ের এই সিদ্ধান্তের জন্য ধন্যবাদ। আমরা গতকাল বলেছিলাম, এ বিষয়ে পদক্ষেপ নেওয়া হবে, কারণ ১০০ কোটি মানুষের আবেগ-অনুভূতিকে হেলাফেলা করা যায় না। এটি গোটা দেশের হিন্দুদের জয়।'

উত্তর প্রদেশের মন্ত্রী ও বিজেপি নেতা নরেন্দ্র কাশ্যপ বলেন, 'আমরা বিসিসিআইয়ের সিদ্ধান্তকে স্বাগত জানাই, কারণ তাঁরা দেশের আবেগ-অনুভূতি বুঝেছেন এবং বাংলাদেশি খেলোয়াড়টিকে সরিয়ে দিয়েছেন, যেহেতু বাংলাদেশে হিন্দুদের ওপর অত্যাচার চলছে–এ বিষয়ে প্রধানমন্ত্রী মোদি এবং সরকার প্রতিবাদ জানাচ্ছেন।' দেবকীনন্দনও বিসিসিআইকে ধন্যবাদ জানান।

তবে মোস্তাফিজকে বাদ দেওয়ার সিদ্ধান্তে বিপরীত প্রতিক্রিয়াও আছে কারও কারও। তাদের একজন কংগ্রেস নেতা শশী থারুর। পুরোনো একটি একটি ভিডিও শেয়ার করে তিনি ক্যাপশনে একটি প্রশ্ন তুলেছেন, 'এ বিষয়ে আমার মতামত আবার স্মরণ করিয়ে দিচ্ছি–বিশেষ করে এখন, যখন বিসিসিআই নিন্দনীয়ভাবে মোস্তাফিজুর রহমানকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। সংশ্লিষ্ট বাংলাদেশি খেলোয়াড়টি যদি লিটন দাস বা সৌম্য সরকার হতেন, তাহলে কী হতো? এখানে আমরা আসলে কাকে শাস্তি দিচ্ছি–একটি দেশকে, একজন ব্যক্তিকে নাকি তাঁর ধর্মকে? খেলাধুলাকে এভাবে নির্বিচার রাজনৈতিক রঙে রাঙানো আমাদের শেষ পর্যন্ত কোথায় নিয়ে যাবে?'

বাংলাদেশে প্রতিক্রিয়া

মোস্তাফিজুর রহমানকে বাদ দেওয়ার পর আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশ দলের ভারত সফর 'ঝুঁকিপূর্ণ' বলে মন্তব্য করেন জাতীয় ফুটবল দলের সাবেক অধিনায়ক ও দেশের শীর্ষ রাজনৈতিক দল বিএনপির ক্রীড়াবিষয়ক সম্পাদক আমিনুল হক। নিরাপত্তা নিয়ে শঙ্কা প্রকাশ করে আমিনুল গণমাধ্যমকে বলেন, 'সামনে টি-টোয়েন্টি বিশ্বকাপ। মোস্তাফিজ ইস্যুতে যা হলো, এরপর আমাদের ক্রিকেটাররা ভারতে গিয়ে খেললে বড় একটা শঙ্কার জায়গা থেকে যাবে।'

উগ্রপন্থীদের দাবির মুখে মোস্তাফিজকে খেলতে না দেওয়ার প্রেক্ষিতে আগামী মাসে বাংলাদেশ দলের ভারতের মাটিতে টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলা নিরাপদ কি না প্রশ্নে সিলেটে বিসিবি সভাপতি আমিনুল ইসলাম সাংবাদিকদের বলেন, 'টুর্নামেন্ট (বিশ্বকাপ) আয়োজন করছে আইসিসি, ভারত হচ্ছে স্বাগতিক। আমাদের কিছু যোগাযোগ করার দরকার হলে আইসিসিতে করব।' এরপর রাতে বিসিসিআইয়ের সিদ্ধান্তের প্রতিক্রিয়া জানাতে বৈঠক করেন বিসিবি পরিচালকেরা। তবে বৈঠকের সিদ্ধান্ত নিয়ে আনুষ্ঠানিক কোনো বক্তব্য দেওয়া হয়নি।

মোস্তাফিজুর রহমানকে আইপিএল থেকে বাদ দেওয়ার নিন্দা ও প্রতিবাদ জানান যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ নজরুল। নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে আসিফ নজরুল লিখেছেন, 'ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী হিসেবে আমি ক্রিকেট কন্ট্রোল বোর্ডকে (বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে) বলেছি, তারা যেন আইসিসির কাছে পুরো বিষয়টি ব্যাখ্যা করে লিখে। বোর্ড যেন জানিয়ে দেয় যে যেখানে বাংলাদেশের একজন ক্রিকেটার চুক্তিবদ্ধ হওয়া সত্ত্বেও ভারতে খেলতে পারেন না, সেখানে বাংলাদেশের গোটা ক্রিকেট টিম বিশ্বকাপ খেলতে যাওয়া নিরাপদ মনে করতে পারে না। বোর্ড থেকে বাংলাদেশের বিশ্বকাপ খেলাগুলো শ্রীলঙ্কায় করার অনুরোধ জানানোর নির্দেশনাও আমি দিয়েছি।' এ ছাড়া তথ্য ও সম্প্রচার উপদেষ্টাকে বাংলাদেশে আইপিএল খেলার সম্প্রচারও বন্ধ করে দেওয়ার অনুরোধের কথাও জানান তিনি।

বাংলাদেশের পেসার মোস্তাফিজুর রহমানকে আইপিএলের ২০২৬ আসর থেকে বাদ দেওয়ার ঘটনায় অসন্তোষ প্রকাশ করেন ফেসবুকে পোস্ট দেন সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী। তিনি ভারতীয় ক্রিকেট বোর্ড-বিসিসিআইয়ের সিদ্ধান্তটিকে 'ন্যক্কারজনক' বলে অভিহিত করেন।

নির্বাচনে ১০৭ নারী, সম্পদ ও আয়ে শীর্ষে বিএনপির রিতা

২-এর পৃষ্ঠায় পর ৪৪ প্রার্থীর মাত্র তিনজন নারী। তারা হলেন– ঝালকাঠি-১ ডা. মাহমুদা মিতু, ঢাকা-১৯ দিলশানা পারুল এবং ঢাকা-২০ নাবিলা তাসনিদ। জামায়াতের সঙ্গে ৩০ আসনে সমঝোতা হয়েছে দলটির। এই তিন নারীও রয়েছেন ৩০ আসনের মধ্যে। ফলে এনসিপির ১০ শতাংশ আসনে নারী প্রার্থী থাকতে পারেন।

অন্যান্য দলের মধ্যে জাতীয় পার্টি (জি এম কাদের) পাঁচজন, গণসংহতি আন্দোলন চার, আমার বাংলাদেশ (এবি) পার্টি তিন এবং গণঅধিকার পরিষদ তিন নারী প্রার্থী দিয়েছে। তবে এবি পার্টি জামায়াত জোটে এবং গণসংহতি আন্দোলন ও গণঅধিকার পরিষদ বিএনপি নেতৃত্বাধীন জোটে থাকায় এসব আসনে নারীদের শেষ পর্যন্ত নির্বাচন করার সম্ভাবনা কম।

রুমিনের আয় বেড়েছে ২২ গুণ

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে স্বতন্ত্র প্রার্থী রুমিন ফারহানার মালিকানায় রয়েছে– ধানমন্ডির ল্যাবরেটরি রোডে পাঁচ কাঠা জমি, লালমাটিয়ায় পাঁচ কাঠা জমি ও পাঁচটি ফ্ল্যাট। উত্তরাধিকার সূত্রে তিনি এসব পেয়েছেন। তাই দাম দেখাননি।

রুমিন ফারহানার ঢাকার পল্টনে এক হাজার ২৫৮ বর্গফুটের বাণিজ্যিক স্পেস রয়েছে। হলফনামায় দাম দেখিয়েছেন ৬৫ লাখ টাকা। ২০২৫-২৬ অর্থবছরের আয়কর রিটার্ন অনুযায়ী তাঁর আয় ৯৭ লাখ ১৪ হাজার টাকা। ২০১৯ সালে জমা দেওয়া হলফনামায় আয় ছিল চার লাখ ৩৪ হাজার টাকা। ছয় বছর আয় বেড়েছে ২২ গুণ।

পেশায় আইনজীবী রুমিনের নগদ ও ব্যাংকে আছে ৩২ লাখ ১৪ হাজার টাকা। ১০ ভরি স্বর্ণালংকার উপহার হিসেবে পাওয়ার কথা জানিয়েছেন হলফনামায়।

অনুদানের টাকায় নির্বাচন করবেন জারা

তাসনিম জারা ফেসবুকে ঘোষণা দিয়ে নির্বাচনের জন্য ৪৭ লাখ টাকা গণচাঁদা তুলেছিলেন। সেই টাকায় নির্বাচন করার কথা জানিয়েছেন হলফনামায়। তিনি তথ্য দিয়েছেন, স্থাবর সম্পত্তি নেই। অস্থাবর সম্পত্তির মূল্য ২২ লাখ ৩০ হাজার ১৯০ টাকা। তবে করযোগ্য সম্পদের পরিমাণ ১৯ লাখ ১০ হাজার ৫০৯ টাকা। ঢাকা-৯ আসনের স্বতন্ত্র প্রার্থী জারার অলংকার আছে আড়াই লাখ টাকার। ব্যাংকে নিজ নামে জমা আছে ১০ হাজার ১৯ টাকা, হাতে নগদ আছে ১৬ লাখ টাকা ও ২ হাজার ২৭০ ব্রিটিশ পাউন্ড।

এনসিপি থেকে সদ্য পদত্যাগ করা জারার স্বামী খালেদ সাইফুল্লাহর হাতে নগদ আছে ১৫ লাখ টাকা ও ছয় হাজার ব্রিটিশ পাউন্ড।

ধনাঢ্য আফরোজা খানম

মানিকগঞ্জ-৩ আসনে বিএনপির প্রার্থী আফরোজা খানম রিতা মুন্নু গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান। হলফনামায় দেওয়া তথ্যানুযায়ী তাঁর বার্ষিক আয় এক কোটি ৬০ লাখ ৯৮ হাজার ৬৩৮ টাকা। শিক্ষাগত যোগ্যতা বিকম (অনার্স)। তাঁর বিরুদ্ধে ৯টি মামলা রয়েছে। রিতার অস্থাবর সম্পদের বাজারমূল্য ৮৫ কোটি ৭২ লাখ টাকা। তাঁর হাতে নগদ টাকা রয়েছে পাঁচ কোটি ৮৬ লাখ। স্বর্ণ রয়েছে ১৬৪ ভরি। স্থাবর সম্পদ ১১ কোটি ৩৮ লাখ টাকার। ব্যাংক ঋণ ২০ কোটি ২৭ লাখ ৬১ হাজার ৩৪৩ টাকা।

২৭০০ বর্গফুটের ফ্ল্যাট প্রিয়াঙ্কার

যুক্তরাজ্যের ডিগ্রিধারী সানসিলা সাবরিন প্রিয়াঙ্কা পেশায় চিকিৎসক। বিএনপির এই প্রার্থীর বিরুদ্ধে মামলা নেই। তাঁর বার্ষিক আয় প্রায় সাত লাখ টাকা। হলফনামায় প্রিয়াঙ্কা উল্লেখ করেছেন, তাঁর হাতে আছে ২৯ লাখ ৭৩ হাজার টাকা। বিয়ের সময় তিনি ৬০ ভরি স্বর্ণালংকার উপহার পেয়েছেন। তাঁর স্বামীর স্বর্ণালংকার রয়েছে ৫০ ভরি। তাঁর অস্থাবর সম্পদ নেই। তবে স্থাবর সম্পদ হিসেবে বাবার কাছ থেকে পাওয়া ঢাকার মিরপুরে দুই ইউনিটের দুই হাজার ৭০০ বর্গফুটের ফ্ল্যাট রয়েছে।

শামা ওবায়েদের স্থাবর সম্পদ ৯ কোটি টাকার

ফরিদপুর-২ আসনে বিএনপির প্রার্থী শামা ওবায়েদের পেশা ব্যবসা। এলিউর বিল্ডার্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক তিনি। তাঁর বার্ষিক আয় ২১ লাখ ৮৯ হাজার টাকা। চার কোটি ৩৭ লাখ ৮৫ হাজার ৮০৬ টাকার অস্থাবর সম্পদের মালিক তিনি। ৩০ লাখ টাকা দামের জিপ গাড়িও রয়েছে। স্থাবর সম্পদের বর্তমান মূল্য ৯ কোটি টাকা। বনানীতে তিন হাজার ২৪৫ বর্গফুটের ফ্ল্যাট আছে তাঁর। শামার বিরুদ্ধে ১৭টি মামলা ছিল। এগুলো থেকে খালাস ও অব্যাহতি পেয়েছেন।

তাহসিনা রুশদীর আয় পেনশন ও সঞ্চয়পত্র থেকে

গুম হওয়া বিএনপি নেতা ইলিয়াস আলীর স্ত্রী তাহসিনা রুশদীর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ডেপুটি রেজিস্ট্রার। সিলেট-২ আসনের এই প্রার্থী হলফনামায় লিখেছেন, তাঁর আয়ের উৎস পেনশন ও সঞ্চয়পত্র। বার্ষিক আয় ৯ লাখ ৫২ হাজার ৩৮৭ টাকা। প্রায় দেড় কোটি টাকার অস্থাবর সম্পদ রয়েছে। বৈবাহিক সূত্রে পাওয়া ৪০ ভরি স্বর্ণালংকার আছে। প্রায় ছয় একর কৃষি জমির মালিক তিনি।

তিন ব্যবসায়ী নারী, আয় মাসে লাখের কম

নাদিরা মিঠুর হলফনামা অনুযায়ী তিনি ব্যবসায়ী। মাদারীপুর-১ আসনে ধানের শীষের এই প্রার্থীর বার্ষিক আয় ১০ লাখ ৩৮ হাজার টাকা। এক কোটি ৭২ লাখ ৩৭ হাজার টাকার অস্থাবর সম্পদ রয়েছে তাঁর। রাজধানীর খিলগাঁও ও নিউ ইস্কাটনে দুটি ফ্ল্যাটের মালিক তিনি।

যশোর-২ আসনের সাবিরা সুলতানার শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক। হলফনামা অনুযায়ী তাঁর পেশা গৃহিণী, ব্যবসা ও সমাজসেবা। তাঁর বার্ষিক আয় ছয় লাখ ৭৭ হাজার ১৭৯ টাকা। স্থাবর ও অস্থাবর মিলিয়ে বর্তমান বাজারমূল্যে তিনি পাঁচ কোটি টাকা সম্পদের মালিক।

ঝালকাঠি-২ আসনের ইলেন ভুট্টোর বার্ষিক আয় ছয় লাখ ৭৩ হাজার ৪৫৩ টাকা। হলফনামা অনুযায়ী তাঁর পেশা ব্যবসা। ফরিদপুর-৩ আসনের নায়াব ইউসুফের পেশাও ব্যবসা। তাঁর বার্ষিক আয় আট লাখ ৯৫ হাজার টাকা। স্থাবর সম্পদের মূল্য প্রায় পাঁচ কোটি টাকা।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রাণকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতজ্ঞতার সাথে এডিনিস্ট্রর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
Operate by JH office)
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

বিশ্বকাপ খেলতে ভারত যাবে না বাংলাদেশ

আইসিসিকে বিসিবির চিঠি



ভারতের বোর্ডের উগ্র সাম্প্রদায়িক নীতির পরিপ্রেক্ষিতে নেওয়া সিদ্ধান্তকে স্বাগত জানাই : আসিফ নজরুল



আমার তো চুপ করে বসে থাকার উপায় নেই : তথ্য উপদেষ্টা

ক্রীড়া ডেস্ক: টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের ম্যাচগুলো ভারত থেকে সরিয়ে অন্য দেশে আয়োজনের জন্য আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)-কে আনুষ্ঠানিকভাবে অনুরোধ জানিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। রবিবার বিসিবির পরিচালকদের জরুরি সভা শেষে, বাংলাদেশ সরকারের নির্দেশনা অনুযায়ী বর্তমান পরিস্থিতিতে ভারতে বাংলাদেশ দলের খেলোয়াড় ও সফরসঙ্গীদের না পাঠানোর ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়।

রবিবার সন্ধ্যায় বিসিবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, 'ভারত ও শ্রীলঙ্কায় অনুষ্ঠিতব্য আইসিসি পুরুষ টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৬ সংক্রান্ত সাম্প্রতিক ঘটনাবলি নিয়ে আলোচনার জন্য গতকাল রবিবার বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পরিচালনা পর্ষদের একটি জরুরি সভা অনুষ্ঠিত হয়েছে। বোর্ড গত ২৪ ঘণ্টার ঘটনাবলি বিবেচনায় নিয়ে পরিস্থিতি বিস্তারিতভাবে পর্যালোচনা করেছে এবং ভারতে অনুষ্ঠিতব্য ম্যাচগুলোতে বাংলাদেশ জাতীয় দলের অংশগ্রহণের সামগ্রিক পরিস্থিতির ওপর গভীর উদ্বেগ প্রকাশ করেছে। বিদ্যমান পরিস্থিতি এবং ভারতে অবস্থানকালে বাংলাদেশ দলের নিরাপত্তা ও সুরক্ষা নিয়ে ক্রমবর্ধমান উদ্বেগ পুঙ্খানুপুঙ্খভাবে মূল্যায়ন করে এবং বাংলাদেশ সরকারের পরামর্শ বিবেচনা করে পরিচালনা পর্ষদ এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে, বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশ জাতীয় দল টুর্নামেন্টের জন্য ভারত সফর করবে না।'

এই সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে, বিসিবি টুর্নামেন্টের আয়োজক কর্তৃপক্ষ হিসেবে আইসিসিকে বাংলাদেশের সব ম্যাচ ভারতের বাইরে কোনো ভেন্যুতে স্থানান্তরের বিষয়টি বিবেচনা করার জন্য আনুষ্ঠানিকভাবে অনুরোধ জানিয়েছে। ক্রিকেট বোর্ড বিশ্বাস করে যে, বাংলাদেশি খেলোয়াড়, দলের কর্মকর্তা, বোর্ডের সদস্য এবং অন্য অংশীজনদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে এবং দল যাতে একটি নিরাপদ ও উপযুক্ত পরিবেশে টুর্নামেন্টে অংশ নিতে পারে তা নিশ্চিত করার জন্য এই ধরনের পদক্ষেপ প্রয়োজনীয়।

বাংলাদেশ ক্রিকেট বোর্ড পরিস্থিতির গুরুত্ব অনুধাবনে আইসিসির সহযোগিতা এবং এ বিষয়ে জরুরি প্রতিক্রিয়ার অপেক্ষায় রয়েছে।'

ভারতে উগ্র হিন্দুত্ববাদী দলগুলোর ক্রমাগত হুমকির মুখে ভারতীয় ক্রিকেট বোর্ডের নির্দেশে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের ফ্র্যাঞ্চাইজি কলকাতা নাইট রাইডার্স তাদের দল থেকে বাংলাদেশের ক্রিকেটার মোস্তাফিজুর রহমানকে বাদ দেওয়ার পর পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে দুই তরফেই। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের দুজন উপদেষ্টা, ক্রীড়া উপদেষ্টা আসিফ নজরুল ও তথ্য উপদেষ্টা ১০-এর পৃষ্ঠায় দেখুন

ট্রাম্পের অগ্রাধিকার জ্বালানি

ভবিষ্যৎ অনিশ্চিত ভেনিজুয়েলার



বাংলা পত্রিকা ডেস্ক: ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো ও তার স্ত্রীকে বন্দি করে যুক্তরাষ্ট্রে নিয়ে যাওয়ার পর দেশটির ক্ষমতা কাঠামো, রাজনৈতিক প্রক্রিয়া ও ভবিষ্যৎ শাসন ব্যবস্থা ঘিরে তৈরি হয়েছে গভীর অনিশ্চয়তা।

ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো ও তার স্ত্রীকে বন্দি করে যুক্তরাষ্ট্রে নিয়ে যাওয়ার পর দেশটির ক্ষমতা কাঠামো, রাজনৈতিক প্রক্রিয়া ও ভবিষ্যৎ শাসন ব্যবস্থা ঘিরে তৈরি হয়েছে গভীর অনিশ্চয়তা। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দিয়েছেন, নিরাপদ, সুষ্ঠু ও ন্যায়সংগত ক্ষমতা হস্তান্তর না হওয়া পর্যন্ত যুক্তরাষ্ট্র ভেনিজুয়েলা পরিচালনা করবে। তবে এ 'পরিচালনা' কী ধরনের প্রশাসনিক কাঠামোর মাধ্যমে হবে, কতদিন চলবে, দেশটির অভ্যন্তরীণ প্রশাসনের কী হবে সে বিষয়ে কোনো সুস্পষ্ট রূপরেখা দেয়নি ট্রাম্প প্রশাসন। এমনকি দেশটির গণতান্ত্রিক উত্তরণের বিষয়েও কোনো আলোচনা নেই। বরং ট্রাম্প স্পষ্টভাবে জানিয়েছেন, ভেনিজুয়েলার জ্বালানি খাতে যুক্তরাষ্ট্রের কোম্পানিগুলো বিনিয়োগ করবে। ভেঙে পড়া অবকাঠামো পুনর্গঠন করা হবে এবং জ্বালানি উৎপাদন ও রাজস্ব বাড়ানোর পদক্ষেপ নেয়া হবে।

ট্রাম্প প্রশাসনের বরাত দিয়ে যুক্তরাষ্ট্রের গণমাধ্যমগুলো বলছে, ভেনিজুয়েলার পরিস্থিতি সামলাতে ট্রাম্পের মন্ত্রিসভার সদস্যদের নিয়ে একটি গ্রুপ কাজ করবে। যেখানে পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ও প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে। তবে ভেনিজুয়েলার সবচেয়ে প্রভাবশালী বিরোধী নেতা শান্তিতে নোবেলজয়ী মারিয়া কোরিনা মাচাদোর সঙ্গে কাজের সম্ভাবনা প্রকাশ্যে নাকচ করে দিয়েছেন ট্রাম্প। তার দাবি, দেশের ভেতরে মাচাদোর যথেষ্ট সমর্থন নেই।

যুক্তরাষ্ট্রভিত্তিক থিংকট্যাংক কাউন্সিল অন ফরেন রিলেশনসের জ্যেষ্ঠ নিরাপত্তা গবেষক ম্যাক্স বুট বলেন, 'ট্রাম্পের সামরিক অভিযানটি যতটা নিখুঁত ও সফল তার পরিকল্পনা ততটাই অস্পষ্ট।' তার মূল্যায়ন অনুযায়ী, যদি আরো বৃহত্তর বিশৃঙ্খলা তৈরি হয়, তবে এটি হবে এমন এক উদাহরণ যেখানে সামরিক সাফল্য রাজনৈতিকভাবে ব্যর্থ হবে। তিনি সতর্ক করেন, যুক্তরাষ্ট্র যদি দীর্ঘমেয়াদি অন্তর্বর্তী শাসনের পথে এগোয়, তবে ইরাক বা আফগানিস্তানের মতো পরিস্থিতি সৃষ্টি হওয়ার ঝুঁকিও তৈরি হতে পারে।

ভেনেজুয়েলার সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতির অনুপস্থিতিতে ভাইস প্রেসিডেন্ট দেলসি রদ্রিগেজের দায়িত্ব নেয়ার কথা। দেশটির সুপ্রিম কোর্টও তাকে দায়িত্ব পালনের নির্দেশ দিয়েছেন। এরই মধ্যে দেলসি শপথও নিয়েছেন। তবে ভেনিজুয়েলার অভ্যন্তরীণ ক্ষমতা কাঠামোয় সবচেয়ে আলোচিত নাম দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী দিয়োসদাদো কাবেলো। কিছু জেনারেল যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতার সম্ভাবনা যাচাই করছেন– এমন খবর শোনা গেলেও কাবেলোপন্থী গোষ্ঠী এখনো আপসের পথে আগ্রহী নয় বলে ধারণা করা হচ্ছে।

যুক্তরাষ্ট্রভিত্তিক থিংকট্যাংক কাউন্সিল অন ফরেন রিলেশনসের জ্যেষ্ঠ গবেষক শ্যানন কে ও'নিলের মতে, মাদুরোকে অপসারণ করা হলেও তার ঘনিষ্ঠরাই দেশটিতে বহাল। ফলে ট্রাম্প প্রশাসনের পক্ষে প্রশাসন পরিচালনা করা সহজ হবে না। এছাড়া গত দুই যুগে ভেনিজুয়েলার সামরিক কাঠামো ভেঙে পড়েছে। আনুগত্যভিত্তিক নেটওয়ার্ক গড়ে উঠেছে। রাষ্ট্রক্ষমতা এখন কেবল সেনাবাহিনীর হাতে নয়, বরং সক্রিয় রয়েছে গোপন পুলিশ, মিলিশিয়া সংগঠন।

অন্যদিকে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযান সামরিকভাবে সফল হলেও এর কৌশলগত ফলাফল কতটা ইতিবাচক হবে তা নিয়েও সংশয় রয়েছে। অপারেশনে দেড়শর বেশি বিমান, বিশেষায়িত কমান্ডো ইউনিট অংশ নেয়। অভিযানকে নাটকীয় কায়দায় দ্রুততম অভিযান হিসেবে বর্ণনা করা হলেও অভিযান-পরবর্তী পরিকল্পনা কতটা প্রস্তুত তা নিয়ে সংশয় রয়েছে। ট্রাম্পের ঘোষণায় গণতান্ত্রিক রোডম্যাপের চেয়ে জ্বালানি খাত পুনর্গঠনের প্রতি বেশি জোর দেয়া হয়েছে– এমন মতও প্রকাশ করছেন নিরাপত্তা গবেষকরা। তাদের মতে, ভেনেজুয়েলার জ্বালানি অবকাঠামো পুনর্গঠনে বহু বছর লাগবে, নতুন আইনি কাঠামো ও বিনিয়োগ পরিবেশ তৈরি করতে হবে, যা কার্যত দীর্ঘমেয়াদি বিদেশী উপস্থিতির পথ তৈরি করতে পারে। এমন পরিস্থিতিতে রাজনৈতিক অস্থিরতা ও সহিংসতা বাড়লে লাতিন আমেরিকার প্রতিবেশী দেশগুলোকে নতুন করে অভিবাসনের চাপ মোকাবেলা করতে হতে পারে।

আন্তর্জাতিক নিরাপত্তা বিশ্লেষক রন্নানা ভিজিল মনে করেন, জ্বালানি শিল্প পুনর্গঠনে বহু বছর লাগবে, যা কার্যত দীর্ঘমেয়াদি মার্কিন উপস্থিতির যুক্তি তৈরি করতে পারে। তিনি বলেন, 'এটি এমন এক হস্তক্ষেপ, যার কেন্দ্রবিন্দু জ্বালানি; নির্বাচন নয়।'

যুক্তরাষ্ট্রের এনার্জি ইনফরমেশন অ্যাডমিনিস্ট্রেশনের (ইআইএ) তথ্য অনুযায়ী, ভেনেজুয়েলার মজুদে রয়েছে প্রায় ৩০৩ বিলিয়ন ব্যারেল অপরিশোধিত জ্বালানি। এ বিপুল জ্বালানিভাণ্ডার দেশটির অর্থনৈতিক ভবিষ্যতের অন্যতম ভিত্তি হিসেবে বিবেচিত হচ্ছে। দেশটিতে জ্বালানি উৎপাদন গত এক দশকে মারাত্মকভাবে কমে গেছে। একসময় দৈনিক ৩৫ লাখ ব্যারেল জ্বালানি উৎপাদনকারী দেশটি বর্তমানে উৎপাদন করছে মাত্র ১০ লাখ ব্যারেল, যা বৈশ্বিক উৎপাদনের ১ শতাংশেরও কম। যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় দেশগুলোর আরোপিত নিষেধাজ্ঞার ফলে আন্তর্জাতিক জ্বালানি কোম্পানিগুলো ভেনিজুয়েলা থেকে সরে যায়। ফলে দেশটিতে নতুন বিনিয়োগ কার্যত বন্ধ। পাশাপাশি রাষ্ট্রায়ত্ত জ্বালানি কোম্পানি পিডিভিএসএ দীর্ঘদিন ধরে অব্যবস্থাপনা, দুর্নীতি ও রাজনৈতিক নিয়ন্ত্রণের কারণে দুর্বল হয়ে পড়েছে। ট্রাম্প জানিয়েছেন, শেভরনের মতো বড় মার্কিন কোম্পানিগুলো সেখানে বিলিয়ন বিলিয়ন ডলার বিনিয়োগ করে 'ভেঙে পড়া অবকাঠামো' ১০-এর পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ ল' সোসাইটির অভিষেক







নিউইয়র্ক: বাংলাদেশ ল সোসাইটি ইউএসএ ইনকের নবনির্বাচিত কমিটির অভিষেক ও শপথ গ্রহণ অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ২৮ ডিসেম্বর রোববার নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ইটজি চাইনিজ রেস্তোরাঁয় এ আয়োজন অনুষ্ঠিত হয়। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে অভিষেক অনুষ্ঠানের সূচনা হয়। এরপর যথাযথ মর্যাদায় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত পরিবেশন পর নবনির্বাচিত নেতৃবৃন্দকে আনুষ্ঠানিকভাবে শপথ পাঠ করান প্রধান নির্বাচন কমিশনার সাইয়্যেদ মঈন উদ্দিন জুনেল। অভিষেক ও শপথ গ্রহণের মধ্য দিয়ে নতুন কমিটি এক বছরের জন্য দায়িত্ব গ্রহণ করেন। এ সময় নবনির্বাচিত কমিটির সদস্যদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

অভিষিক্ত নেতৃবৃন্দরা হলেন, সভাপতি অ্যাডভোকেট আব্দুল ওয়াহিদ, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামাল উদ্দিনে, সহ-সভাপতি ব্যারিস্টার মো. আকমল খান ও এডভোকেট সোনিয়া সুলতানা, যুগ্ম সম্পাদক এডভোকেট আতিকুর রহমান সাবু ও মো. নুরুল করিম, সাংগঠনিক সম্পাদক মুহাম্মদ আব্দুর রাজ্জাক, কোষাধ্যক্ষ এডভোকেট মাহবুর আলম, প্রচার সম্পাদক এডভোকেট জয়দীপ আচার্য্য, ক্রীড়া ও সংস্কৃতি সম্পাদক এডভোকেট কাউসার পারভীন চৌধুরী, সমাজ কল্যান সম্পাদক মো. সফিকুল ইসলাম, অফিস সম্পাদক এডভোকেট মাহবুব আলম।

কার্যকরী সদস্য হিসেবে অভিষিক্ত হয়েছেন এডভোকেট মোহাম্মদ হাসনাত করিম ফাহিম, পর্না ইয়াসমীন, এডভোকেট কাজী এম জুয়েল, এডভোকেট রুবিনা মান্নান এবং এডভোকেট সাব্বির আহমেদ মাজহার। অনুষ্ঠান শেষে প্রধান নির্বাচন কমিশনার সাইয়্যেদ মঈন উদ্দিন জুনেলসহ নির্বাচন কমিশনার মো. আবুল বাশার ও সামিউল করিম আলমগীর নবনির্বাচিত নেতৃবৃন্দকে শুভেচ্ছা জানান। তারা নবগঠিত কমিটির সর্বাঙ্গীণ সফলতা কামনা করেন এবং বাংলাদেশি কমিউনিটির কল্যাণে ঐক্যবদ্ধভাবে নিবেদিত হয়ে কাজ করে যাওয়ার আহ্বান জানান।

বিশ্বকাপ খেলতে ভারত যাবে না বাংলাদেশ

৯-এর পৃষ্ঠায় পর রিজওয়ানা হাসান নিজ নিজ বক্তব্যে এই সিদ্ধান্তের সমালোচনা করেন। তথ্য উপদেষ্টা বলেন, 'বাংলাদেশের একজন খেলোয়াড়কে নিশ্চিত করার পরে তাকে রাজনৈতিক যুক্তিতে নেওয়া হবে না এ রকম সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের জনগণের মনে একটা আঘাত লাগে, তাদের মধ্যেও একটা প্রতিক্রিয়া হয়।' তিনি আরও বলেন, 'সে রকম জায়গায় আমাদেরও একটা অবস্থান নিতে হবে। আমরা সেই অবস্থানের আইনগত ভিত্তি ও প্রক্রিয়া যাচাই-বাছাই করছি। এটি করার পরে একটা পদক্ষেপ... গ্রহণ করব।...এখানে একটি সিচুয়েশন আমার জন্য তৈরি করা হয়েছে। আমাকে এ ব্যাপারে একটা ব্যবস্থা নিতে হবে। আমার তো চুপ করে বসে থাকার উপায় নেই। কোন যুক্তিতে মোস্তাফিজকে মানা করা হচ্ছে? খেলোয়াড়ি কোনো যুক্তিতে মানা করলে তো কোনো ব্যাপার ছিল না। যে যুক্তিতে মানা করা হচ্ছে, সে যুক্তিটা তো আমরা কোনোভাবেই গ্রহণ করতে পারছি না। ফলে সেখানে আমাদের একটা প্রতিক্রিয়া দেখাতে হচ্ছে।' আইন ও ক্রীড়া উপদেষ্টা আসিফ নজরুল ফেসবুক পেইজে লেখেন, 'বিশ্বকাপ খেলতে ভারতে যাবে না বাংলাদেশ। আজ এই সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড। ভারতের ক্রিকেট বোর্ডের উগ্র সাম্প্রদায়িক নীতির পরিপ্রেক্ষিতে গৃহীত এই সিদ্ধান্তকে স্বাগত জানাই।' এর আগের রাতে আরেকটি পোস্টে তিনি বলেছিলেন, 'যেখানে একজন চুক্তিবদ্ধ বাংলাদেশি ক্রিকেটার (মোস্তাফিজুর রহমান) ভারতে (আইপিএলে) খেলতে পারেন না, সেখানে ভারতের মাটিতে বাংলাদেশের পুরো জাতীয় দলের বিশ্বকাপ খেলা কতটা নিরাপদ, সে প্রশ্ন স্বাভাবিকভাবেই উঠে আসে।' সেই পোস্টে তিনি জানান, বিসিবিকে নির্দেশ দেওয়া হয়েছে যেন বাংলাদেশের বিশ্বকাপ ম্যাচগুলো শ্রীলঙ্কায় আয়োজনের অনুরোধ জানিয়ে আইসিসির কাছে আবেদন করা হয়।

তবে ভারতকে ঘিরে আইসিসির যে একচোখা নীতি এবং আইসিসির চেয়ারপারসন জয় শাহ ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী এবং সাবেক বিজেপি প্রেসিডেন্ট অমিত শাহর পুত্র হওয়াতে বাংলাদেশের এই অনুরোধ আইসিসি আদৌ রাখবে কি না তা নিয়ে আছে বিস্তর সংশয়। মোস্তাফিজকে দল থেকে বাদ দেওয়াকে বিজেপি নেতা সংগীত সোম বলেছেন হিন্দুত্বের বিজয়, পশ্চিম বাংলার বিজেপি নেতা কৌস্তভ বাগচি হুমকি দিয়েছিলেন আইপিএলের কোনো দলে বাংলাদেশের ক্রিকেটার খেললে সেই দলকে কলকাতায় ঢুকতে দেওয়া হবে না, প্রয়োজনে শাহরুখ খানকেও ঢুকতে দেওয়া হবে না। যে দলের নেতাদের এমন রাজনৈতিক অবস্থান, সেই দলের শীর্ষনেতার ছেলে কী সিদ্ধান্ত নেন সেটাই এখন দেখার। যদিও ভারতীয় ক্রিকেট বোর্ডের এক কর্মকর্তা গণমাধ্যমকে জানিয়েছেন, এই সময়ে এসে বাংলাদেশের অনুরোধ রাখা সম্ভব নয়, 'কারও ইচ্ছার ওপর ভিত্তি করে ম্যাচের জায়গা বদল করা যায় না। এতে পুরো ব্যবস্থায় সমস্যা হতে পারে। অন্য দলগুলোর কথাও তো ভাবতে হবে। সব দলের জন্য হোটেল, বিমানের টিকিটের ব্যবস্থা হয়ে গিয়েছে। এ ছাড়াও প্রতিদিন তিনটি করে ম্যাচ রয়েছে। একটি করে ম্যাচ হবে শ্রীলঙ্কায়। সূচি অনুযায়ী, সম্প্রচারকারীরা তাদের দলগুলোকে নিয়োগ করে। মুখে বলা যতটা সহজ, কাজটা মোটেও তত সহজ নয়।'

তবে সরকারি সিদ্ধান্তে কোনো দেশে খেলতে না যাওয়ার পরিপ্রেক্ষিতে নিরপেক্ষ ভেন্যুতে হাইব্রিড মডেলে টুর্নামেন্ট আয়োজনের পথিকৃৎ ভারতই। এশিয়া কাপ খেলতে এবং আইসিসি চ্যাম্পিয়নস ট্রফি খেলতে পাকিস্তানে যায়নি ভারতীয় দল, তাদের ম্যাচগুলো তারা খেলেছিল শ্রীলঙ্কায় ও সংযুক্ত আরব আমিরাতে। পাকিস্তান এ কারণে আসন্ন বিশ্বকাপে তাদের ম্যাচগুলো আগে থেকেই ভারতে খেলবে না জেনে শ্রীলঙ্কায় রেখেছে আইসিসি। এবং তাদের সঙ্গে ম্যাচ খেলতে ভারতকে যেতে হবে শ্রীলঙ্কায়।

ভবিষ্যৎ অনিশ্চিত ভেনিজুয়েলার

৯-এর পৃষ্ঠায় পর ঠিক করবে। ট্রাম্পের এ পদক্ষেপ বিশ্ব জ্বালানি বাজারে বড় ধরনের প্রভাব ফেলতে পারে বলে ধারণা করা হচ্ছে। তবে বড় প্রশ্ন হলো, ভেনিজুয়েলার বর্তমান প্রেসিডেন্ট দেলসি রদ্রিগেজ যদি ট্রাম্পের কথা মানতে অস্বীকার করেন, তবে তিনি কীভাবে দেশটি চালাবেন? 'কারভোজো স্কুল অব ল'র অধ্যাপক রেবেকা ইংবার বলেন, যুক্তরাষ্ট্রের পক্ষে ভেনিজুয়েলা চালানোর কোনো আইনি পথ তিনি দেখছেন না। এটি আন্তর্জাতিক আইনে একটি অবৈধ দখলদারত্বের মতো শোনাচ্ছে এবং ঘরোয়া আইনেও প্রেসিডেন্টের এমন কিছু করার ক্ষমতা নেই।

অবশ্য পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছেন, ভেনেজুয়েলার বর্তমান নেতৃত্ব যদি 'সঠিক সিদ্ধান্ত' নেয়, তাহলে তাদের সঙ্গে কাজ করতে যুক্তরাষ্ট্র প্রস্তুত। সিবিএস নিউজের 'ফেস দ্য নেশন' অনুষ্ঠানে রুবিও বলেন, 'আমরা তাদের মূল্যায়ন করব, তারা সামনে এগিয়ে কী করে তার ভিত্তিতে। এ মুহূর্তে তারা প্রকাশ্যে কী বলছে তার ওপর নয়, অতীতে অনেক ক্ষেত্রে তারা কী করেছে

শিকাগোসহ ৩ সিটিতে ন্যাশনাল গার্ড মোতায়েনের স্থগিত

প্রথম পৃষ্ঠার পর ডোনাল্ড ট্রাম্প। আইনি জটিলতা ও আদালতের একের পর এক বাধার মুখে বুধবার সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে এ সিদ্ধান্তের কথা জানান তিনি।

ট্রাম্প লেখেন, আপাতত এসব সিটি থেকে ন্যাশনাল গার্ড সরিয়ে নেওয়া হচ্ছে। তবে একই সঙ্গে হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, "অপরাধ যখন আবার বাড়তে শুরু করবে যা কেবল সময়ের ব্যাপার তখন আমরা হয়তো আরও ভিন্ন ও শক্তিশালী রূপে ফিরে আসব।"

এরই মধ্যে লস অ্যাঞ্জেলেস থেকে ন্যাশনাল গার্ড সেনারা সরে গেছে। চলতি বছরের শুরুতে অপরাধ ও অভিবাসন দমনের অংশ হিসেবে সেখানে সেনা মোতায়েন করা হয়েছিল। শিকাগো ও পোর্টল্যান্ডে সেনা পাঠানোর নির্দেশ দিলেও আইনি চ্যালেঞ্জের কারণে তারা কখনোই সরাসরি রাস্তায় নামেনি।

ডেমোক্র্যাট অধ্যুষিত সিটিগুলোতে ন্যাশনাল গার্ড নামানোর ট্রাম্পের উদ্যোগ শুরু থেকেই তীব্র আইনি বাধার মুখে পড়ে। ডিসেম্বরে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট শিকাগো এলাকায় ন্যাশনাল গার্ড মোতায়েনের অনুমতি দিতে অস্বীকৃতি জানায়। যদিও এটি চূড়ান্ত রায় ছিল না, তবু প্রেসিডেন্টের জন্য এটি ছিল একটি বিরল ও বড় ধাক্কা।

অন্যদিকে ওরেগনে এক ফেডারেল বিচারক সেখানে ন্যাশনাল গার্ড মোতায়েনের সিদ্ধান্ত স্থায়ীভাবে বাতিল করে দেন। ক্যালিফোর্নিয়াতেও আদালতের রায়ের পর ১৫ ডিসেম্বরের মধ্যে লস অ্যাঞ্জেলেসের রাস্তাগুলো থেকে ন্যাশনাল গার্ড প্রত্যাহার করা হয়। যদিও একটি আপিল আদালত গভর্নর গ্যাভিন নিউসমের হাতে ন্যাশনাল গার্ডের পূর্ণ নিয়ন্ত্রণ ফিরিয়ে দেওয়ার নির্দেশের একটি অংশ সাময়িকভাবে স্থগিত রেখেছিল।

তবে মঙ্গলবার আদালতে দাখিল করা নথিতে ট্রাম্প প্রশাসন জানায়, তারা আর সেই স্থগিতাদেশ চায় না। এর ফলে জুন মাসে ফেডারেল নিয়ন্ত্রণে নেওয়া ক্যালিফোর্নিয়া ন্যাশনাল গার্ডের ওপর রাজ্য সরকারের পূর্ণ কর্তৃত্ব ফিরে আসার পথ পরিষ্কার হলো।

অ্যাসইলাম আবেদন সাময়িক স্থগিত

প্রথম পৃষ্ঠার পর সুবিধার আবেদন পুনরায় খতিয়ে দেখা হবে।

স্মারকে বলা হয়েছে, আবেদনকারীর জাতীয়তা নির্বিশেষে সব ফর্ম আই-৫৮৯ অর্থাৎ আশ্রয় ও বহিষ্কার স্থগিতের আবেদন পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত হোল্ডে থাকবে। পাশাপাশি প্রেসিডেনশিয়াল প্রোক্লেমেশন ১০৯৪৯-এর আওতাভুক্ত ১৯টি উচ্চঝুঁকিপূর্ণ দেশের নাগরিকদের ভিসা, গ্রিন কার্ড, নাগরিকত্ব, ভ্রমণ নথিসহ বিভিন্ন সুবিধার আবেদনও স্থগিত করা হচ্ছে। এমনকি ২০২১ সালের ২০ জানুয়ারির পর যারা যুক্তরাষ্ট্রে প্রবেশ করে ইতোমধ্যে অনুমোদন পেয়েছেন, তাঁদের মামলাও নতুন করে পর্যালোচনার আওতায় আসবে।

ইউএসসিআইএস জানিয়েছে, এই পুনরায় পর্যালোচনার অংশ হিসেবে সংশ্লিষ্ট আবেদনকারীদের বাধ্যতামূলক সাক্ষাৎকার বা পুনঃসাক্ষাৎকার নেওয়া হতে পারে। কোনো ক্ষেত্রেই সাক্ষাৎকার মওকুফ করা হবে না। প্রতিটি আবেদন আলাদাভাবে, কেস-বাই-কেস ভিত্তিতে মূল্যায়ন করা হবে– আবেদনকারী জাতীয় নিরাপত্তা বা জননিরাপত্তার জন্য কোনো ঝুঁকি তৈরি করেন কি না, কিংবা অভিবাসন আইনে বর্ণিত অযোগ্যতার কোনো কারণ আছে কি না, তা খতিয়ে দেখা হবে।

নীতিগত স্মারকের পটভূমিতে উল্লেখ করা হয়েছে, চলতি বছরের শুরুতে জারি করা নির্বাহী আদেশ ১৪১৬১-এর লক্ষ্য হলো সন্ত্রাসবাদ, চরমপন্থা ও অভিবাসন আইন অপব্যবহারের ঝুঁকি থেকে যুক্তরাষ্ট্রকে সুরক্ষা দেওয়া। সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্রে সংঘটিত ও পরিকল্পিত সন্ত্রাসী হামলার ঘটনাগুলো– বিশেষ করে আফগান নাগরিকদের জড়িত থাকার অভিযোগ– এই কঠোর পদক্ষেপের যৌক্তিকতা হিসেবে তুলে ধরা হয়েছে।

ইউএসসিআইএস স্বীকার করেছে, এই সিদ্ধান্তের ফলে বহু আবেদনকারীর ক্ষেত্রে দীর্ঘ বিলম্ব সৃষ্টি হবে। তবে সংস্থার মতে, সেই ভোগান্তি জাতীয় নিরাপত্তা নিশ্চিত করার বৃহত্তর স্বার্থের তুলনায় গ্রহণযোগ্য। স্মারকে আরও বলা হয়েছে, এই স্থগিতাদেশ কার্যকর থাকবে যতদিন না ইউএসসিআইএসের পরিচালক নতুন কোনো নির্দেশ জারি করেন। কেবল ব্যতিক্রমী পরিস্থিতিতে এবং শীর্ষ পর্যায়ের অনুমোদন সাপেক্ষেই এই হোল্ড তুলে নেওয়া যেতে পারে।

ভেনেজুয়েলার পর কি গ্রিনল্যান্ড ও কিউবা?

প্রথম পৃষ্ঠার পর করেছেন।

ট্রাম্প এবং রুবিওর এই মন্তব্যগুলো স্পষ্ট করে দেয় যে, যুক্তরাষ্ট্রের প্রশাসন পশ্চিম গোলার্ধে আরও বিস্তৃত ও সক্রিয় ভূমিকা নিতে সিরিয়াস। ট্রাম্প গ্রিনল্যান্ডকে "রাশিয়ান ও চীনা জাহাজে ঘেরা" কৌশলগত দ্বীপ হিসেবে উল্লেখ করেছেন এবং যুক্তরাষ্ট্রের নিরাপত্তার স্বার্থে সেখানে কার্যকর নিয়ন্ত্রণ প্রয়োজন বলে দাবি করেছেন। খবর সিবিএস নিউজের।

সিবিএস নিউজের প্রতিবেদনে বলা হয়, ডেনিশ প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেন ট্রাম্পকে সতর্ক করে বলেছেন, "তার কোন অধিকার নেই গ্রিনল্যান্ড দখল করার।" তিনি আরও স্মরণ করিয়েছেন যে, ডেনমার্ক ইতিমধ্যেই যুক্তরাষ্ট্রকে ন্যাটো সদস্য হিসেবে গ্রিনল্যান্ডে নিরাপত্তা অ্যাক্সেস দিয়েছে। ফ্রেডেরিকসেন আরও বলেন, "আমরা আশা করি যুক্তরাষ্ট্র আমাদের ঐতিহাসিক ঘনিষ্ঠ মিত্রের ভূখণ্ডের সঙ্গেই সম্মানজনক আচরণ করবে। গ্রিনল্যান্ড বিক্রয়যোগ্য নয়।"

একই সময়ে, কিউবার ওপরও সতর্কবার্তা জারি করেছেন রুবিও। তিনি বলেছেন, মাদুরোর নিরাপত্তা এবং ভেনেজুয়েলার অভ্যন্তরীণ গোয়েন্দা কার্যক্রম পরিচালনায় কিউবার কর্মকর্তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছিলেন। রুবিও আরও বলেন, "এটি পশ্চিম গোলার্ধ, আমরা অনুমোদন দেব না যে কোনো দেশ এখানে যুক্তরাষ্ট্রের প্রতিপক্ষ বা প্রতিদ্বন্দ্বী হিসেবে কাজ করুক।" ট্রাম্পও কিউবার সরকারকে ভেনেজুয়েলার মতো "হতাশ" দেশ হিসেবে উল্লেখ করেছেন এবং বলেন, যুক্তরাষ্ট্র চাইবে কিউবার জনগণের সহায়তা করা।

ভেনেজুয়েলায় মাদুরোকে ক্ষমতাচ্যুত করার পর ট্রাম্প বলেছেন, যুক্তরাষ্ট্র "সঠিকভাবে" দেশটি পরিচালনা করবে এবং "নিরাপদ ও যুক্তিসঙ্গত" ট্রানজিশনের ব্যবস্থা হবে। তবে তিনি বিস্তারিত তথ্য দেননি, কিভাবে বা কোন কর্তৃত্বের অধীনে যুক্তরাষ্ট্র দেশটি পরিচালনা করবে, কিংবা নতুন নেতাকে নির্বাচনে সাহায্য করবে কিনা।

স্থানীয় সংবাদ এবং সামাজিক মাধ্যমের ভিডিওতে দেখা গেছে, ভেনেজুয়েলায় সাধারণ মানুষ আতঙ্ক ও অনিশ্চয়তার মধ্যে ঘরে থাকা এবং বাজারে সীমিতভাবে সরবরাহ সংগ্রহ করছে। রাজধানী কারাকাস এবং অন্যান্য শহরের রাস্তা প্রায় ফাঁকা। বিপজ্জনক পরিস্থিতি এড়াতে বাসিন্দারা প্রধানত খাদ্য ও দৈনন্দিন প্রয়োজনীয় জিনিসপত্র সংগ্রহে মনোযোগ দিচ্ছেন।

গ্রিনল্যান্ড ও কিউবার প্রসঙ্গে ট্রাম্পের মন্তব্য আন্তর্জাতিক সম্প্রদায়ের মধ্যে উদ্বেগ সৃষ্টি করেছে। বিশেষজ্ঞরা বলছেন, ভেনেজুয়েলায় যুক্তরাষ্ট্রের হস্তক্ষেপের পরবর্তী লক্ষ্য হিসেবে আঞ্চলিক দেশগুলো আতঙ্কিত। ডেনমার্ক এবং ইউরোপীয় ইউনিয়নের পক্ষ থেকে শক্ত প্রতিক্রিয়া জানানো হয়েছে, যেখানে তারা ভেনেজুয়েলার জনগণের আত্মনির্ধারণের অধিকারকে সম্মান করার আহ্বান জানিয়েছে।

ভেনেজুয়েলা এবং আশেপাশের দেশগুলো এখন নতুন রাজনৈতিক বাস্তবতার মুখোমুখি। দেশটির সামরিক বাহিনী এবং স্থায়ী প্রশাসনিক কর্মকর্তা-দের অবস্থান এই মুহূর্তে অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশের জনগণ, বিশেষ করে কারাকাস ও মারাকাইবোসহ প্রধান শহরের বাসিন্দারা আতঙ্ক ও অনিশ্চয়তার মধ্যে দিনযাপন করছেন।

সামগ্রিকভাবে, ট্রাম্প প্রশাসনের পদক্ষেপ এবং ভবিষ্যতের পরিকল্পনা নিয়ে যুক্তরাষ্ট্র ও আঞ্চলিক দেশগুলোর মধ্যে উত্তেজনা এবং অনিশ্চয়তা ছড়িয়ে পড়েছে। গ্রিনল্যান্ড ও কিউবার ওপর যুক্তরাষ্ট্রের সম্ভাব্য হস্তক্ষেপের বিষয়টি এখন আন্তর্জাতিক পর্যবেক্ষকদের নজরকেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে।

যুক্তরাষ্ট্রে 'পর্যুদস্ত' অভিবাসীরা

প্রথম পৃষ্ঠার পর নিয়ে যাওয়া হয়েছে আইসিই এজেন্টদের হাতে। ম্যানহাটনের এক রেস্তোরাঁয় হঠাৎ উধাও হয়ে যাওয়া লাইন কুকের খোঁজে দিশেহারা মালিকপক্ষ। শিকাগো ও ওয়াশিংটনের ফুটপাতে পড়ে থাকা বৈদ্যুতিক বাইক ডেলিভারি দিতে গিয়ে আটক হওয়া চালকদের নীরব সাক্ষ্য।

নিউইয়র্কের উপশহরে মারিয়া প্রিয়েগো চার সন্তানকে নিয়ে রাতের খাবারে বসেন, কিন্তু খালি পড়ে থাকে সেই চেয়ার, যেখানে ২০ বছর যুক্তরাষ্ট্রে থাকার পর মেক্সিকোতে নির্বাসিত স্বামী আলেহান্দ্রো জুয়ারেজ বসতেন প্রতিদিন। এমন অসংখ্য গল্পই সামনে আনছে এই অভিযানের মানবিক মূল্য।

ভোটারদের এক বড় অংশের কঠোর অভিবাসনবিরোধী মনোভাবের জোরে হোয়াইট হাউসে ফিরে ট্রাম্প তার প্রতিশ্রুতি বাস্তবায়নে নামেন। লক্ষ্য পূরণে কোটা-চাপের মুখে লক্ষ্যভিত্তিক অভিযানের বদলে শুরু হয় ব্যাপক 'সুইপ', যা সমালোচকদের মতে নির্বিচার, আর সমর্থকদের কাছে জরুরি। বিক্ষোভকারীদের সঙ্গে সশস্ত্র বাহিনীর সংঘর্ষ হয়েছে, ধরা পড়েছেন নতুন ও দীর্ঘদিনের অভিবাসী অপরাধী ও নির্দোষ উভয়ই।

দক্ষিণ সীমান্তে দৃশ্যপট সম্পূর্ণ বদলে গেছে। একসময় যেখানে হাজার হাজার মানুষ প্রতিদিন সীমান্ত পাড়ি দিত, সেখানে এখন নীরবতা। আকাশে সামরিক হেলিকপ্টার, মাটিতে সাঁজোয়া যান ও সেনা মোতায়েন। ট্রাম্প দায়িত্ব নেওয়ার দিনই 'জাতীয় জরুরি অবস্থা' ঘোষণা করে আশ্রয়প্রার্থীদের প্রবেশ কার্যত বন্ধ করে দেন। ফলাফল স্পষ্ট– অক্টোবরে গড়ে দিনে মাত্র ২৫৮ জনকে আটক করেছে বর্ডার প্যাট্রোল, যা ১৯৭০ সালের পর সর্বনিম্ন।

তবে সীমান্তে চাপ কমলেও বিতর্ক থামেনি। এল পাসোর মতো শহরে একসময় ভরা আশ্রয়কেন্দ্র এখন ফাঁকা। প্রায় পাঁচ দশক ধরে শরণার্থীদের আশ্রয় দেওয়া রুবেন গার্সিয়ার কাছে এই শূন্যতা যুক্তরাষ্ট্রের নৈতিক পতনের প্রতীক। তার ভাষায়, "এ বছরটা আমাদের আত্মা হারানোর বছর।"

নির্বাসন অভিযান দেশের ভেতরে আরও গভীর প্রভাব ফেলেছে। নিউইয়র্কে অভিবাসন আদালতেই আটক শুরু হয়। স্থায়ী বাসিন্দা ও কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের স্নাতক মাহমুদ খলিলকে গ্রেপ্তারের ঘটনা মুক্তবাক্‌স্বাধীনতা নিয়ে বিতর্ক উসকে দেয়। একই সঙ্গে নির্বাহী আদেশে জন্মসূত্রে নাগরিকত্ব সীমিত করার চেষ্টা, ভ্রমণ নিষেধাজ্ঞা ও মানবিক কর্মসূচি বাতিলের পদক্ষেপ নেওয়া হয়। আইসিই চালু করে ব্যয়বহুল প্রচার– নিজে থেকে দেশ ছাড়ুন, নইলে 'খুঁজে বের করা হবে'।

লস অ্যাঞ্জেলেসে হোম ডিপোর পার্কিং লটে কর্মী ধরপাকড় দিয়ে শুরু হয় বড় অভিযান। পরে শিকাগোতেও নামে ফেডারেল বাহিনী। রাস্তাঘাট থেকে তুলে নেওয়া হয় ফুল বিক্রেতা লেওদেগারিও মার্তিনেস বারাদাসের মতো মানুষদের, যিনি ছয় সন্তানের ভরণপোষণে সপ্তাহান্তে ফুল বিক্রি করতেন। কয়েক দিনের মধ্যেই তাকে মেক্সিকোতে পাঠানো হয়।


এই কড়াকড়ি সমর্থকদের উৎসাহিত করলেও দেশজুড়ে বিভাজন বাড়িয়েছে। পিউ রিসার্চ সেন্টারের জরিপ বলছে, সংখ্যাগরিষ্ঠ এখনো ট্রাম্পের অভিবাসন নীতিকে সমর্থন করলেও ৫৩ শতাংশ মনে করেন নির্বাসনের ক্ষেত্রে তিনি 'অতিরিক্ত দূরে' চলে গেছেন।

নিউইয়র্ক এখনো লস অ্যাঞ্জেলেস বা শিকাগোর মতো বড় অভিযানের মুখে পড়েনি, তবে প্রস্তুতি চলছে। ক্যানাল স্ট্রিটের অভিযানে কিংবা আপস্টেট নিউইয়র্কের কারখানায় হানা– এসব ইঙ্গিত দিচ্ছে সামনে কী আসতে পারে। অভিবাসী পাড়ায় হুইসেল ও গ্রুপ চ্যাটে সতর্কবার্তা ছড়াচ্ছে। নিউ জার্সির ডিটেনশন সেন্টারে প্রতি সপ্তাহে ভিড় করছেন স্বজনেরা।

কলম্বিয়া থেকে আশ্রয় নিয়ে আসা লেতিসিয়া কোর্তেজের পরিবার তার একটি উদাহরণ। স্বামী সান্তিয়াগো রেনদোন আটক হওয়ার পর শেষ পর্যন্ত স্বেচ্ছায় নির্বাসন বেছে নেন। সাত বছরের ছেলের চোখের সামনে শিকলে বাঁধা বাবার বিদায় এই দৃশ্যই যেন এক বছরে বদলে যাওয়া আমেরিকার সবচেয়ে নীরব কিন্তু তীব্র ছবি।

গুম কমিশনের চূড়ান্ত প্রতিবেদন জমা

১৫ বছরে গুম প্রায় ৬ হাজার



বাংলা পত্রিকা ডেস্ক: আওয়ামী লীগের শাসনামলে ২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত সাড়ে ১৫ বছরে দেশে প্রায় ৬ হাজার ব্যক্তি গুম হয়েছেন। এর মধ্যে ১ হাজার ৫৬৯ জনকে ইতোমধ্যে চিহ্নিত করেছে গুম কমিশন। এছাড়া কমিশন তদন্তকালে নিশ্চিত হয়েছে গুম হওয়ার পর মারা গেছেন ২৮৭ জন।

এদিকে গুম হওয়া ব্যক্তিদের মধ্যে রাজনৈতিক পরিচয় মিলেছে ৬১ শতাংশের। এ তালিকার হাই প্রোফাইলদের গুম করা হয় তৎকালীন সরকারপ্রধান শেখ হাসিনার সরাসরি নির্দেশে। যাদের অনেককে আইনি প্রক্রিয়া ছাড়াই সীমান্ত পার করে ভারতে পাঠিয়ে দেওয়া হয়। গুম সংক্রান্ত 'কমিশন অব ইনকোয়ারি'র চূড়ান্ত প্রতিবেদনে এসব তথ্য তুলে ধরা হয়েছে। প্রতিবেদনে বলা হয়, গুমের শিকার ৭৫ শতাংশ জামায়াত-শিবিরের নেতাকর্মী। ২২ শতাংশ বিএনপি ও অঙ্গসংগঠনের। তবে এখনো যারা নিখোঁজ রয়েছেন, তাদের মধ্যে ৬৮ শতাংশ বিএনপি এবং ২২ শতাংশ জামায়াত-শিবিরের।

প্রতিবেদনটি প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের কাছে রোববার জমা দিয়েছে কমিশন। এর আগেও তিন দফায় আংশিকভাবে প্রতিবেদন জমা দেওয়া হয়। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রতিবেদন জমাকালে উপস্থিত ছিলেন কমিশনের সভাপতি বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী, কমিশনের সদস্য-বিচারপতি মো. ফরিদ আহমেদ শিবলী, নূর খান লিটন, নাবিলা ইদ্রিস ও সাজ্জাদ হোসেন।

প্রতিবেদনে বলা হয়, হাই প্রোফাইল গুমের ঘটনায় তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার প্রতিরক্ষাবিষয়ক উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিক, তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান সরাসরি সম্পৃক্ত ছিলেন। এ তালিকায় থাকা অন্যতম ব্যক্তি হলেন-বিএনপি নেতা ইলিয়াস আলী, হুম্মাম কাদের চৌধুরী, সালাহউদ্দিন আহমদ, চৌধুরী আলম, জামায়াত নেতা ও সাবেক ব্রিগেডিয়ার জেনারেল আবদুল্লাহিল আমান আযমী, ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম এবং সাবেক রাষ্ট্রদূত মারুফ জামান। প্রতিবেদনে আরও বলা হয়, অনেক গুমের ক্ষেত্রে শেখ হাসিনা নিজে সরাসরি নির্দেশ দিয়েছেন। তাছাড়া গুমের শিকার ব্যক্তিদের ভারতে রেন্ডিশনের (আইনি প্রক্রিয়া ছাড়াই গোপনে হস্তান্তর) যে তথ্য পাওয়া গেছে এতে স্পষ্ট হয়, সরকারের সর্বোচ্চ পর্যায়ের নির্দেশেই এগুলো হয়েছে। অভিযোগ অনুযায়ী র‍্যাব, পুলিশ, ডিবি এবং বিভিন্ন গোয়েন্দা সংস্থাই গুমে প্রধান ভূমিকা পালন করেছে। অনেক ঘটনায় একাধিক বাহিনীর যৌথ সম্পৃক্ততাও পাওয়া গেছে।

প্রতিবেদনে কমিশন জানায়, রাজনৈতিক পরিচয় পাওয়া ৯৪৮ জনের মধ্যে ৪৭৬ জন জামায়াতে ইসলামীর নেতাকর্মী। ২৩৬ জন ছাত্রশিবিরের, ১৪২ জন বিএনপির, ৪৬ জন ছাত্রদলের এবং ১৭ জন যুবদলের নেতাকর্মী। এ হিসাবে গুমের শিকার ব্যক্তিদের মধ্যে যারা জীবিত ফিরেছেন, তাদের মধ্যে ৭৫ শতাংশ জামায়াত-শিবিরের নেতাকর্মী, ২২ শতাংশ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মী। যারা এখনো নিখোঁজ রয়েছেন, তাদের মধ্যে ৬৮ শতাংশ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মী এবং ২২ শতাংশ জামায়াত-শিবিরের নেতাকর্মী।

প্রতিবেদনে উল্লেখ করা হয়, কমিশন গঠনের পর গুমের শিকার পরিবারের কাছ থেকে অভিযোগ জমা দেওয়ার আহ্বান জানানো হয়। এতে ১ হাজার ৯১৩টি অভিযোগ গুম তদন্ত কমিশনে জমা পড়েছে। এর মধ্যে যাচাই-বাছাই শেষে ১ হাজার ৫৬৯টি অভিযোগ সংজ্ঞা অনুযায়ী গুম হিসাবে বিবেচিত হয়। এর মধ্যে ২৮৭টি অভিযোগ 'মিসিং অ্যান্ড ডেড' ক্যাটাগরিতে পড়েছে। কমিশন জানায়, তদন্ত অনুযায়ী বরিশালের বলেশ্বর নদীতে সবচেয়ে বেশি হত্যাকাণ্ড ও লাশ গুমের ঘটনা ঘটেছে। শত শত গুমের শিকার ব্যক্তিকে হত্যা করে এই নদীতে ফেলে দেওয়া হয়। এছাড়া বুড়িগঙ্গা নদী ও মুন্সীগঞ্জেও লাশ গুম করে ফেলার প্রমাণ তদন্তে পাওয়া গেছে।

প্রধান উপদেষ্টার কাছে প্রতিবেদন জমাদানকালে সংক্ষিপ্ত বৈঠকে এ প্রসঙ্গে কমিশন সদস্য নাবিলা ইদ্রিস বলেন, 'গুমের সংখ্যা ৪ থেকে ৬ হাজার হতে পারে। গুমের শিকার ব্যক্তিদের অনেকের সঙ্গে যোগাযোগ করলে তাদের মাধ্যমে আরও ভুক্তভোগীর খোঁজ পাওয়া যায়, যারা আমাদের সঙ্গে এখন পর্যন্ত যোগাযোগ করেননি, আমাদের সম্পর্কে জানেন না কিংবা অন্য দেশে চলে গেছেন। এমন অনেকেই আছেন, যাদের সঙ্গে আমরা নিজ থেকে যোগাযোগ করলেও তারা অন-রেকর্ড কথা বলতে রাজি হননি।' তিনি বলেন, জোরপূর্বক গুমের পেছনে মূলত রাজনৈতিক উদ্দেশ্য ছিল। যে ডেটা পেয়েছি, তা দিয়ে নিশ্চিত প্রমাণিত হয়-এসব পলিটিক্যালি মোটিভেটেড ক্রাইম।

অক্লান্ত পরিশ্রম ও দৃঢ় মনোবলের জন্য গুম তদন্ত কমিশনের সদস্যদের ধন্যবাদ জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. ইউনূস। তিনি বলেন, 'এটি একটি ঐতিহাসিক কাজ। জাতির পক্ষ থেকে আমি এই কমিশনের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। আপনারা যে ঘটনার বর্ণনা করলেন, পৈশাচিক বলে যে শব্দ আছে বাংলায়, এককথায় বললে এই ঘটনাগুলোকে সেই শব্দ দিয়েই বর্ণনা করা যায়। এই নৃশংস ঘটনার মধ্য দিয়ে যারা গেছেন, আপনারাও তাদের সঙ্গে কথা বলার মধ্য দিয়ে, তাদের অভিজ্ঞতার মধ্য দিয়ে সেই নৃশংস ঘটনাগুলোর কথা শুনেছেন। দৃঢ় মনোবল ছাড়া এ কাজ সম্পন্ন করা যেত না।'

প্রধান উপদেষ্টা আরও বলেন, 'বাংলাদেশের সব প্রতিষ্ঠানকে দুমড়ে-মুচড়ে দিয়ে গণতন্ত্রের লেবাস পরে মানুষের ওপর কী পৈশাচিক আচরণ করা যেতে পারে, সেটার ডকুমেন্টেশন এই রিপোর্ট। মানুষ কত নিচে নামতে পারে, কত পৈশাচিক হতে পারে, কত বীভৎস হতে পারে-এটা তারই ডকুমেন্টেশন। যারা এ ভয়ংকর ঘটনা ঘটিয়েছে, তারা আমাদের মতোই মানুষ। নৃশংসতম ঘটনা ঘটিয়ে তারা সমাজে স্বাভাবিক জীবনযাপন করছে। জাতি হিসাবে এ ধরনের নৃশংসতা থেকে আমাদের চিরতরে বের হয়ে আসতে হবে। এই নৃশংসতা যেন আর ফিরতে না পারে, সেই প্রতিকারের পথ খুঁজে বের করতে হবে।' রিপোর্টগুলো সহজ ভাষায় মানুষের কাছে পৌঁছে দিতে আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা। এছাড়া কমিশনকে প্রয়োজনীয় সুপারিশমালা ও ভবিষ্যতের করণীয় পেশ করার বিষয়েও নির্দেশ দেন প্রধান উপদেষ্টা। এছাড়া আয়নাঘরের পাশাপাশি যেসব জায়গায় বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ও লাশ গুমের ঘটনা ঘটেছে, সে জায়গাগুলো ম্যাপিং করতে নির্দেশনা দিয়েছেন প্রধান উপদেষ্টা।

দীর্ঘ হচ্ছে পদত্যাগের তালিকা

টালমাটাল অবস্থায় এনসিপি

শিপন হাবীব : জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকে শীর্ষ নেতাদের পদত্যাগ থামছে না। সময়ের সঙ্গে সঙ্গে দীর্ঘ হচ্ছে পদত্যাগের তালিকাও। শনিবারও পদত্যাগ করেছেন দলটির অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য সৈয়দা নীলিমা দোলা, যিনি জুলাই ছাত্র-জনতার অভ্যুত্থানে সামনের সারিতে নেতৃত্ব দিয়েছিলেন। পদত্যাগ করেছেন এনসিপি সিরাজগঞ্জ জেলা শাখার যুগ্ম সমন্বয়কারী মাহফুজা খাতুন। ২৪ ডিসেম্বর তিনি পদত্যাগপত্র জমা দিলেও রোববার বিষয়টি জানাজানি হয়। এ নিয়ে এ পর্যন্ত অন্তত ১৭ শীর্ষ নেতার পদত্যাগের সংবাদ পাওয়া গেছে। পদত্যাগের তালিকায় আরও অনেক শীর্ষ নেতার নাম শোনা যাচ্ছে। কখন কে, কোন সময় পদত্যাগ করবেন-দলটি আন্দাজই করতে পারছে না। বর্তমানে দলের ভেতরে থাকা নেতাকর্মীদের মধ্যেও আদর্শিক বিষয়গুলো নিয়ে দূরত্ব সৃষ্টি হচ্ছে। এ নিয়ে উদ্বিগ্ন দলের হাইকমান্ড। এমন পরিস্থিতিতে দলটি একধরনের টালমাটাল অবস্থায় পড়েছে।

তবে দলটির এমন অবস্থা কেন তৈরি হলো-এ নিয়ে প্রশ্ন উঠছে। রাজনৈতিক বিশ্লেষক অধ্যাপক ড. দিলারা চৌধুরী বলেছেন, নানা কারণেই নতুন গড়ে ওঠা এনসিপির কোনো ভবিষ্যৎ দেখছি না। পার্টি হিসাবেও দলটি দাঁড়াতে পারবে না। রাজনৈতিক বিশ্লেষক জাহেদ উর রহমান বলেন, এনসিপি বর্তমানে যে বিপর্যয়ের মধ্য দিয়ে যাচ্ছে, নির্বাচনের পর তা আরও চরম আকার ধারণ করবে। গবেষক আলতাফ পারভেজ বলেছেন, জুলাই অভ্যুত্থানকে টিকিয়ে রাখতে হলে অন্য তরুণদের এখনই একত্রিত হওয়া দরকার। জুলাই ধরে রাখতে হলে নতুনভাবে গড়ে উঠতে হবে।

জামায়াতের সঙ্গে নির্বাচনি জোট গঠনের পর থেকেই চরম রাজনৈতিক অস্থিরতার মুখে পড়ে দলটি। এ নিয়ে দলের অভ্যন্তরীণ কোন্দল এবং রাজনৈতিক মহলে শুরু হয়েছে তীব্র বিতর্ক। ইতোমধ্যে দলটির শীর্ষ পদে থাকা অন্তত ১৭ জন পদত্যাগ করেছেন। সম্প্রতি পদত্যাগ করা এনসিপি নেত্রী নীলিমা দোলা বলেছেন, 'দলের নেতাকর্মীদের চোখে ধুলা দিয়ে জামায়াতের সঙ্গে জোট করা হয়েছে এবং মনোনয়ন দেওয়ার নাম করে তীব্র প্রতারণা করা হয়েছে। এনসিপি এখন সম্পূর্ণভাবে ডানপন্থি ঘরানায় ঢুকে পড়ছে এবং সেই ধারার রাজনীতিকেই পৃষ্ঠপোষকতা দিচ্ছে।

বিষয়টিকে ঘিরে দেশের রাজনৈতিক বিশ্লেষকরা মিশ্র প্রতিক্রিয়া জানিয়েছেন। তাদের বড় একটি অংশ মনে করছে, এই জোট এনসিপির জন্য একটি 'আদর্শিক ঝুঁকি'। তাছাড়া জুলাই গণ-অভ্যুত্থানের শক্তির এভাবে বিভক্ত হওয়া হতাশাজনক। এনসিপি নিজেকে একটি মধ্যপন্থি দল হিসাবে দাবি করলেও জামায়াতের সঙ্গে জোট করার মাধ্যমে তাদের সেই অবস্থান এখন প্রশ্নের মুখে। এ জোটের কারণে এনসিপির নিজস্ব মধ্যপন্থি আদর্শ বিলুপ্ত হয়েছে। এখন দলটি একটি ডানপন্থি শক্তিতে পরিণত হয়েছে। এনসিপি থেকে পদত্যাগকারীরাসহ দলটির ভেতরের একটি বড় অংশ মনে করছে-এই সিদ্ধান্ত মুক্তিযুদ্ধের চেতনার সঙ্গে সাংঘর্ষিক এবং জুলাই গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষার পরিপন্থি।

জানা যায়, জামায়াতে ইসলামীর সঙ্গে নির্বাচনি সমঝোতার পর থেকেই কঠিন পরিস্থিতির মুখে পড়েছে নতুন এ রাজনৈতিক দলটি। তবে এর আগে থেকেই দলের ভেতর-বাইরে নেতৃত্বের দুর্বলতা, স্বেচ্ছাচারিতা, জুলাই যোদ্ধা ও সাধারণ জনগণের প্রতি দায়বদ্ধতার অভাব এবং নেতাকর্মীদের মধ্যে নৈতিক অবক্ষয়ের বিষয়গুলো আলোচনা-সমালোচনায় আসতে থাকে। এ অবস্থায় এনসিপি বড় ধরনের ভাঙনের মুখে পড়ছে। ইতোমধ্যে দল থেকে পদত্যাগী নেতা মুনতাসীর মাহমুদের নেতৃত্বে গঠিত হয়েছে 'তৃণমূল এনসিপি'। এই ব্যানারে একাধিক কর্মসূচিও পালন করা হচ্ছে। পদত্যাগ করা ওই নেতা সাবেক দুই ছাত্র উপদেষ্টা মাহফুজ আলম ও আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার দুর্নীতি তদন্তের দাবি জানিয়ে বিক্ষোভ মিছিলও করেছেন।

রোববার বিকালে এ প্রসঙ্গে দলটির কেন্দ্রীয় এক শীর্ষ নেতা নাম প্রকাশ না করার শর্তে বলেন, একদিকে জামায়াতসহ ১০ দলের সঙ্গে নির্বাচনি জোট, অন্যদিকে দলটির ভেতরে চলছে ভাঙন। অনেক নেতাই পদত্যাগের বিষয়ে মৌখিক ও লিখিতভাবে নিজেদের অবস্থান জানাচ্ছেন। নেত্রীরা দল ছাড়তে ব্যাকুল হয়ে উঠছেন। এমন বিষয়গুলো নিয়ে দলের মধ্যে উদ্বেগ বাড়ছে। সমস্যা সমাধানে করণীয় কোনো পদক্ষেপও নেওয়া হচ্ছে না। দলের শীর্ষ নেতাদের প্রায় সবাই নিজ নিজ নির্বাচন নিয়ে ব্যস্ত। জানা যায়, ২৮ ডিসেম্বর জামায়াতসহ ১০ দলীয় জোটের সঙ্গে আসন সমঝোতার কথা জানান এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। সেদিনই সিদ্ধান্তটির বিরোধিতা করে পদত্যাগের ঘোষণা দেন দলের সিনিয়র যুগ্ম সদস্য সচিব ডা. তাসনিম জারা। শনিবার সন্ধ্যা পর্যন্ত অন্তত ১৭ জন শীর্ষ নেতার পদত্যাগের খবর পাওয়া গেছে। মূলত জুলাইয়ের চেতনা থেকে বিচ্যুতি এবং জামায়াতের সঙ্গে সমঝোতাকে আদর্শবিরোধী উল্লেখ করে প্রায় সবাই পদত্যাগ করেছেন। এদিকে দলটির শীর্ষ নারী নেতৃত্বে ভাঙনের সুর দিনদিন আরও তীব্র হচ্ছে। ইতোমধ্যে দল থেকে শীর্ষ নেত্রীদের মধ্যে পদত্যাগ করেছেন ডা. তাজনুভা জাবীন, ডা. তানসিম জারা, সৈয়দা নীলিমা দোলা ও মনিরা শারমিন। এছাড়া শীর্ষ নেত্রী সামান্থা শারমিন, নূসরাত তাবাসসুম, ডা. মাহমুদা মিতুসহ দলটির একাধিক নেত্রী জোটের সিদ্ধান্তের বিষয়ে সরাসরি ও সামাজিক যোগাযোগমাধ্যমে তীব্র অসন্তোষ ও প্রতিবাদ জানাচ্ছেন। পাশাপাশি দলের সব ধরনের কার্যক্রম থেকে নিষ্ক্রিয় হয়ে পড়ছেন। নেত্রীদের ভাষ্য, জামায়াতের সঙ্গে এনসিপির জোট-দলটির ঘোষিত আদর্শ, জুলাই গণ-অভ্যুত্থানের চেতনা এবং গণতান্ত্রিক মূল্যবোধের সঙ্গে চরম সাংঘর্ষিক।

আলতাফ পারভেজ : দক্ষিণ-পূর্ব এশিয়ার ইতিহাস বিষয়ের গবেষক আলতাফ পারভেজ যুগান্তরকে বলেন, জুলাই গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে এনসিপি নাম নিয়ে একটি রাজনৈতিক দল গঠন করা হয়েছিল। অনেক প্রতিশ্রুতি আর আদর্শিক বার্তা দিয়ে গঠিত এনসিপি এখন বিধ্বস্তের পথে। দলটির জামায়াতের সঙ্গে জোট তরুণ শীর্ষ নেতাদের অনেকেই মেনে নিতে পারেননি। প্রায় প্রতিদিন দল থেকে পদত্যাগের ঘোষণা আসছে। এতে স্পষ্ট বোঝা যাচ্ছে, দলটি রাজনীতির বিশুদ্ধতা হারাচ্ছে। দলটি শুরু থেকেই একের পর এক ভুল করে আসছে। এখন চরমভাবে ভুলের খেসারত দিচ্ছে দলটি। এতে জুলাই অভ্যুত্থানের আকাঙ্ক্ষাও ম্লান হচ্ছে। এটি মূলত জাতীয় ক্ষতি হচ্ছে। একটি রাজনৈতিক দল দাঁড়ানোর আগেই ভেঙে যাচ্ছে। নিশ্চয়ই এমন পরিস্থিতিতে উদ্বিগ্ন দলের হাইকমান্ডও।

জামায়াতের সঙ্গে জোট করে এনসিপি তাদের কফিনে শেষ পেরেক মেরেছে উল্লেখ করে আলতাফ পারভেজ আরও বলেন, জামায়াতের সঙ্গে জোট করা হবে-এমন সিদ্ধান্ত নেওয়ার আগে দলের ভেতরে গণতান্ত্রিক চর্চা করা হয়নি। সবার মতামতকে নিশ্চয় উপেক্ষা করা হয়েছে। যে কারণে নতুন এ দলটির ভেতরে বিপুল হারে পদত্যাগ ও অসন্তোষ সৃষ্টি হচ্ছে। তারা গণতন্ত্রের কথা বলে; কিন্তু নিজেরাই দলের ভেতর গণতন্ত্রের চর্চা করেনি। দলটির একটি অংশ নীতি-নৈতিকভাবে কলুষিত হয়ে পড়েছে। ফলে তারা দুই কারণে একটি বড় দলের সঙ্গে থাকতে চাচ্ছে। বিএনপির সঙ্গে বোঝাপড়া না হওয়ায় তারা মনে করেছে জামায়াত দ্বিতীয় বড় দল। সে কারণে জামায়াতের সঙ্গেই মিশিত হয়েছে। বড় দলের সঙ্গে থাকা মানে, ভবিষ্যতে যেন অনিয়ম-দুর্নীতি থেকে রেহাই পাওয়া যায় এবং নিরাপত্তা পাওয়া যায়। এনসিপির দরকার ছিল নিজের পায়ে দাঁড়ানো। এদের নিজের পায়ে দাঁড়ানো আর সম্ভব হয়ে উঠবে না। জুলাই গণ-অভ্যুত্থানকে টিকিয়ে রাখতে হলে অন্য তরুণদের এখনই একত্রিত হওয়া দরকার।

অধ্যাপক ড. দিলারা চৌধুরী : রাজনৈতিক বিশ্লেষক ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. দিলারা চৌধুরী যুগান্তরকে বলেন, ছাত্র-জনতার অভ্যুত্থানের মধ্য দিয়ে গড়া এনসিপি এখন প্রায় নিষ্ক্রিয়। এনসিপি প্রথম থেকেই অনেক ভুল করে আসছিল। ক্ষমতার লোভ ছিল শুরুতেই। তাছাড়া এ দলের অনেক নেতার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগও রয়েছে। একই সঙ্গে দলের শীর্ষ নেতারা দলীয় মনোনয়ন বাণিজ্যেও জড়িত রয়েছে-এমন অভিযোগও আসছে। এনসিপির তরুণ নেতারা যদি পুরোনো বন্দোবস্তের দিকে হাঁটেন, অনিয়ম-দুর্নীতি আর মনোনয়ন বাণিজ্য করেন, তাহলে তাদের দিয়ে কী হবে? এনসিপির ভেতরে গণতন্ত্রচর্চা থাকবে না কেন-এমন প্রশ্ন করে ড. দিলারা চৌধুরী বলেন, দলের মধ্য থেকে যারা বলছে জামায়াতের সঙ্গে নির্বাচনি জোট কিংবা সখ্য হবে, এমনটা বাস্তবায়ন করতে দলের সবার মতামত নেওয়া হয়নি। নতুন ছোট্ট একটা দল, সেখানেও যদি গণতন্ত্রের চর্চা না হয়, সবার মতামতকে প্রাধান্য না দেওয়া হয়, তাহলে এটি রাজনৈতিক দল হয়ে উঠে কী করে? নানা কারণেই দলটির কোনো ভবিষ্যৎ দেখছি না। এ দলটি পার্টি হিসাবে দাঁড়াতে পারবে না। সবার আগে তাদের প্রমাণ করতে হতো দলের নেতাদের সততা, নিষ্ঠা আর গণতন্ত্রের চর্চা। এমনটা যারা প্রমাণ করতে না পারে, তাদের পরাজয় নিশ্চিত।

জাহেদ উর রহমান : লেখক ও রাজনৈতিক বিশ্লেষক জাহেদ উর রহমান যুগান্তরকে বলেন, এনসিপির ভেতর গণতন্ত্রের চর্চা ছিল না, এটা বলা যাবে না। গণতন্ত্রচর্চা ছিল। কিন্তু সমস্যাটা অন্য জায়গায়। একটি রাজনৈতিক দল কতগুলো ফান্ডামেন্টালের ওপর দাঁড়িয়ে থাকে। সেই ফান্ডামেন্টাল ভেঙে কেউ এককভাবে কোনো সিদ্ধান্ত নিতে পারে কি না, সে বিষয় নিয়ে প্রশ্ন আসতেই পারে। এনসিপি যখন মধ্যপন্থি দল হিসাবে দলটির চরিত্র নির্ধারণ করতে চায়, তখন কারও সিদ্ধান্তের ওপর ভিত্তি করে মধ্যপন্থি দলটির বিপরীতে ধর্মীয় দলগুলোর জোটে যাওয়া হয়েছে। যেখানে শুধু জামায়াতে ইসলামী নয়, আরও কট্টর ধর্মীয় দল আছে। সেই জোটে যাওয়া এবং সেখানে যে ধরনের আসন সমঝোতা, তা নিয়ে দলের ভেতর ভাঙন শুরু হয়েছে।

দলটির একটি বড় অংশ মনে করছে, এই সিদ্ধান্ত মুক্তিযুদ্ধের চেতনার সঙ্গে সাংঘর্ষিক এবং জুলাই গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষার পরিপন্থি।

জাহেদ উর রহমান আরও বলেন, দলটির ভেতর আদর্শিক মতানৈক্য দেখা দিয়েছে। দলটি এখন ডানপন্থি শক্তিতে পরিণত হয়েছে। এর আগে নিজের শক্তিতেই ক্ষমতার সর্বোচ্চ আসনে বসতে চেয়েছিলেন নেতারা। এখন জোট শক্তির মধ্য দিয়েই দলের শীর্ষ নেতারা দ্রুত সময়ের মধ্যে ক্ষমতা চাচ্ছেন। সংসদে যেতে চাচ্ছেন। অনেকে লিখছেন, এবারই কেন তাদের ক্ষমতায় যেতে হবে, এবারই কেন সংসদে যেতে হবে? যে কোনো মূল্যে শীর্ষ নেতাদের ক্ষমতার যাওয়ার মতো লড়াই আমরা দেখতে পাচ্ছি। এনসিপি বর্তমানে যে বিপর্যয়ের মধ্য দিচ্ছে যাচ্ছে, নির্বাচনের পর তা আরও চরম আকার ধারণ করবে। যদি দেখা যায়, তারা এত কিছুর পরও খুব বেশি ভালো কিছু করেনি, কোনো আসনে জয়ী হতে পারেনি, তখন যারা এমন সিদ্ধান্ত নিয়েছেন, তাদের ওপর আরও চাপ সৃষ্টি করা হবে। দলটির ভেতর নারী নেতৃত্ব ছিল উল্লেখযোগ্য। এখন সেই নেতৃত্ব শেষ হয়ে যাচ্ছে। অথচ জুলাই গণ-অভ্যুত্থান এবং এনসিপিতে নারীরাই সবচেয়ে বেশি সোচ্চার ছিলেন।

তীব্র প্রতিক্রিয়া নিউইয়র্কের জনপ্রতিনিধিদের

প্রথম পৃষ্ঠার পর

করছে এবং এই মুহূর্তে রাজ্যের কোনো গুরুতর হুমকি নেই। হকুল বলেন, "আমি সকালে ভেনেজুয়েলায় ঘটে যাওয়া ঘটনাবলীর বিষয়ে ব্রিফিং পেয়েছি। ট্রাম্পের এই পদক্ষেপে কংগ্রেসের অনুমতি না নেওয়াকে আমি যুক্তরাষ্ট্রের সংবিধানগত দায়িত্বের স্পষ্ট লঙ্ঘন মনে করি। নিউইয়র্কে বিশাল ভেনেজুয়েলার কমিউনিটি রয়েছে এবং আমি তাঁদের পাশে দাঁড়াই, যারা আরও স্থিতিশীল ও নিরাপদ ভবিষ্যতের আশা করে।"

নিউইয়র্কের হাউস মাইনরিটি লিডার হাকিম জেফ্রিস মাদুরোকে "দমনকারী ও স্বৈরশাসক নেতা" বলে অভিহিত করেছেন, তবে তিনি এই সামরিক অভিযানকে কংগ্রেসের অনুমোদন ছাড়া চালানো হিসেবে বৈধ মনে করেন না। তিনি ট্রাম্প প্রশাসনের কাছে অবিলম্বে বিস্তারিত ব্রিফিং দাবি করেছেন। কংগ্রেসও এই অভিযান এবং তার পরবর্তী দীর্ঘমেয়াদি প্রভাব সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য জানতে চায়।

নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি জানিয়েছেন, তিনি এই অভিযান নিউইয়র্কবাসীর উপর কী প্রভাব ফেলতে পারে তা মনিটর করছেন। তিনি বলেন, "একটি সার্বভৌম রাষ্ট্রকে একপক্ষীয়ভাবে আক্রমণ করা যুদ্ধের শামিল এবং এটি ফেডারেল ও আন্তর্জাতিক আইনের লঙ্ঘন। এই রেজিম চেঞ্জের প্রয়াস কেবল বিদেশে নয়, সেগুলো সরাসরি নিউইয়র্কবাসীর ওপরও প্রভাব ফেলবে, যেখানে বিশাল ভেনেজুয়েলার সম্প্রদায় বসবাস করছে। আমার প্রশাসনের মনোযোগ তাদের নিরাপত্তা নিশ্চিত করা।" মামদানি জানিয়েছেন, ট্রাম্পের সঙ্গে ফোনে কথা বলার সময়ও তিনি এই অভিযানকে সমর্থন করেননি।

ডেমোক্র্যাট কংগ্রেসওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ ট্রাম্প প্রশাসনের উদ্দেশ্য নিয়ে প্রশ্ন তুলেছেন। তাঁর মতে, অভিযানের মূল লক্ষ্য মাদক নয়, বরং তেল সম্পদ ও রেজিম চেঞ্জ। অপরদিকে, কংগ্রেসম্যান অ্যাড্রিয়ানো এসপাইলাট বলেন, মাদুরোর অবৈধ শাসনকে তিনি সমর্থন করেন না, তবে ট্রাম্প প্রশাসন সংবিধান লঙ্ঘন করেছে। কংগ্রেসউম্যান ইভেট ক্লার্ক বলেন, ট্রাম্প প্রশাসন "কংগ্রেসের অনুমতি ছাড়া sitting প্রেসিডেন্টকে অপহরণ করেছে"।

ম্যানহাটনের ডেমোক্র্যাট আইনপ্রণেতা ড্যান গোল্ডম্যান অভিযানের সমালোচনা করে বলেছেন, "ট্রাম্পের একপক্ষীয় পদক্ষেপ একটি অবৈধ যুদ্ধ। মাদুরো স্বৈরশাসক হলেও আমাদের সংবিধান লঙ্ঘন করতে পারবে না।"

যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জেনারেল পাম বন্ডি জানিয়েছেন, মাদুরোকে নিউইয়র্কের সাউদার্ন ডিস্ট্রিক্টে নার্কো-সন্ত্রাস সংক্রান্ত অভিযোগে অভিযুক্ত করা হয়েছে। বন্ডি বলেন, "মাদুরো এবং তাঁর স্ত্রী শীঘ্রই যুক্তরাষ্ট্রে বিচার মুখোমুখি হবেন।" ২০২০ সালের অভিযোগে মাদুরো ও উচ্চপদস্থ ভেনেজুয়েলার কর্মকর্তাদের কলম্বিয়ার গেরিলা গোষ্ঠী ফার্কের সঙ্গে কোকেন ও অস্ত্র পাচারের ষড়যন্ত্রে যুক্ত থাকার অভিযোগ আনা হয়েছিল।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

ক্ষেত্রে, কোন সংগঠনের ক্ষেত্রে নয়। এই ভুলটি আমরা লক্ষ্য করি বিভিন্ন সংগঠনের সভা-সমাবেশেও। সেখানে কর্মকর্তারা বা বক্তারা তাদের বক্তব্যের সময় 'সংগঠনের গঠনতন্ত্র' শব্দ-ই উচ্চারণ করেন বেশী। যা সঠিক নয়। বিষয়টি সংশ্লিস্টরা ভেবে দেখবেন কি?

২৮ ডিসেম্বর ২০২৫

পাঁচ শতাধিক মনোনয়নপত্র বাতিল

৩-এর পৃষ্ঠায় পর

অপেক্ষমাণ রাখা হয়েছে। ১ শতাংশ ভোটারের স্বাক্ষরে গরমিলের কারণে লালমনিরহাট-১ আসনের স্বতন্ত্র প্রার্থী তুরস্কপ্রবাসী শিহাব আহমেদের মনোনয়নপত্র বাতিল করা হয়।

গাইবান্ধার পাঁচটি আসনের মধ্যে গতকাল তিনটি আসনের মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের পর সিপিবি, গণঅধিকার পরিষদের প্রার্থীসহ আটজনের মনোনয়নপত্র বাতিল করা হয়। এর মধ্যে গাইবান্ধা-৫ আসনে গণঅধিকার পরিষদের সামিউল ইসলামও রয়েছেন।

রংপুরের ৬টি আসনে ১২ জনের প্রার্থিতা গতকাল বাতিল হয়। তাঁদের মধ্যে রংপুর-১ আসনে জাতীয় পার্টির প্রার্থী ব্যারিস্টার মঞ্জুম আলী, রংপুর-৩ আসনে স্বতন্ত্র প্রার্থী বিএনপির রিটা রহমান, রংপুর-৪ আসনে জাতীয় পার্টির (আনিসুল-হাওলাদার) প্রার্থী আব্দুস সালাম রয়েছেন।

নোয়াখালীর ৬টি আসনে গতকাল ১৫ জনের প্রার্থিতা বাতিল করা হয়। তাঁদের মধ্যে নোয়াখালী-২ আসনে স্বতন্ত্র প্রার্থী সৈয়দ নজরুল ইসলাম (বিএনপি) ও স্বতন্ত্র প্রার্থী আবুল কালাম আজাদ (সেনবাগ উপজেলা বিএনপির সদস্য); নোয়াখালী-৪ আসনে স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ নওশাদ (জামায়াতে ইসলামী); নোয়াখালী-৬ আসনে স্বতন্ত্র প্রার্থী শামীমা আজিম (বিএনপির সাবেক সংসদ সদস্য ফজলুল আজিমের স্ত্রী) রয়েছেন।

বগুড়ার ৪টি আসনে ৫ জনের, খুলনা-৪ আসনে ১ জনের, ফরিদপুরের চারটি আসনে ৫ জনের, শেরপুরের তিনটি আসনে ৫ জনের, সিরাজগঞ্জের তিনটি আসনে ৬ জনের, কক্সবাজার-৩ ও ৪ আসনে ২ জনের, খাগড়াছড়িতে ৮ জনের, কিশোরগঞ্জ-৪,৫ ও ৬ আসনে মোট ১০ জনের, জামালপুরের তিনটি আসনে ১২ জনের, দিনাজপুরের ২টি আসনে ২ জনের, সাতক্ষীরার ৪টি আসনে ১০ জনের, মুন্সিগঞ্জের তিনটি আসনে ৭ জনের, নেত্রকোনার ৫টি আসনে ৫ জনের, ঝালকাঠির দুটি আসনে ৯ জনের, পাবনার দুটি আসনে ২ জনের, বরিশালের ছয়টি আসনে ৬ জনের এবং বরগুনার দুটি আসনে ৫ জনের মনোনয়নপত্র বাতিল হয়েছে।

এ ছাড়া গোপালগঞ্জের ৩টি আসনে ১২ জনের, লক্ষ্মীপুরের ৪টি আসনে ১১ জনের, চাঁদপুরের পাঁচটি আসনে ১৭ জনের, শরীয়তপুর-৩ আসনে ১ জনের, পিরোজপুরের তিনটি আসনে ৩ জনের, পঞ্চগড়ের ২টি আসনে ৭ জনের, ঝিনাইদহের চারটি আসনে ৪ জনের, নারায়ণগঞ্জের পাঁচটি আসনে ১৬ জনের, কুমিল্লার ১১টি আসনে ৩১ জনের, হবিগঞ্জের ৪টি আসনে ১০ জনের, নড়াইলের দুটি আসনে ১৩ জনের, মাদারীপুরের তিনটি আসনে ৫ জনের, ঠাকুরগাঁওয়ের তিনটি আসনে ১ জনের, মৌলভীবাজারের ৪টি আসনে ৫ জনের, জয়পুরহাটের দুটি আসনে ৭ জনের, ব্রাহ্মণবাড়িয়ার ৩টি আসনে ৭ জনের, চাঁপাইনবাবগঞ্জের তিনটি আসনে ৩ জনের, ভোলার দুটি আসনে ৩ জনের, টাঙ্গাইল-৭ আসনে ৩ জনের, সিলেট-২ আসনে ২ জনের প্রার্থিতা বাতিল করা হয়েছে।

হলফনামায় স্বাক্ষর না থাকা, স্বতন্ত্র প্রার্থীদের ১ শতাংশ ভোটার তালিকায় গরমিল, ঋণখেলাপি, কাগজপত্রে অসংগতি, দলীয় মনোনয়নের কাগজ জমা না দেওয়া, নির্বাচন কমিশনে জমা দেওয়া দলীয় মনোনয়নের স্বাক্ষর ও মনোনয়নপত্রের স্বাক্ষরে মিল না থাকা, হলফনামা সঠিকভাবে দাখিল না করা, মামলাসংক্রান্ত তথ্য গোপন, প্রস্তাবকারী অন্য আসনের ভোটার হওয়া, বিদ্যুৎ বিল বকেয়া থাকা, আয়কর রিটার্নের কপি জমা না দেওয়া, আয়কর বকেয়া থাকা, আয়কর রিটার্ন ও সম্পদ বিবরণীতে তথ্যের গরমিল, দ্বৈত নাগরিকত্ব-সংক্রান্ত কাগজপত্রে অসংগতি, মনোনয়নের মূল কপি দাখিল না করে স্ক্যান কপি জমা দেওয়া, সঠিক নিয়মে মনোনয়নপত্র পূরণ না করা, সরকারি চাকরি থেকে অবসরের পর তিন বছর অতিবাহিত না হওয়া, শিক্ষাগত যোগ্যতার সনদ না দেওয়া, প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা না দেওয়ার কারণে এসব মনোনয়নপত্র বাতিল করা হয়।

বৈধ হলো যাঁদের প্রার্থিতা

ঢাকা-২ আসনে বিএনপির আমানউল্লাহ আমান, ঢাকা-৩ আসনে বিএনপির গয়েশ্বর চন্দ্র রায়, ঢাকা-৮ আসনে বিএনপির মির্জা আব্বাস ও এনসিপির নাসীরুদ্দীন পাটওয়ারী, ঢাকা-১১ এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম, ঢাকা-১৩ আসনে বিএনপির ববি হাজ্জাজ ও খেলাফত মজলিসের মামুনুল হক, ঢাকা-১৫ আসনে জামায়াতে ইসলামীর আমির মো. শফিকুর রহমান ও বিএনপির শফিকুল ইসলাম খান মিল্টনের এবং ঢাকা-১৮ আসনে নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্নার মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেন রিটার্নিং কর্মকর্তা। তবে বগুড়া-২ আসনে মান্নার মনোনয়নপত্র শুক্রবার বাছাইয়ে বাতিল করা হয়।

এ ছাড়া লক্ষ্মীপুর-৩ আসনে বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি, লক্ষ্মীপুর-২ আসনে বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা পরিষদের সদস্য আবুল খায়ের ভূঁইয়া, লালমনিরহাট-১ আসনে জাতীয় পার্টির প্রার্থী মশিউর রহমান রাঁঙ্গা এবং লালমনিরহাট-২ আসনে জনতার দলের চেয়ারম্যান শামীম কামাল, লালমনিরহাট-৩ আসনে বিএনপির সাংগঠনিক সম্পাদক আসাদুল হাবিব দুলুর মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়েছে।

৩০ জনের মনোনয়নপত্র স্থগিত

মনোনয়নপত্র বাছাইয়ের দ্বিতীয় দিনে শনিবার মোট ৩০ জনের মনোনয়নপত্র স্থগিত করা হয়েছে। নরসিংদীতে ৫ জনের মনোনয়নপত্র স্থগিত করা হয়েছে। তাঁদের মধ্যে সব শর্ত পূরণ না করায় নরসিংদী-১ আসনে গণঅধিকার পরিষদের প্রার্থী অ্যাডভোকেট শিরিন আক্তার ও নরসিংদী-৫ আসনে বিএনপির প্রার্থী ইঞ্জিনিয়ার আশরাফ উদ্দিন বকুলের প্রার্থিতা স্থগিত করা হয়। সিলেট-২ আসনে গণঅধিকারের প্রার্থী জামান আহমদ সিদ্দিকী বাছাই প্রক্রিয়ায় উপস্থিত না থাকায় তাঁর মনোনয়নপত্র স্থগিত করা হয়েছে। দ্বৈত নাগরিকত্ব বাতিলের আবেদনের কপি জমা দিলেও তা গৃহীত হওয়ার প্রমাণপত্র না দেওয়ায় শেরপুর-২ আসনে বিএনপির প্রার্থী প্রকৌশলী মো. ফাহিম চৌধুরীর মনোনয়নপত্র স্থগিত করা হয়েছে।

এ ছাড়া পিরোজপুরের তিনটি আসনে ২ জনের, নারায়ণগঞ্জে চারজনের, নড়াইলের দুটি আসনে ২ জনের, ঠাকুরগাঁওয়ে ১ জনের, ঢাকা-১৮ আসনে ১ জনের, বরিশালের ছয়টি আসনে ১০ জনের এবং গোপালগঞ্জের ৩টি আসনে ২ জনের মনোনয়নপত্র স্থগিত করা হয়েছে।

মনোনয়নপত্র স্থগিত থাকা প্রার্থীরা আজকের মধ্যে রিটার্নিং কর্মকর্তার কাছে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত জমা দিলে তাঁদের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

শীর্ষ নেতাদের মাসিক আয় এক লাখ টাকার নিচে

২-এর পৃষ্ঠায় পর

পরওয়ার মোট ৩৭ লাখ ৮১ হাজার টাকার সম্পদের ঘোষণা দিয়েছেন। স্থাবর সম্পদের মধ্যে রয়েছে–অকৃষি জমি ও ভবন, যার বর্তমান বাজারমূল্য এক কোটি টাকা। এসব সম্পদের অর্জনমূল্য ২২ লাখ ৭২ হাজার টাকা। নগদ পাঁচ লাখ ৯০ হাজার টাকা এবং ব্যাংকে সাত লাখ ২৪ হাজার ৭৩৩ টাকা জমা থাকার তথ্য দিয়েছেন। ২০২৫ কর মূল্যায়ন বছরে তিনি পাঁচ হাজার ৬২৫ টাকা কর দিয়েছেন।

নাহিদ ইসলাম

ঢাকা-১১ আসনের প্রার্থী নাহিদ ইসলাম স্নাতক ডিগ্রিধারী। তাঁর পেশা পরামর্শক। শিক্ষকতা ও পরামর্শ দিয়ে বছরে আয় ১৬ লাখ টাকা। নিজের কাছে নগদ আছে ১৯ লাখ ৫০ হাজার টাকা; স্ত্রীর কাছে আছে দুই লাখ টাকা এবং ব্যাংকে আছে তিন লাখ ৮৫ হাজার ৩৬৩ টাকা। নিজের পৌনে আট লাখ টাকার অলংকার এবং স্ত্রীর আছে ১০ লাখ টাকার গহনা। সব মিলিয়ে এনসিপি প্রধানের ৩২ লাখ ১৬ হাজার ১২২ টাকার সম্পদ আছে। গত বছরে আয় হয়েছে ১৩ লাখ পাঁচ হাজার ১৫৮ টাকা। আয়কর দিয়েছেন এক লাখ ১৩ হাজার ২৭৪ টাকা।

আখতার হোসেন

রংপুর-৪ আসনের প্রার্থী আখতার হোসেনের গাড়ি-বাড়ি নেই। নগদ টাকা আছে ১৩ লাখ। তাঁর স্ত্রী সানজিদা আক্তারের আছে চার লাখ টাকা। নিজের ব্যাংকে জমা আছে দুই লাখ ৯৯ হাজার ৪২৬ টাকা। কৃষি, ব্যবসা ও চাকরি থেকে আখতার হোসেনের বার্ষিক আয় পাঁচ লাখ পাঁচ হাজার টাকা। নিজের সাত লাখ ও স্ত্রীর আছে ১০ লাখ টাকার স্বর্ণালংকার। নিজের অস্থাবর সম্পদের মূল্য ২৭ লাখ টাকা এবং স্ত্রীর ১৬ লাখ টাকা। এর মধ্যে নগদ ১৩ লাখ টাকা এবং ব্যাংকে তিন লাখ টাকা। আখতারের ১৮ শতাংশ কৃষিজমি রয়েছে হলফনামা অনুযায়ী।

জি এম কাদের

রংপুর-৩ আসনের প্রার্থী জি এম কাদেরের পেশা রাজনীতি। তাঁর কাছে নগদ টাকার পরিমাণ ৬০ লাখ ৩২ হাজার। গত নির্বাচনে তাঁর নগদ টাকা ছিল ৪৯ লাখ ৮৮ হাজার। ওই সময় তাঁর স্ত্রী শেরীফা কাদেরের নগদ টাকা ছিল ৫৯ লাখ ৫৯ হাজার। এবার তা কমে হয়েছে ৪৮ লাখ ৯০ হাজার ৯৩৮ টাকা। জি এম কাদের ৮৪ লাখ ৯৮ হাজার টাকা দামের গাড়ির মালিক। তাঁর স্ত্রী চড়েন ৮০ লাখ টাকার গাড়িতে।

জাতীয় পার্টি চেয়ারম্যানের কৃষিজমি না থাকলেও নিজের ও স্ত্রীর নামে লালমনিরহাট ও ঢাকায় বাড়ি রয়েছে। বর্তমান মূল্য দুই কোটি টাকার বেশি বলে হলফনামায় তথ্য দিয়েছেন। তিনি বছরে চার লাখ টাকা আয় করলেও তাঁর স্ত্রী ব্যবসা থেকে আয় ছয় লাখ টাকা বলে তথ্য দিয়েছেন। জি এম কাদেরের অস্থাবর সম্পদের বর্তমান মূল্য এক কোটি ৯৫ লাখ টাকা এবং স্ত্রীর সম্পদের মূল্য এক কোটি ৭২ লাখ টাকা।

শামীম হায়দার পাটোয়ারী

গাইবান্ধা-১ আসনের প্রার্থী শামীম হায়দার বার এট ল ডিগ্রিধারী, পেশায় আইনজীবী। স্থাবর ও অস্থাবর মিলিয়ে চার কোটি ৮২ লাখ ২৬ হাজার ২৩৫ টাকা সম্পদের মালিক তিনি। আইন পেশা ছাড়াও কৃষি খাত, সম্পত্তি থেকে ভাড়া, ব্যবসা ও চাকরি থেকে তাঁর আয় হয়। হাতে নগদ টাকা আছে এক কোটি ৫০ লাখ। চার কোটি ৩০ লাখ টাকা ব্যাংক ঋণ রয়েছে বিভিন্ন প্রতিষ্ঠানে সম্পৃক্ততার কারণে।

ফয়জুল করীম

বরিশাল-৫ আসনের প্রার্থী ফয়জুল করীমের নগদ অর্থ ও অন্যান্য আয় কয়েক গুণ বেড়েছে। ২০০৮ ও ২০১৮ সালের নির্বাচনের হলফনামা বিশ্লেষণে দেখা গেছে, ফয়জুলের স্ত্রী ১৮৭ ভরি স্বর্ণ উপহার পেয়েছেন। ২০০৮ সালে তাঁর স্ত্রীর মালিকানায় ১০ ভরি স্বর্ণ ছিল। ২০১৮ সালের হলফনামায় স্বর্ণ দেখানো হয়নি।

২০০৮ সালের হলফনামায় ফয়জুল নিজেকে ব্যবসায়ী উল্লেখ করেন। তখন তাঁর বার্ষিক আয় দেখানো হয় এক লাখ ৬৫ হাজার টাকা। ভাড়া, শিক্ষকতা এবং মাহফিলের হাদিয়াসহ এখন তাঁর বার্ষিক আয় ১৪ লাখ টাকা ছাড়িয়েছে। ২০০৮ সালে নগদ ২০ হাজার টাকার মালিক ফয়জুলের এখন নগদ আছে ৩১ লাখ ১২ হাজার ৪৭ টাকা।

ইউনুস আহম্মেদ

খুলনা-৪ আসনের প্রার্থী ইউনুস আহম্মেদ সেখ কামিল ও উচ্চ মাধ্যমিক পাস। বর্তমান পেশা ব্যবসা। তাঁর স্থাবর ও অস্থাবর সম্পদের বর্তমান মূল্য তিন কোটি ৪৭ লাখ টাকা। ব্যবসা থেকে তাঁর বার্ষিক আয় চার লাখ ১৮ হাজার ৭৯২ টাকা। তাঁর কাছে নগদ আছে ২৩ লাখ আট হাজার ৯৯৯ টাকা। সর্বশেষ অর্থবছরে আয়কর দিয়েছেন পাঁচ হাজার টাকা।

জোহরান মামদানীর শপথ: নতুন প্রশাসনিক পদক্ষেপ

শেষ পৃষ্ঠায় পর

করেছেন। শহরের নতুন প্রশাসন প্রগতিশীল ও উদ্ভাবনী পরিকল্পনার মাধ্যমে সিটির বাসিন্দাদের জীবনমান উন্নয়নের লক্ষ্য নিয়েছে।

শনিবারের শীতল সকালে দেওয়া শপথ বক্তৃতায় মামদানী স্পষ্ট ভাষায় ঘোষণা করেন, "আমি নির্বাচিত হয়েছি গণতান্ত্রিক সমাজতান্ত্রিক হিসেবে, আমি গণতান্ত্রিক সমাজতান্ত্রিকভাবেই শাসন করব।" তিনি রাজনৈতিক প্রতিষ্ঠানের উদাসীনতা এবং জনসাধারণের প্রতি দায়িত্বহীনতা তীব্রভাবে সমালোচনা করেন। নতুন মেয়র স্পষ্ট জানালেন, তিনি মধ্যপন্থার পথে হেঁটে কোনো নীতি সমঝোতা করবেন না। তিনি বলেন, "আমি আমার নীতি ত্যাগ করব না, কেবল রেডিকাল বলা হবে ভেবে।"

শপথ অনুষ্ঠানে কর্মজীবী মানুষের প্রতি নজর স্পষ্ট ছিল ট্যাক্সি ড্রাইভার, রেস্টুরেন্ট সার্ভার, হাসপাতালের কর্মী এবং সাবওয়ে অপারেটরদের উল্লেখ করে তিনি বলেন, তারা যে কঠোর পরিশ্রম করে সমাজ চালায়, তা প্রায় অদৃশ্য থাকে। অনুষ্ঠান শুরু হওয়ার আগে গান পরিবেশন করা হয়, যা শ্রমিকদের মৌলিক প্রয়োজন ও সৌন্দর্যের প্রয়োজনের প্রতীক। বক্তৃতায় বার্নি স্যান্ডার্সের উক্তি তুলে ধরে মামদানী বলেন, "যে ব্যবস্থা এত কমকে অনেক দেয় এবং অনেককে মৌলিক প্রয়োজন থেকে বঞ্চিত করে, সেটিই রেডিকাল।"

নির্বাহী আদেশ ও প্রশাসনিক পদক্ষেপ

মেয়র হিসেবে দায়িত্ব গ্রহণের পর মামদানী ক্রকলিনে পৌঁছে ঘোষণা করেন, সিটির বাসস্থান, গণপরিবহন ও সামাজিক সুরক্ষার ক্ষেত্রে নতুন কর্মসূচি কার্যকর করা হবে।

বাসস্থান ও ভাড়া নীতি:

মেয়র প্রশাসন শুরু করেছে 'রেন্টাল রিপ-অফ' যেখানে সিটির বাসিন্দারা তাদের ভাড়া, বাসস্থানের মান, লুকানো ফি এবং অন্যান্য সমস্যা সরাসরি তুলে ধরতে পারবেন। প্রশাসন এই শুনানির ফলাফলে সিটির ভাড়া নীতি ও টেন্যান্টদের অধিকার শক্তিশালী করার পরিকল্পনা করছে।

গণপরিবহন:

সিটির বাস ব্যবস্থাকে দ্রুত, সাশ্রয়ী এবং উন্মুক্ত করার লক্ষ্যে ফ্রি বাস সেবা চালু করা হবে। এতে সাধারণ মানুষ দ্রুত এবং নিরাপদে সিটিতে চলাচল করতে পারবে।

অর্থনীতি ও কর নীতি:

প্রশাসন ঘোষণা করেছে সিটির ধনী ও কর্পোরেট অংশগ্রহণকারীদের উপর কর বৃদ্ধি। এই রাজস্ব ব্যবহার করে বাস্তবায়ন করা হবে সর্বজনীন শিশু পরিচর্যা (Universal Childcare), গণপরিবহন সম্প্রসারণ এবং ভাড়া স্থিতিশীলতার মতো প্রকল্প।

শ্রমিক ও কর্মজীবী মানুষের কল্যাণ:

হাসপাতাল, মেট্রো, রেস্তোরাঁ ও ট্যাক্সি ড্রাইভারসহ বিভিন্ন খাতে শ্রমিকদের অধিকার রক্ষা করা হবে। প্রশাসন কর্মসূচি হাতে নিয়েছে যাতে শ্রমিকরা নিরাপদ ও সুষ্ঠু পরিবেশে কাজ করতে পারেন এবং তাদের কল্যাণ নিশ্চিত হয়।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে ম. চৌধুরীর প্রশ্নঃ আমার বাবা গ্রিনকার্ডধারী হিসেবে বেশ অনেক বছর ধরে বসবাস করেছেন। আমার বাবা ৭০ উর্ধ্ব বয়সী। আমি আমার সিটিজেনশিপের জন্য আবেদন করতে চাচ্ছি । আমি শুনেছি যে বয়স্ক এবং অসুস্থ ব্যক্তিদের জন্য কিছু সুবিধা আছে। এ ব্যাপারে আপনার পরামর্শ কামনা করছি। আপনারা পরামর্শ পেলে উপকৃত হব এবং কৃতজ্ঞ থাকব।

ম. চৌধুরীর প্রশ্নের উত্তরঃ

ন্যাচারালাইজেশন ইন্টারভিউ এবং মেডিকেল ডিসএ্যাবিলিটি এক্সম্পেসন চেষ্টাঃ

ন্যাচারালাইজেশন ইন্টারভিউ'এর সময় ইউএসসিআইএস কর্মকর্তা আবেদনপত্র এবং ব্যাকগ্রাউন্ড সম্পর্কে প্রশ্ন করবেন। এছাড়া ও ইংরেজি এবং সিভিক জ্ঞান সম্পর্কে প্রশ্ন করা হয়।

ইংরেজি পরীক্ষার সময় অবশ্যই পড়া, লেখা এবং কথাবলাসহ ইংরেজি ভাষা বোঝার মতো দক্ষতা আছে এটাও প্রমাণ করতে হবে।

সিভিক টেস্টের সময় ইউএস গভর্নমেন্ট সম্পর্কে এবং ইতিহাস সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে হয়।

ন্যাচারালাইজেশন আবেদনকারীকে দুটি পরীক্ষাই দিতে হয়। তবে কোন কোন আবেদনকারীর বয়স এবং শারীরিক অবস্থা বিবেচনায় তাদের পরীক্ষা মওকুফ হতে পারে।

শারীরিক অক্ষমতা ব্যতিক্রমের জন্য এন-৬৪৮:

এন-৬৪৮ বা অক্ষমতার জন্য মওকুফ কি?

শারীরিক অক্ষমতার কারণে ব্যতিক্রম প্রমাণের জন্য বা ফরম এন-৬৪৮ কিংবা ইংরেজি পড়তে, লিখতে, না পারার অর্থ ইউএস'এর ইতিহাস এবং জ্ঞানে পাস করার অযোগ্য। এরকম কিছু আবেদনকারীর জন্য শারীরিক অবস্থা বিবেচনায় মেডিকেল টেস্ট রহিত করার অনুমোদন মঞ্জুর হলে আবেদনকারী নিজ ভাষায় প্রশ্নের উত্তর দিতে পারবেন কিংবা তাকে পরীক্ষার দিতে হবে না।



এন-৬৪৮ এর জন্য তিনটি মৌলিক বিষয় লাগবে:

১) ব্যক্তির শারীরিক অক্ষমতা কিংবা অসুবিধা,

২) শারীরিক অবস্থা কমপক্ষে ১২ মাস একই অবস্থা থাকা এবং

৩) অক্ষমতা অথবা অপারগতার জন্য ইংরেজী বা সিভিক জ্ঞান অর্জন করতে না পারা।

আবেদনকারীকে চিকিৎসা ব্যবস্থা প্রমাণ করতে হবে তার অপারগতা সম্পর্কে। এই ফর্ম ডাক্তার দ্বারা পূরণ করতে হবে। বিস্তারিত পরবর্তীতে প্রকাশ করা হবে।

ভিসা বুলেটিন দ্বৈত চার্ট:

আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে আমরা কখনো কখনো ভিসা বুলেটিনে দ্বৈত চার্ট সম্পর্কে লিখে থাকি।

ইউএস স্টেট ডিপার্টমেন্ট পরিবার ভিত্তিক এবং চাকুরি ভিত্তিক ক্যাটাগরিতে পৃথক দুটি চার্ট প্রকাশ করে থাকে।একটি চার্ট ফাইনাল এ্যাকশন হিসেবে ব্যবহৃত হয়। এই চার্ট টিকে চার্ট 'এ' বলা হয়। এই বলা ক্যাটাগরিতে একজন আবেদনকারীর গ্রীন কার্ড অথবা ভিসা প্রকৃতপক্ষে কখন অনুমোদন লাভ করতে পারে তার ইঙ্গিত পাওয়া যায়। আর দ্বিতীয় চার্টটি হচ্ছে ন্যাশনাল ভিসা সেন্টারের সাক্ষাৎকারের জন্য চূড়ান্তভাবে ফাইল করার জন্য। এই চার্টটিকে সাধারণত চার্ট 'বি' বলা হয়। প্রকৃতপক্ষে এটাই আসল তারিখ।

চার্ট 'বি' ভিসা হচ্ছে ভিসা আবেদনের ফাইল ফাইনাল করার ইঙ্গিত দেয়। ইউএস ডিপার্টমেন্টের ওয়েব সাইটে প্রতি মাসে ফ্যামিলি ভিত্তিক এবং চাকুরি ভিত্তিক অগ্রাধিকারের উভয় চার্টই প্রকাশ করা হয়ে থাকে।

এই বিভাগের মাধ্যমে প্রতি সপ্তাহে ভিসা বুলেটিন প্রকাশ করা হয়ে থাকে ।

জানুয়ারি ২০২৬ ভিসা বুলেটিন ঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জানুয়ারি ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জানুয়ারি ২০২৬'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশ ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর তাতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে ঐ তারিখের পূর্বে।

জানুয়ারি ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে কোন অগ্রগতি নেই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ

প্রথমঃ (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা: নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তানঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জানুয়ারি ০৮ ২০০৮।

পরিবারভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্ক জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

প্রতি সপ্তাহে আপনাদের জন্যে আমরা যে পরামর্শ দিয়ে থাকি তা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অথবা প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নির সাথে আলোচনা করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।



Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী



মাছরাঙার চোখ
মনজু রহমান

তোর নদীর নাভীতে মাছরাঙার চোখ কাঁপে মধ্য নভেম্বর
কবিতার ঘরে দৃষ্টি মেলে হানা দেয় যখন শিশির প্রপাত
কোনো আনন্দ উল্লাস কিংবা রায়, বিমর্ষ করে না আমাকে।

কারণ আমি কোনো আনন্দ উল্লাসে নেই। নাভীর গভীরে
থাকে যার নখ, তার অংশীজন নই। রাতের রিপুতে আমি
শূন্যতায় নিজেকে ডুবিয়ে রাখি। নিশুতির আলিঙ্গনী চোখ।

ধ্যানের তন্ময় ভাঙে রাতের কাব্যকলি। ছন্দের অভিমান
ভেঙে আঁকি গ্রাফিতির উপমা। নাভীর বারান্দায় যে ঘুমায়
সেই তো শিশির বিন্দুর স্তরে আবৃত কম্পন নীলাভ পঙক্তি।

তুই ছাড়াও লাবণ্য কিশোরীরা মথিত করে রাগ চিত্রমালা
পাহাড়ের ঝর্ণা সমতলে নামে যখন বিপরীত স্রোত যখন
তুই, রাশিচক্রে আমার জাগত ধ্যানে আঁকা উলঙ্গ নাভী

কবে নাগাদ
দিলীপ কির্ত্তুনিয়া

কবে নাগাদ এই কষ্টের কাছ থেকে
আনন্দের কাছে যেতে পারবো
জানি না।

ঘরে ফেরার ঠিকানা খুঁজে পাই
তোমার চোখে ফেরার
ঠিকানা খুঁজে পাই না।

ফুলগুলি ফুটে আছে
তার পাশে শুকনো পাতার ভীড়
ধূমল ধূসর আজ বর্ণশ্রেষ্ঠ।

একার সন্ন্যাস
হাদিউল ইসলাম

দেহ থেকে সরে যাওয়া প্রেম
নিম গাছ হয়ে আছে
পথে আসা যাওয়া করছে কতো না মানুষ
রোগাক্রান্ত সব
ছিঁড়ে নিচ্ছে, ভেঙে নিচ্ছে
প্রেম তবু বেঁচেবর্তে আছে একার সন্ন্যাস

খোজাদের পাহারায় দেহ, সন্দেহ প্রধান
মন তবু গান হয়ে ভাঙছে সীমানা তাবৎ

ওগো প্রিয়তমা
শ্যামল বনিক অঞ্জন

তোমার হৃদয়ে লেখা গীতিকবিতার সুরকার হবো আমি,
মনের মাধুরীতে বাদ্যযন্ত্রের তালে-
ধীরে ধীরে সিম্ফনির মুর্ছনায় বিমোহিত হবে তুমি।
ভুলে যাবে জীবনের যন্ত্রণাময় অধ্যায়টি,
হাহাকার, শূণ্যতা, ফেলে আসা কন্টকময় পথ,
আর সকল অপ্রাপ্তির হিসেব।

ওগো প্রিয়তমা,
তোমার হৃদয় ডায়েরীতে জমানো ব্যথার সুরকারও হতে চাই,
সুরের ইন্দ্রজালে তোমার কষ্টগুলো ঝরে লোটাবে মাটিতে,
বসন্ত এসে কড়া নাড়বে তোমার মনের মণিকোঠায়।
পূর্নিমার আলো গায়ে মেখে-
মৃদু বাতাস ফিসফিস করে বলবে;
ভালোবাসি তোমায়।

অন্তর যাত্রা
আলম মাহবুব

তোমার তুমি আমার হলো না
উড়তে উড়তে ঘুরতে ঘুরতে সময় গেল
চোখে চোখে চোখ রেখে
সময়ের পিঁড়িতে আর বসা হলো না।

আগুন জ্বলেছে
রুদ্র বৈশাখ ভেঙ্গেছে বৃক্ষডাল
বিরহী যক্ষের বসন্ত তবু আর আসে না।

তোমার না হয় এক আকাশ আলো
রাত্রির গভীরতা আমার
শূন্যতায় ঝরা পাতার নিঃশব্দ কোলাহল

তোমার অন্তরেই তবু যাত্রা আমার নিরন্তর।

অস্তিত্বের শব্দমালা
হাসান নাজমুল

'মুক্তিযুদ্ধ' বাঙালির সবচেয়ে শক্তিশালী শব্দ
অভিধানের সমস্ত শব্দের চেয়েও মজবুত;

'মুক্তিযোদ্ধা' শ্রদ্ধার প্রতীক
সমস্ত বোদ্ধার বাতিঘর;

'একাত্তর' সবচেয়ে শক্তিশালী অব্দ;
সমস্ত সংখ্যার চেয়ে ভারী;

'ডিসেম্বর' বাঙালির বিজয়ের মাস,
উল্লাসের চূড়ান্ত সময়;

'বিজয়' শব্দটি বাঙালির আনন্দ-প্রতীক
সুখ ও হাসির অনিন্দ্য আশ্রয়;

'স্বাধীনতা' বাঙালির অর্জিত ঐশ্বর্য
রক্তমিশ্রিত মহান শব্দ;

'শহিদ' শব্দটি বাঙালির কাছে প্রিয় ও পবিত্র,
জীবনের বিনিময়ে কেনা।

৪১ জন প্রতিযোগীর অংশগ্রহণে ২য় রাউন্ড সম্পন্ন

শেষ পৃষ্ঠায় পর আয়োজন করা হয়েছে। 'দ্য লাইট অব কোরআন' শিরোনামে ২০২৬ সালের আয়োজনে প্রাথমিক প্রতিযোগিতার ১ম রাউন্ড শেষে ২য় রাউন্ডে ৪১ জন প্রতিযোগি অংশ নেন।

নিউইয়র্ক সিটির লং আইসল্যান্ড সিটির টাইম টিভি ও বাংলা পত্রিকা অফিসের নিজস্ব স্টুডিওতে গত রোববার ৪ জানুয়ারি অনুষ্ঠিত হয় প্রতিযোগিতার ২য় রাউন্ডের প্রতিযোগিতা। এতে বাংলাদেশী বংশোদ্ভুত নতুন প্রজন্মের পাশাপাশি অন্য কমিউনিটির মুসলিম শিশু-কিশোর-কিশোরীদের অংশগ্রহণ ছিলো ব্যাপক। উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত এই পর্বে প্রায় অর্ধশত শিশু-কিশোর-কিশোরী অংশ নেন। ফলে অংশগ্রহনকারী কোরআনের পাখি আর অভিভাবকদের উপস্থিতিতে টাইম টিভি ও বাংলা পত্রিকার বার্তা কক্ষ হয়ে উঠে উৎসবমুখর। নিউইয়র্ক ছাড়াও ট্রাই ষ্টেট কানেকটিকাট থেকেও একাধিক প্রতিযোগী অংশ নেয়। প্রতিযোগিতা চলাকালীন সময়ে টাইম টিভি ও বাংলা পত্রিকার বার্তা কক্ষ এবং স্টুডিওতে জামায়াতে আসর ও মাগরেবের নামায় আদায় করা হয়। এছাড়াও নারীদের জন্য পৃথক নামাজের ব্যবস্থা করা হয়।

শেখ আব্দুল্লাহ রহমানের সঞ্চালনায় প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন ইমাম মুত্তাকী বিল্লাহ, শেখ কাজী ওমর এবং ওস্তাদ রাহাত ইকবাল। সমন্বয়কের দায়িত্ব পালন করেন টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র এডমিন রাশিদা আক্তার। অনুষ্ঠান পরিচালনা, পরিবেশনার সার্বিক দায়িত্বে ছিলেন সামিউল ইসলাম, সাখাওয়াত হোসেন পলাশ, শাহ্ এ সুমন, তাসকিন চৌধুরী ও মাসকাল মাহিন।

রোববার অনুষ্ঠিত হয় ১ ম রাউন্ড থেকে বাছাইকৃত সেকেন্ড গ্রেড থেকে ১২ গ্রেড এর ৪১ জন শিক্ষার্থীর অডিশন প্রতিযোগিতা। এদিনও জোহরের নামাজের পর থেকে শুরু করে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলে এই পর্বের প্রতিযোগিতা। চূড়ান্ত প্রতিযোগিতা আসন্ন রমজান মাসে অনুষ্ঠিত হবে এবং পরবর্তীতে এর দিন-তারিখ জানানো হবে।

প্রতিযোগিতার আয়োজন দেখে এতে অংশগ্রহনকারীদের অভিভাবকরা সন্তোষ প্রকাশ এবং টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র উদ্যোগের প্রশংসা করেন। অভিভাবকদের আগ্রহ থেকে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকার কর্নধার আবু তাহের তাদের আন্তরিক ধন্যবাদ জানান।





















৪১ জন প্রতিযোগীর অংশগ্রহণে ২য় রাউন্ড সম্পন্ন



জামায়াতের বিবৃতি

উদ্দেশ্যমূলকভাবে অনেক যোগ্য প্রার্থীর প্রার্থিতা বাতিল

বাংলা পত্রিকা ডেস্ক: আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থীদের মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ে কোনো কোনো রিটার্নিং অফিসারের কার্যক্রম নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির অভিযোগ, উদ্দেশ্যমূলকভাবে রিটার্নিং অফিসারদের বাড়াবাড়ির কারণে অনেক যোগ্য প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হয়েছে।

গতকাল রবিবার দলটির সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এক বিবৃতিতে এ উদ্বেগের কথা জানান।

বিবৃতিতে তিনি বলেন, সারা দেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিভিন্ন আসনে মনোনয়নপত্র দাখিলের পর এমপি পদপ্রার্থীদের মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের কাজ চলছে। এ সময় কোনো কোনো জেলার রিটার্নিং অফিসারের কার্যক্রমে ভিন্ন ভিন্ন চিত্র দেখা যাচ্ছে। কোনো কোনো জেলায় তুচ্ছ বিষয়কে কেন্দ্র করে প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করা হয়েছে। এমনকি যেসব ক্ষেত্রে রিটার্নিং অফিসারের ব্যক্তিগত এখতিয়ার বা বিবেচনায় ছাড় দেওয়ার সুযোগ ছিল, সেসব ক্ষেত্রেও কঠোর নীতি অনুসরণ করা হয়েছে।

মিয়া গোলাম পরওয়ার আরো বলেন, প্রয়োজনীয় তথ্য-প্রমাণ ও কাগজপত্র দাখিলের পরও উদ্দেশ্যমূলকভাবে প্রার্থিতা বাতিল করা মোটেও সমীচীন নয়।

আইনের দৃষ্টিতে গুরুত্বপূর্ণ নয় এমন অপ্রয়োজনীয় ও অহেতুক বিষয়কে ভিত্তি করে প্রার্থিতা বাতিল করা হয়েছে। তাঁর দাবি, কোনো একটি মহলের ইন্ধনে এসব করা হচ্ছে বলে তাঁদের কাছে প্রতীয়মান হচ্ছে।

বিবৃতিতে তিনি বলেন, এভাবে চলতে থাকলে আগামী জাতীয় সংসদ নির্বাচন কিভাবে অবাধ, নিরপেক্ষ ও স্বচ্ছ হবে তা নিয়ে দেশবাসীর মধ্যে বড় প্রশ্ন দেখা দেবে। তুচ্ছ ও গুরুত্বহীন ঘটনায় যেন কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল না করা হয়, সে বিষয়ে পদক্ষেপ নিতে তিনি প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) প্রতি আহবান জানান।

একই সঙ্গে তুচ্ছ অজুহাতে যাঁদের প্রার্থিতা বাতিল করা হয়েছে, তাঁদের প্রার্থিতা অবিলম্বে বৈধ ঘোষণার জন্য নির্বাচন কমিশনের প্রতিও আহবান জানান তিনি।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine



সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ডায়াবেটিস
- হাইপারটেনশন
- হাই কোলেস্টরল, এজমা
- ইকেজি
- বয়স্ক ভেক্সিনেশান
- হজ্ব ভেক্সিনেশান
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

সম্মানিত বাড়ির মালিকগণ
আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদান বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

নতুন বছর উপলক্ষে ৫০% সেল

১০ হাজার ডলারের রিভেট

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন।





তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকন্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089

GREE MECHANICAL YONKERS
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

শুভ উদ্বোধন

সানম্যান-এর নতুন লোকেশন
29-13 36 Ave, Long Island city, NY-11106

sunman express
global money transfer

সানম্যান এক্সপ্রেস -এর এস্টোরিয়া ব্রাঞ্চের স্থান পরিবর্তন ও নতুন লোকেশনের শুভ উদ্বোধন করতে যাচ্ছি আমরা।

উক্ত উদ্বোধন অনুষ্ঠানে আপনার উপস্থিতি আন্তরিকভাবে কামনা করছি!



8th NOVEMBER| FRIDAY 2:00 PM

718-729-0600

বিনীত নিবেদকঃ
মাসুদ রানা তপন
প্রেসিডেন্ট ও সিইও, সানম্যান গ্লোবাল এক্সপ্রেস



TiME TV PLUS
TV BOX ১৫০+ চ্যানেল

boishakhi tv | ekattor tv | BANGLA VISION | INDEPENDENT | maasranga television | CHANNEL 9 | ntv | CHANNEL i | সময় | একুশে ETV | Rtv | 24 | দীপ্ত DEEPTO TV | দেশ | ATN BANGLA | ATN NEWS | news24 | SA TV | Jamuna tv | DBC

নন-স্টপ বিনোদনকে হ্যালো বলুন





অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মূল্যায়ন/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Congratulations to all our Students who made into Specialized High School

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসা নতুনভাবে বিনিয়োগ যাতে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

আমেরিকায় ১ মিলিয়ন বা তারচেয়ে ও বেশি ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিদেশের এসেটে আপনার বিনিয়োগের অর্থ আমাদের মাধ্যমে সহজে পাঠাতে পারেন।

দেশে কোন জোশপত্তীয় সম্পত্তি/পরিবারের ব্যবস্থা আপনি ও আপনার পরিবার থেকে ভোগ করার সুবিধা নিতে পারেন এবং দুইবছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলামসহ সর্বপ্রকার ক্রিমিনাল এসেট ক্লেইম, পারসোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)



একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit
2021
For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file
